কমিতি। বিদ্যাং জানীয়াম্। তত্ত্বেন যাথার্থ্যেন ॥৩২॥

অহমিতি। মে ময়া যথা উক্তম্, এতৎ তথা কুরুষ ॥৩৩॥

ক্রূরেণেতি। ক্রূরেণ নিষ্ঠুরেণ, অপত্রপসে লজ্জসে ॥৩৪॥

ইহা ছেদন করিতে সমর্থ হইবে না। বিশেষতঃ, আমিও এই সজ্জনবিগর্হিত কার্য্য করিতে পারিব না" ॥৩০॥

ইন্দ্র বলিলেন—"বর্দ্ধকি! তুমি ভয় করিও না; সত্বর আমার এই কথা রাখ। আমার অনুগ্রহে তোমার অস্ত্র বজ্রতুল্য হইবে" ॥৩১॥

বর্দ্ধকি বলিল—"এই দারুণকর্ম্মা আপনি কে? ইহা আমি শুনিতে ইচ্ছা করি; আপনি আমার নিকট যথার্থ বলুন" ॥৩২॥

ইন্দ্র বলিলেন—"বর্দ্ধকি! তুমি জানিয়া রাখ যে, আমি দেবরাজ-ইন্দ্র; অতএব আমি যেমন বলিয়াছি, তেমন কার্য্য কর; এবিষয়ে কোন বিচার করিও না" ॥৩৩॥

বর্দ্ধকি বলিল—"দেবরাজ! আপনি এই নিষ্ঠুর কার্য্যদ্বারা কেন লজ্জিত হইতেছেন না? এই ঋষিপুত্রকে হত্যা করিয়া আপনার কি ব্রহ্মহত্যার ভয়ও হয় নাই?" ॥৩৪॥

ইন্দ্র উবাচ।

পশ্চাদ্ধর্ম্মং চরিষ্যামি পাবনার্থং সুদুশ্চরম্।
শত্রুরেষ মহাবীর্য্যো বজ্রেণ নিহতো ময়া ॥৩৫॥
অদ্যাপি চাহমুদ্বিগ্নস্তক্ষন্নস্মাদ্বিভেমি বৈ।
ক্ষিপ্রং ছিন্ধি শিরাংসি ত্বং করিষ্যেঽহমনুগ্রহং তব ॥৩৬॥
শিরঃ পশোস্তে দাস্যন্তি ভাগং যজ্ঞেষু মানবাঃ।
এষ তেঽনুগ্রহস্তক্ষন্! ক্ষিপ্রং কুরু মম প্রিয়ম্ ॥৩৭॥

শল্য উবাচ।

এতচ্ছ্রুত্বা তু তক্ষা স মহেন্দ্রবচনাত্তদা।
শিরাংস্যথ ত্রিশিরসঃ কুঠারেণাচ্ছিনত্তদা॥৩৮॥
নিকৃত্তেষু ততস্তেষু নিক্রামন্নণ্ডজাস্ত্বথ।
কপিঞ্জলাস্তিত্তিরাশ্চ কলাবঙ্কাশ্চ সংঘশঃ ॥৩৯॥

ভারতকৌমুদী

পশ্চাদিতি। পাবনার্থম্ আত্মনঃ শোধনার্থম্ এতৎপাপক্ষয়ার্থমিত্যর্থঃ ॥৩৫॥
অদ্যেতি। হে তক্ষন্! বর্দ্ধকে! অস্মাৎ ত্রিশিরসঃ ॥৩৬॥
শির ইতি। মানবা যজ্ঞেষু পশোঃ শিরস্তে ভাগং দাস্যন্তি ॥৩৭॥
এতদিতি। স তক্ষা বর্দ্ধকিঃ। শিরাংসি ত্রীণ্যেব ॥৩৮॥
নিকৃত্তেষিতি। নিকৃত্তেষু ছিন্নেষু। নিক্রামন্ নিরক্রামন্, অণ্ডজাঃ পক্ষিণঃ ॥৩৯॥

ইন্দ্র বলিলেন—"আমি পরে আত্মশোধনের জন্য অতিদুষ্কর ধর্ম্ম আচরণ করিব। এই মহাবল অসুর আমার শত্রু; তাই আমি উহাকে বজ্রদ্বারা নিহত করিয়াছি ॥৩৫॥

বর্দ্ধকি! আমি এখনও উদ্বিগ্ন রহিয়াছি এবং উহার ভয় করিতেছি; অতএব সত্বর তুমি উহার মস্তকগুলি ছেদন কর, আমি তোমার প্রতি অনুগ্রহ করিব ॥৩৬॥

বর্দ্ধকি! মানুষেরা যজ্ঞ করিবার সময়ে পশুর মস্তকই তোমাকে তোমার ভাগস্বরূপ দান করিবে। ইহাই তোমার প্রতি আমার অনুগ্রহ; অতএব তুমি সত্বর আমার প্রিয়কার্য্য কর" ॥৩৭॥

শল্য বলিলেন—"তখন সেই বর্দ্ধকি এই কথা শুনিয়া ইন্দ্রের বচন অনুসারে তখনই কুঠারদ্বারা ত্রিশিরার মস্তকগুলি ছেদন করিল ॥৩৮॥

---

(৩৫)...সুদুস্তরম্—পি। (৩৬)...তক্ষংস্তস্মাৎ—প। (৩৯)...নিক্রামন্তি শিরঃস্বথ পি, ...কলবিঙ্কাশ্চ সর্ব্বশঃ—বা ব বা নি।

যেন বেদানধীতে স্ম পিবতে সোমমেব চ।
তস্মাদ্বক্ত্রাদ্বিনিশ্চেরুঃ ক্ষিপ্রং তস্য কপিঞ্জলাঃ ॥৪০॥
যেন সর্ব্বা দিশো রাজন্! পিবন্নিব নিরীক্ষতে।
তস্মাদ্বক্ত্রাদ্বিনিশ্চেরুস্তিত্তিরাস্তস্য পাণ্ডব! ॥৪১॥
যৎ সুরাপস্তু তস্যাসীদ্বক্ত্রং ত্রিশিরসস্তদা।
কলবিঙ্কা বিনিষ্পেতুঃ শ্যেনাশ্চ ভরতর্ষভ! ॥৪২॥
ততস্তেষু নিকৃত্তেষু বিজ্বরো মঘবানথ।
জগাম ত্রিদিবং হৃষ্টস্তক্ষাপি স্বগৃহং যযৌ।
মেনে কৃতার্থমাত্মানং হত্বা শক্রং সুরারিহা ॥৪৩॥
ত্বষ্টা প্রজাপতিঃ শ্রুত্বা শক্রেণাথ হতং সুতম্।
ক্রোধসংরক্তনয়ন ইদং বচনমব্রবীৎ ॥৪৪॥

ভারতকৌমুদী

যেনেতি। যেন বক্ত্রেণ, অধীতে স্ম স ত্রিশিরাঃ, সোমং রসম্ ॥৪০॥
যেনেতি। নিরীক্ষতে স্ম। তস্য ত্রিশিরসঃ ॥৪১॥
যদিতি। সুরাপং সুরাপানকারি। বিনিষ্পেতুঃ নির্জগ্মুঃ ॥৪২॥
তত ইতি। তেষু শিরঃসু, নিকৃত্তেষু ছিন্নেষু, বিজ্বরো নিঃসন্তাপো নিরুদ্বেগ ইত্যর্থঃ। তক্ষা স বর্দ্ধকিঃ। সুরারিহা অসুরহন্তা ইন্দ্রঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৪৩॥
ত্বষ্টেতি। শক্রেণ ইন্দ্রেণ, সুতং নিজপুত্রং ত্রিশিরসম্ ॥৪৪॥

সেই মস্তকগুলি ছিন্ন হইলে, সেগুলি হইতে চাতক, তিত্তিরি এবং চড়ুই পক্ষী সকল দলে দলে নির্গত হইল ॥৩৯॥

ত্রিশিরা যে মুখদ্বারা বেদপাঠ ও সোমপান করিত, তাহার সেই মুখ হইতে সত্বরই চাতকপক্ষী সকল নির্গত হইল ॥৪০॥

রাজা! পাণ্ডুনন্দন! ত্রিশিরা যে মুখদ্বারা সকল দিক্‌ই যেন পান করিতে থাকিয়া নিরীক্ষণ করিত, তাহার সেই মুখ হইতে তিত্তিরিপক্ষী সকল বহির্গত হইল ॥৪১॥

আর ভরতশ্রেষ্ঠ! সেই ত্রিশিরার যে মুখখানা সুরাপান করিত, সেই মুখ হইতে তখন চড়ুই ও শ্যেনপক্ষী সকল নির্গত হইল ॥৪২॥

সেই মস্তকগুলি ছিন্ন হইলে, ইন্দ্র নিরুদ্বেগ ও আনন্দিত হইয়া স্বর্গে চলিয়া গেলেন; বর্দ্ধকিও আপন ভবনে গমন করিল। তৎকালে ইন্দ্র শত্রুবধ করিয়া আপনাকে কৃতার্থ মনে করিয়াছিলেন ॥৪৩॥

---

(৪০)···বক্ত্রাদ্বিনিষ্পেতুঃ—পি। (৪১)···বিনিষ্পেতুস্তিত্তিরাঃ—পি।

ত্বষ্টোবাচ।

তপ্যমানং তপো নিত্যং ক্ষান্তং দান্তং জিতেন্দ্রিয়ম্।
বিনাপরাধেন যতঃ পুত্রং হিংসিতবান্ মম।
তস্মাচ্ছক্রবিনাশায় বৃত্রমুৎপাদয়াম্যহম্ ॥৪৫॥
লোকাঃ পশ্যন্তু মে বীর্য্যং তপসশ্চ বলং মহৎ।
স চ পশ্যতু দেবেন্দ্রো দুরাত্মা পাপচেতনঃ ॥৪৬॥
উপস্পৃশ্য ততঃ ক্রুদ্ধস্তপস্বী সুমহাযশাঃ।
অগ্নৌ হুত্বা সমুৎপাদ্য ঘোরং বৃত্রমুবাচ হ ॥৪৭॥
ইন্দ্রশত্রো! বিবর্দ্ধস্ব প্রভাবাত্তপসো মম।
সোঽবর্দ্ধত দিবং স্তব্ধ্বা সূর্য্যবৈশ্বানরোপমঃ ॥৪৮॥
কিং করোমীতি চোবাচ কালসূর্য্য ইবোদিতঃ।
শক্রং জহীতি চাপ্যুক্তো জগাম ত্রিদিবং ততঃ ॥৪৯॥

ভারতকৌমুদী

তপ্যেতি। ক্ষান্তং ক্ষমাযুক্তম্, দান্তং মনোদমনান্বিতম্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৪৫॥
লোকা ইতি। বীর্য্যং মনসো বলম্। পাপচেতনঃ পাপান্বিতচিত্তঃ ॥৪৬॥
উপেতি। উপস্পৃশ্য আচম্য, "উপস্পর্শস্ত্বাচমনম্" ইত্যমরঃ ॥৪৭॥
ইন্দ্রেতি। হে ইন্দ্রশত্রো! বৃত্র!। স্তব্ধ্বা আক্রম্য ॥৪৮॥

এদিকে ইন্দ্র আপন পুত্র ত্রিশিরাকে বধ করিয়াছেন, ইহা শুনিয়া ত্বষ্টা প্রজাপতি ক্রোধে আরক্তনয়ন হইয়া এই কথা বলিলেন ॥৪৪॥

ত্বষ্টা বলিলেন—"আমার পুত্র ত্রিশিরা তপস্যা করিতেছিল এবং সর্ব্বদাই ক্ষমাশীল, চিত্তদমনকারী ও জিতেন্দ্রিয় ছিল; এই অবস্থায় ইন্দ্র যখন বিনা অপরাধে তাহাকে বধ করিয়াছে; তখন ইন্দ্রবধের জন্য আমি 'বৃত্র'-নামক পুত্র উৎপাদন করিব ॥৪৫॥

জগতের লোক আমার মনের বল ও তপস্যার গুরুতর বল দর্শন করুক এবং দুরাত্মা ও পাপচিত্ত ইন্দ্রও দেখুক" ॥৪৬॥

তাহার পর তপস্বী ও মহাযশা ত্বষ্টা প্রজাপতি ক্রুদ্ধ হইয়া আচমনপূর্ব্বক অগ্নিতে আহুতি দিয়া ভয়ঙ্কর বৃত্রাসুরকে উৎপাদন করিয়া তাহাকে বলিলেন—॥৪৭॥

"ইন্দ্রশত্রু! তুমি আমার তপস্যার প্রভাবে বৃদ্ধি লাভ কর"। তখন অগ্নি ও সূর্য্যের তুল্য তেজস্বী বৃত্রাসুর আকাশ আক্রমণ করিয়া বৃদ্ধি পাইল ॥৪৮॥

---

(৪৫)...অনপরাধিনং যস্মাৎ...তস্মাচ্ছক্রবধার্থায়—পি।

ততো যুদ্ধং সমভবদ্‌বৃত্রবাসবয়োর্মহৎ ।
সংক্রুদ্ধয়োর্মহাঘোরং প্রসক্তং কুরুসত্তম ! ॥৫০॥
ততো জগ্রাহ দেবেন্দ্রং বৃত্রো বীরঃ শতক্রতুম্ ।
অপাবৃত্যাক্ষিপদ্বক্ত্রে শক্রং কোপসমন্বিতঃ ॥৫১॥
গ্রস্তে বৃত্রেণ শক্রে তু সংভ্রান্তাস্ত্রিদশেশ্বরাঃ ।
অসৃজংস্তে মহাসত্ত্বা জৃম্ভিকাং বৃত্রনাশিনীম্ ॥৫২॥
বিজৃম্ভমাণস্য ততো বৃত্রস্যাস্যাদপাবৃতাৎ ।
স্বান্যঙ্গান্যভিসংক্ষিপ্য নিষ্ক্রান্তো বলনাশনঃ ॥৫৩॥

ভারতকৌমুদী

কিমিতি। উবাচ স বৃত্র ইত্যনুবৃত্তিঃ, উক্তঃ ত্বষ্ট্রা ॥৪৯॥

তত ইতি। প্রসক্তং প্রবৃত্তম্। কুরুসত্তম ! যুধিষ্ঠির ! ॥৫০॥

তত ইতি। অপাবৃত্য ব্যাদায় ॥৫১॥

গ্রস্ত ইতি। শক্রে বৃত্রেণ গ্রস্তে সতি তু, মহাসত্ত্বা মহাপ্রভাবাঃ, তে ত্রিদশেশ্বরাঃ, সম্ভ্রান্তা উদ্বেগেন ব্যস্তচিত্তাঃ সন্তঃ, বৃত্রনাশিনীং তৎপ্রভাবনাশিনীং জৃম্ভিকামসৃজৎ ॥৫২॥

ভারতভাবদীপঃ

ভবিষ্যতি নঙ্ক্ষ্যতি ॥৩০—৪৬॥ উপস্পৃশ্য আচম্য ॥৪৭—৫০॥ অপাবৃত্য মুখং সম্প্রসার্য্য ॥৫১—৫৯॥

ইতি শ্রীমহাভারতে উদযোগপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে নবমোঽধ্যায়ঃ ॥৯॥

এবং প্রলয়কালের সূর্য্যের ন্যায় উদিত সেই বৃত্রাসুর বলিল—"আমি কি করিব"। ত্বষ্টা বলিলেন—"ইন্দ্রকে বধ কর"। তাহার পর বৃত্রাসুর স্বর্গে গমন করিল ॥৪৯॥

কৌরবশ্রেষ্ঠ ! তাহার পর অত্যন্ত ক্রুদ্ধ ইন্দ্র ও বৃত্রাসুরের অতি ভয়ঙ্কর ও গুরুতর যুদ্ধ হইতে লাগিল ॥৫০॥

তখন মহাবীর বৃত্রাসুর ক্রুদ্ধ হইয়া দেবরাজ শতক্রতু ইন্দ্রকে ধরিল এবং মুখ-ব্যাদানপূর্ব্বক তাহার ভিতরে ইন্দ্রকে নিক্ষেপ করিল ॥৫১॥

বৃত্রাসুর ইন্দ্রকে গ্রাস করিলে, মহাপ্রভাবশালী প্রধান দেবতারা উদ্বেগে অস্থির হইয়া বৃত্রের প্রভাবনাশক জৃম্ভণ (হাইতোলা) সৃষ্টি করিলেন ॥৫২॥

তখন বৃত্রাসুর জৃম্ভণ করিতে (হাই তুলিতে) থাকায় যেই তাহার মুখ প্রসারিত হইল, অমনি ইন্দ্র আপন অঙ্গ সকল সঙ্কুচিত করিয়া তাহার মুখ হইতে নির্গত হইলেন ॥৫৩॥

---

(৫০)...বৃত্রবাসবয়োস্তদা—পি।

ততঃ প্রভৃতি লোকেষু জৃম্ভিকা প্রাণসংশ্রিতা।
জহৃষুশ্চ সুরাঃ সর্ব্বে দৃষ্ট্বা শক্রং বিনিঃসৃতম্ ॥৫৪॥
ততঃ প্রববৃতে যুদ্ধং বৃত্রবাসবয়োঃ পুনঃ।
সংরব্ধয়োস্তদা ঘোরং সুচিরং ভরতর্ষভ ! ॥৫৫॥
যদা ব্যবর্দ্ধত রণে বৃত্রো বলসমন্বিতঃ।
ত্বষ্টুস্তেজোবলাবিদ্ধস্তদা শক্রো ন্যবর্ত্তত ॥৫৬॥
নিবৃত্তে চ তদা দেবা বিষাদমগমন্ পরম্।
সমেত্য সহ শক্রেণ ত্বষ্টুস্তেজোবিমোহিতাঃ ॥৫৭॥
অমন্ত্রয়স্ত তে সর্ব্বে মুনিভিঃ সহ ভারত !।
কিং কার্য্যমিতি বৈ রাজন্ ! বিচিন্ত্য ভয়মোহিতাঃ ॥৫৮॥

ভারতকৌমুদী

বিজ স্তেতি। আস্যান্মুখাৎ, অপাবৃতাৎ প্রসারিতাৎ। অভিসংক্ষিপ্য সঙ্কোচ্য ॥৫৩॥
তত ইতি। জৃম্ভিকা জৃম্ভণম্, প্রাণসংশ্রিতা লোকানাং প্রাণবায়ুবলম্বিনী ॥৫৪॥
তত ইতি। সংরব্ধয়োঃ অতীবক্রুদ্ধয়োঃ ॥৫৫॥
যদেতি। ত্বষ্টুঃ প্রজাপতেঃ তেজোবলেন আবিদ্ধ আবিষ্টঃ ॥৫৬॥
নিবৃত্ত ইতি। শক্রে নিবৃত্তে চ সতি। সমেত্য মিলিত্বা ॥৫৭॥
অমন্ত্রয়ন্তেতি। তে দেবাঃ। কার্য্যম্ ইদানীং কর্ত্তব্যম্ ॥৫৮॥

তদবধি জগতে জৃম্ভিকা (হাইতোলা) প্রাণবায়ু অবলম্বন করিয়া রহিয়াছে। তাহার পর দেবতারা সকলে ইন্দ্রকে নির্গত দেখিয়া আনন্দিত হইলেন ॥৫৪॥

ভরতশ্রেষ্ঠ! তাহার পর তখনই আবার অত্যন্ত ক্রুদ্ধ ইন্দ্র ও বৃত্রাসুরের ভয়ঙ্কর যুদ্ধ প্রবৃত্ত হইয়া দীর্ঘকাল চলিতে লাগিল ॥৫৫॥

স্বভাবতঃ বলবান্ বৃত্রাসুর যখন ত্বষ্টার তেজোবলে আবিষ্ট হইয়া যুদ্ধে বিশেষ বৃদ্ধি পাইল, তখন ইন্দ্র নিবৃত্তি পাইলেন ॥৫৬॥

ইন্দ্র নিবৃত্তি পাইলে, ত্বষ্টার তেজে বিমোহিত দেবতারা তখন ইন্দ্রের সহিত মিলিত হইয়া অত্যন্ত বিষণ্ণ হইলেন ॥৫৭॥

ভরতনন্দন রাজা! 'এখন আমাদের কি কর্ত্তব্য' এইরূপ চিন্তা করিয়া ভয়মোহিত দেবতারা সকলে মুনিগণের সহিত মিলিত হইয়া মন্ত্রণা করিতে লাগিলেন ॥৫৮॥

---

(৫৪)...প্রাণসংস্থিতা—পি°।

জগ্মুঃ সর্ব্বে মহাত্মানং মনোভির্বিষ্ণুমব্যয়ম্।
উপবিষ্টা মন্দরাগ্রে সর্ব্বে বৃত্রবধেচ্ছবঃ ॥৫৯॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামুদ্‌যোগপর্ব্বণি সঞ্জয়যানে বৃত্রবাসবযুদ্ধে নবমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

দশমোঽধ্যায়ঃ।

—:*:—

ইন্দ্র উবাচ।

সর্ব্বং ব্যাপ্তমিদং দেবা বৃত্রেণ জগদব্যয়ম্।
নহ্যস্য সদৃশং কিঞ্চিৎ প্রতিঘাতায় যদ্ভবেৎ ॥১॥
সমর্থো হ্যভবং পূর্ব্বমসমর্থোঽস্মি সাম্প্রতম্।
কথং নু কুর্য্যাং ভদ্রং বো দুর্দ্ধর্ষঃ স হি মে মতঃ ॥২॥

ভারতকৌমুদী

জগ্মুরিতি। জগ্মুঃ সম্যক্‌, সর্ব্বে দেবাঃ। অব্যয়মবিনশ্বরম্। সর্ব্বে মুনয়শ্চ ॥৫৯॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামুদ্‌যোগপর্ব্বণি সঞ্জয়যানে নবমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

সর্ব্বমিতি। হে দেবাঃ! বৃত্রেণ ইদং সর্ব্বমেব জগৎ, অব্যয়ং নির্বিঘ্নং যথা স্যাত্তথা, ব্যাপ্তম্ আক্রান্তম্ আয়ত্তীকৃতমিতি যাবৎ। অস্য বৃত্রস্য প্রতিঘাতায় বিনাশায় যৎ সমর্থং ভবেৎ, তাদৃশং সদৃশমুপযুক্তমস্ত্রং কিঞ্চিদপি নহি পশ্যামি ॥১॥

সমর্থ ইতি। অসমর্থোঽস্মি ত্বষ্টুঃ প্রভাবাৎ। কথং কেন প্রকারেণ, ভদ্রং শুভম্ ॥২॥

ক্রমে দেবতারা ও মুনিরা সকলে বৃত্রাসুরকে বধ করিবার ইচ্ছায় মন্দরপর্ব্বতের উপরে উপবিষ্ট হইয়া মনে মনে অবিনশ্বর ও মহাত্মা বিষ্ণুকে স্মরণ করিলেন” ॥৫৯॥

—:*:—

ইন্দ্র বলিলেন—“দেবগণ! বৃত্রাসুর এই সমগ্র জগৎটাকেই নির্বিঘ্নে অধিকার করিয়াছে; কিন্তু যে অস্ত্র ইহার বিনাশের উপযোগী হইতে পারে, এমন অস্ত্র দেখিতেছি না ॥১॥

---

(৫৯)…বৃত্রবধেপ্সবঃ—বা ব য় নি। (২)…দুরাধর্ষঃ স মে মতঃ—পি।

তেজস্বী চ মহাত্মা চ যুদ্ধে চামিতবিক্রমঃ।
গ্রসেত্ত্রিভুবনং সর্ব্বং সদেবাসুরমানবম্ ॥৩॥
তস্মাদ্বিনিশ্চয়মিমং শৃণুধ্বং ত্রিদিবৌকসঃ।
বিষ্ণোঃ ক্ষয়মুপাগম্য সমেত্য চ মহাত্মনা।
তেন সংমন্ত্র্য বেৎস্যামো বধোপায়ং দুরাত্মনঃ ॥৪॥
শল্য উবাচ।
এবমুক্তে মঘবতা দেবাঃ সর্ষিগণাস্তদা।
শরণ্যং শরণং দেবং জগ্মুর্বিষ্ণুং মহাবলম্ ॥৫॥
ঊচুশ্চ সর্ব্বে দেবেশং বিষ্ণুং বৃত্রভয়াৰ্দ্দিতাঃ।
ত্রয়ো লোকাস্ত্বয়াক্রান্তাস্ত্রিভির্বিক্রমণৈঃ পুরা ॥৬॥

ভারতকৌমুদী

তেজস্বীতি। তেজস্বী তপঃপ্রভাবশালী, পিতুস্তপঃপ্রভাবেণৈবেতি ভাবঃ ॥৩॥
তস্মাদিতি। ক্ষয়ং ভবনম্। সমেত্য মিলিত্বা, মহাত্মনা বিষ্ণুনা। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৪॥
এবমিতি। মঘবতা ইন্দ্রেণ। ঋষিগণেন সহেতি সর্ষিগণাঃ ॥৫॥

ভারতভাবদীপঃ

সর্ব্বমিতি ॥১—৩॥ ক্ষয়ং গৃহম্। "নিলয়াপচয়ৌ ক্ষয়ৌ" ইত্যমরঃ ॥৪—৫৩॥
ইতি শ্রীমহাভারতে উদ্‌যোগপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে দশমোঽধ্যায়ঃ ॥১০॥

আমি পূর্ব্বে উহার সহিত যুদ্ধে সমর্থ হইতাম; কিন্তু এখন আর সমর্থ হইতেছি না। কারণ, আমার মতে সে বৃত্রাসুর দুর্দ্ধর্ষই বটে; অতএব আমি কি প্রকারে আপনাদের মঙ্গল করিব ॥২॥

বৃত্রাসুর তেজস্বী, মহাত্মা ও অসাধারণ বিক্রমশালী; সুতরাং সে—দেবতা, অসুর ও মানবগণের সহিত সমস্ত ত্রিভুবনই গ্রাস করিতে পারে ॥৩॥

অতএব দেবগণ! আপনারা আমার এই স্থির পরামর্শ শ্রবণ করুন; আমরা সকলে বিষ্ণুর ভবনে যাইয়া সেই মহাত্মার সহিত মিলিত হইয়া এবং তাঁহার সহিত মন্ত্রণা করিয়া দুরাত্মা বৃত্রাসুরের বধের উপায় জানিব" ॥৪॥

শল্য বলিলেন—"ইন্দ্র এইরূপ বলিলে, তখনই দেবগণ ঋষিগণের সহিত মিলিত হইয়া যাইয়া শরণাগতহিতৈষী, জগতের আশ্রয় ও মহাবল ভগবান্ বিষ্ণুর শরণাগত হইলেন ॥৫॥

---

(৩)...সদেবাসুরমানুষম্—বা ব রা নি। (৫)...সদেবর্ষিগণাস্তদা—পি। (৬)...সর্ব্বদেবেশম্ ...বিক্রমণৈস্তদা—পি।

অমৃতং চাহৃতং বিষ্ণো! দৈত্যাশ্চ নিহতা রণে।
বলিং বদ্ধ্বা মহাদৈত্যং শক্রো দেবাধিপঃ কৃতঃ ॥৭॥
ত্বং প্রভুঃ সর্ব্বলোকানাং ত্বয়া সর্ব্বমিদং ততম্।
ত্বং হি দেবো মহাদেবঃ সর্ব্বদেবনমস্কৃতঃ ॥৮॥
গতির্ভব ত্বং দেবানাং সেন্দ্রাণামমরোত্তম!।
জগদ্ব্যাপ্তমিদং সর্ব্বং বৃত্রেণাসুরসূদন! ॥৯॥

বিষ্ণুরুবাচ।

অবশ্যং করণীয়ং মে ভবতাং হিতমুত্তমম্।
তস্মাদুপায়ং বক্ষ্যামি যথাসৌ ন ভবিষ্যতি ॥১০॥
গচ্ছধ্বং সর্ষিগন্ধর্ব্বা যত্রাসৌ বিশ্বরূপধৃক্।
সাম তস্য প্রযুঞ্জধ্বং তত এনং বিজেষ্যথ ॥১১॥

ভারতকৌমুদী

উচুরিতি। বিক্রমণৈঃ পাদক্ষেপৈঃ, পুরা বলিবিজয়কালে ॥৬॥
অমৃতমিতি। আহৃতং সমুদ্রমন্থনাৎ পরম্ অসুরেভ্যো দেবার্থে আনীতম্ ॥৭॥
ত্বমিতি। ইদং জগৎ, ততং ব্যাপ্তম্। মহাদেবো দেবশ্রেষ্ঠঃ ॥৮॥
গতিরিতি। গতিরুপায়ঃ। ব্যাপ্তমধিকৃতম্ ॥৯॥
অবশ্যমিতি। অবশ্যং করণীয়ম্, মদ্ভক্তত্বাৎ। ন ভবিষ্যতি বিনঙ্ক্ষ্যতীত্যর্থঃ ॥১০॥
গচ্ছধ্বমিতি। বিশ্বরূপধৃক্, কামরূপত্বাৎ। সাম সান্ত্বনয়বচনম্ ॥১১॥

এবং বৃত্রভয়ে পীড়িত দেবতারা সকলে দেবাধিপতি বিষ্ণুকে বলিলেন—"ভগবন্! আপনি পূর্ব্বে তিন পাদক্ষেপে ত্রিভুবন আক্রমণ করিয়াছিলেন ॥৬॥

বিষ্ণু! আপনি অমৃত আহরণ করিয়াছিলেন, যুদ্ধে দৈত্যগণকে বধ করিয়াছিলেন এবং মহাদৈত্য বলিকে বন্ধন করিয়া ইন্দ্রকে দেবরাজ করিয়াছিলেন ॥৭॥

আপনি সমস্ত জগতের প্রভু, আপনি এই সমগ্র জগৎটাকে ব্যাপ্ত করিয়া রহিয়াছেন এবং আপনিই প্রকৃত দেবতা ও সর্ব্বদেবনমস্কৃত মহাদেবতা ॥৮॥

হে দেবশ্রেষ্ঠ! আপনি ইন্দ্রপ্রভৃতি দেবগণের উপায় হউন। হে অসুরসূদন! বৃত্রাসুর এই সমগ্র জগৎটাকে অধিকার করিয়াছে" ॥৯॥

বিষ্ণু বলিলেন—"দেবগণ। তোমাদের উত্তম হিত করা আমার অবশ্য কর্ত্তব্য; অতএব যাহাতে বৃত্রাসুর বিনষ্ট হয়, সে উপায় আমি বলিব ॥১০॥

যেখানে ঐ কামরূপী বৃত্রাসুর রহিয়াছে, তোমরা ঋষিগণ ও গন্ধর্ব্বগণের

(৮)…সর্ব্বদেবানাম্…মহাদেব।—বা ব রা নি।

ভবিষ্যতি জয়ো দেবাঃ! শক্রস্য মম তেজসা।
অদৃশ্যশ্চ প্রবেক্ষ্যামি বজ্রে হ্যস্যায়ুধোত্তমে ॥১২॥
গচ্ছধ্বমৃষিভিঃ সার্দ্ধং গন্ধর্ব্বৈশ্চ সুরোত্তমাঃ!।
বৃত্রস্য সহ শক্রেণ সন্ধিং কুরুত মা চিরম্ ॥১৩॥

শল্য উবাচ।

এবমুক্তে তু দেবেন ঋষয়স্ত্রিদশাস্তথা।
যযুঃ সমেত্য সহিতাঃ শক্রং কৃত্বা পুরঃসরম্ ॥১৪॥
সমীপমেত্য চ তদা সর্ব্ব এব মহৌজসঃ।
তং তেজসা প্রজ্বলিতং প্রতপন্তং দিশো দশ ॥১৫॥
গ্রসন্তমিব লোকাংস্ত্রীন্ সূর্য্যাচন্দ্রমসৌ যথা।
দদৃশুস্তে ততো বৃত্রং শক্রেণ সহ দেবতাঃ ॥১৬॥ (যুগ্মকম্)
ঋষয়োঽথ ততোঽভ্যেত্য বৃত্রমূচুঃ প্রিয়ং বচঃ।
ব্যাপ্তং জগদিদং সর্ব্বং তেজসা তব দুর্জ্জয়! ॥১৭॥

ভারতকৌমুদী

ভবিষ্যতীতি। অস্য শক্রস্য আয়ুধোত্তমে বজ্রে অদৃশ্যঃ প্রবেক্ষ্যামি ॥১২॥

গচ্ছধ্বমিতি। মা চিরং ন বিলম্বং কুরুত ॥১৩॥

এবমিতি। দেবেন বিষ্ণুনা। সমেত্য সঙ্গম্য সহিতা মিলিতাঃ ?.ঃ ॥১৪॥

সমীপমিতি। মহৌজসো বৃত্রস্য সমীপমিতি সম্বন্ধঃ। সূর্য্যাচন্দ্রমসৌ যথা, তথা তেজসা প্রজ্বলিতমিত্যন্বয়ঃ। তে দেবতা ইত্যভিধেয়লিঙ্গত্বং তচ্ছন্দস্য ॥১৫—১৬॥

সহিত সেইখানে যাও, যাইয়া বৃত্রাসুরের অনুনয় কর, তাহাতেই উহাকে জয় করিতে পারিবে ॥১১॥

দেবগণ! আমার প্রভাবে ইন্দ্রের জয় হইবে। কারণ, আমি অদৃশ্যভাবে ইন্দ্রের অস্ত্রশ্রেষ্ঠ বজ্রের ভিতরে প্রবেশ করিব ॥১২॥

অতএব দেবশ্রেষ্ঠগণ! তোমরা ঋষিগণ ও গন্ধর্ব্বগণের সহিত যাও, যাইয়া ইন্দ্রের সহিত বৃত্রাসুরের সন্ধি করাও, বিলম্ব করিও না” ॥১৩॥

শল্য বলিলেন—“বিষ্ণু এইরূপ বলিলে, দেবগণ ও ঋষিগণ সম্মিলিত হইয়া দেবরাজকে অগ্রবর্ত্তী করিয়া বৃত্রাসুরের নিকট গমন করিলেন ॥১৪॥

তৎপরে ইন্দ্রের সহিত সেই দেবতারা সকলেই তখন মহাতেজা বৃত্রাসুরের নিকটে যাইয়া তেজে চন্দ্র ও সূর্য্যের ন্যায় উজ্জ্বল, দশ দিকেরই সন্তাপজনক এবং ত্রিভুবনকেই যেন গ্রাস করিতে প্রবৃত্ত বৃত্রাসুরকে দর্শন করিলেন ॥১৫—১৬॥

---

(১২) ভবিষ্যতি গতির্দেবাঃ!—পি। (১৫) সমীপমেত্য চ যদা—বা ব ব নি।

ন চ শক্নোষি নির্জেতুং বাসবং ভূরিবিক্রমম্ ।
যুধ্যতোশ্চাপি বাং কালো ব্যতীতঃ সুমহানিহ ।
পীড্যন্তে চ প্রজাঃ সর্ব্বাঃ সদেবাসুরমানুষাঃ ॥১৮॥
সখ্যং ভবতু তে বৃত্র ! শক্রেণ সহ নিত্যদা ।
অবাপ্স্যসি সুখং ত্বঞ্চ শক্রলোকাংশ্চ শাশ্বতান্ ॥১৯॥
ঋষিবাক্যং নিশম্যাথ বৃত্রঃ স তু মহাবলঃ ।
উবাচ তানৃষীন্ সর্ব্বান্ প্রণম্য শিরসাঽসুরঃ ॥২০॥
সর্ব্বে যূয়ং মহাভাগা গন্ধর্ব্বাশ্চৈব সর্ব্বশঃ ।
যদ্‌ব্রূথ তচ্ছ্রুতং সর্ব্বং মমাপি শৃণুতানঘাঃ ! ॥২১॥
সন্ধিঃ কথং বৈ ভবিতা মম শক্রস্য চোভয়োঃ ।
তেজসোর্হি দ্বয়োর্দেবাঃ ! সখ্যং বৈ ভবিতা কথম্ ॥২২॥

ভারতকৌমুদী

ঋষয় ইতি । ততঃ সমবায়স্থানাৎ । প্রিয়ং স্তুতিসূচকত্বাদিতি ভাবঃ ॥১৭॥
নেতি । বাসবমিন্দ্রম্ । যুধ্যতোর্যুধ্যমানয়োঃ, বাং যুবয়োঃ । ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১৮॥
সখ্যমিতি । শাশ্বতান্ অবিনশ্বরান্ । এতেন সন্ধৌ স্বর্গসমর্পণং সূচিতম্ ॥১৯॥
ঋষীতি । প্রণম্য, তপস্বিতয়া মাননীয়ত্বাদিত্যাশয়ঃ ॥২০॥
সর্ব্ব ইতি । মমাপি বচনমিতি শেষঃ । হে অনঘাঃ ! নিষ্পাপাঃ ! ॥২১॥

তাহার পর ঋষিরা নিকটে যাইয়া বৃত্রাসুরকে এই প্রিয়বাক্য বলিলেন—"দুর্জ্জয় বৃত্র ! আপনার তেজে এই সমস্ত জগৎটা ব্যাপ্ত হইয়াছে ॥১৭॥

কিন্তু তথাপি আপনি, মহাবিক্রমশালী ইন্দ্রকে জয় করিতে পারিতেছেন না। অথচ যুধ্যমান অবস্থায় আপনাদের অতিদীর্ঘকাল অতীত হইয়াছে এবং তাহাতে দেবগণ, অসুরগণ ও মানুষগণের সহিত সকল প্রাণীই পীড়িত হইতেছে ॥১৮॥

অতএব বৃত্র ! ইন্দ্রের সহিত আপনার চিরকালস্থায়ী সখ্য হউক । তাহাতে আপনি সুখও পাইবেন এবং অবিনশ্বর স্বর্গলোকও লাভ করিবেন" ॥১৯॥

তদনন্তর মহাবল বৃত্রাসুর ঋষিগণের সেই বাক্য শুনিয়া মস্তকদ্বারা সেই সকল ঋষিকেই প্রণাম করিয়া বলিল— ॥২০॥

"হে নিষ্পাপ ঋষিগণ ! আপনারা ও গন্ধর্ব্বেরা সকলেই মহাত্মা ; সুতরাং আপনারা যাহা বলিলেন, সে সমস্তই শুনিলাম ; এখন আমার কথাও শুনুন ॥২১॥

---

(১৮)···বাসবং বলিনাং বর !—বা ব য়া নি ।

ঋষয় ঊচুঃ।

সকৃৎ সতাং সঙ্গতং লিপ্সিতব্যং ততঃ পরং ভবিতা ভব্যমেব।
নাতিক্রামেৎ সৎপুরুষেণ সঙ্গতং তস্মাৎ সতাং সঙ্গতমীপ্সিতব্যম্ ॥২৩॥
দৃঢ়ং সতাং সঙ্গতঞ্চাপি নিত্যং ব্রূয়াচ্চার্থং হ্যর্থকৃচ্ছ্রেষু ধীরঃ।
মহার্থবৎ সৎপুরুষেণ সঙ্গতং তস্মাৎ সন্তং ন জিঘাংসেত ধীরঃ ॥২৪॥
ইন্দ্রঃ সতাং সম্মতশ্চ নিবাসশ্চ মহাত্মনাম্।
সত্যবাদী হ্যনিন্দ্যশ্চ ধর্ম্মবিৎ সূক্ষ্মনিশ্চয়ঃ ॥২৫॥
তেন তে সহ শক্রেণ সন্ধির্ভবতু শাশ্বতঃ।
এবং বিশ্বাসমাগচ্ছ মা তে ভূদ্‌বুদ্ধিরন্যথা ॥২৬॥

ভারতকৌমুদী

সন্ধিরিতি। তেজসোস্তেজস্বিনোঃ। উভয়োরপি জিগীষুত্বাদিত্যাশয়ঃ ॥২২॥
সকৃদিতি। সকৃৎ একবারমপি, সঙ্গতং সম্মেলনম্। ভব্যং মঙ্গলম্ ॥২৩॥
দৃঢ়মিতি। নিত্যং চিরস্থায়ি, অর্থং প্রয়োজনম্। মহার্থবৎ মহাপ্রয়োজনসাধকম্ ॥২৪॥
ইন্দ্র ইতি। সতাং মধ্যে সম্মতো গণিতঃ। সূক্ষ্মনিশ্চয়ঃ সূক্ষ্মবুদ্ধিঃ ॥২৫॥
তেনেতি। শাশ্বতশ্চিরস্থায়ী। আগচ্ছ প্রাপ্নুহি। অন্যথা সন্ধিবিমুখী ॥২৬॥

দেবগণ। আমার ও ইন্দ্রের কি প্রকারে সন্ধি হইবে? আমরা দুই জনই তেজস্বী; সুতরাং আমাদের সন্ধি হইবে কি প্রকারে?" ॥২২॥

ঋষিরা বলিলেন—"বৃত্র। অন্ততঃ একবারও সজ্জনের সংসর্গ লাভ করিবার ইচ্ছা করিবে; কেন না, তাহা হইতে পরম মঙ্গলই হইয়া থাকে; অতএব সজ্জনের সংসর্গ পরিত্যাগ ত করিবেই না; বরং তাহা কামনাই করিবে ॥২৩॥

বিশেষতঃ, সজ্জনের সংসর্গ দৃঢ় ও চিরস্থায়ী, সজ্জন বিপদের সময় কর্ত্তব্যবিষয়েরই উপদেশ দিয়া থাকেন এবং সজ্জনের সংসর্গ মহাপ্রয়োজনেরই সাধন করিয়া থাকে; অতএব বুদ্ধিমান্ লোক সজ্জনকে নষ্ট করিবার ইচ্ছা করিবেন না ॥২৪॥

এদিকে ইন্দ্র একজন সজ্জনের মধ্যে গণ্য, মহাত্মাদের আশ্রয়, সত্যবাদী, অনিন্দনীয়, ধর্ম্মজ্ঞ ও সূক্ষ্মবুদ্ধি ॥২৫॥

অতএব সেই ইন্দ্রের সহিত আপনার চিরস্থায়ী সন্ধি হউক। আপনি ইন্দ্রকে উক্তরূপেই বিশ্বাস করুন; সুতরাং আপনার বুদ্ধি যেন অন্যরূপ হয় না" ॥২৬॥

---

(২৩)…সঙ্গতমীপ্সিতব্যম্—নি,…সঙ্গতং লিপ্সিতব্যম্ বা ব রা পি। (২৫)…ধর্ম্মবিৎ সুবিনিশ্চিতঃ—পি। (২৬)…সন্ধির্ভবতু নিত্যদা—বা ব রা নি।

শল্য উবাচ।

মহর্ষিবচনং শ্রুত্বা তানুবাচ মহাদ্যুতিঃ।
অবশ্যং ভগবন্তো মে মাননীয়াস্তপস্বিনঃ ॥২৭॥
ব্রবীমি যদহং দেবাস্তৎসর্ব্বং ক্রিয়তে যদি।
ততঃ সর্ব্বং করিষ্যামি যদূচুর্মাং দ্বিজর্ষভাঃ ॥২৮॥
ন শুষ্কেণ ন চার্দ্রেণ নাশ্মনা ন চ দারুণা।
ন শস্ত্রেণ ন চাস্ত্রেণ ন দিবা ন তথা নিশি ॥২৯॥
বধ্যো ভবেয়ং বিপ্রেন্দ্রাঃ! শক্রস্য সহ দৈবতৈঃ।
এবং মে রোচতে সন্ধিঃ শক্রেণ সহ নিত্যদা ॥৩০॥ (যুগ্মকম্)
বাঢ়মিত্যেবমৃষয়স্তমূচুর্ভরতর্ষভ!।
এবং বৃত্তে তু সন্ধানে বৃত্রঃ প্রমুদিতোঽভবৎ ॥৩১॥

ভারতকৌমুদী

মহর্ষীতি। মহাদ্যুতির্বৃত্রঃ। তপস্বিন ইতি মাননীয়ত্বং প্রতি হেতুরুক্তঃ ॥২৭॥

ব্রবীমীতি। ক্রিয়তে মহর্ষিভিঃ। দ্বিজর্ষভা ঋষয়ঃ ॥২৮॥

নেতি। অশ্মনা পাষাণেন, দারুণা কাষ্ঠেন। সন্নিধৌ হিংসাসাধনং শস্ত্রম্, দূরে হিংসাসাধনমস্ত্রম্। দৈবতৈঃ সহ বিদ্যমানস্য শক্রস্য ॥২৯—৩০॥

বাঢ়মিতি। "ভৃশপ্রতিজ্ঞয়োর্বাঢ়ম্" ইত্যমরঃ। সন্ধানে সন্ধৌ ॥৩১॥

শল্য বলিলেন—"মহাতেজা বৃত্রাসুর মহর্ষিগণের বাক্য শুনিয়া তাঁহাদিগকে বলিল—"আপনারা তপস্বী বলিয়া অবশ্যই আমার মাননীয় ॥২৭॥

কিন্তু দেবগণ! আমি যাহা বলিতেছি, সেই সমস্তই যদি আপনারা করেন, তাহা হইলে মহর্ষিরা যাহা বলিলেন, সে সমস্তই আমি করিব ॥২৮॥

ব্রাহ্মণশ্রেষ্ঠগণ! শুষ্ক বা আর্দ্র বস্তুদ্বারা, প্রস্তর বা কাষ্ঠদ্বারা, কিংবা অস্ত্র বা শস্ত্র দ্বারা দিনে বা রাত্রিতে আমি অন্য দেবগণের বা ইন্দ্রের বধ্য হইব না; ইহা যদি আপনারা করিতে পারেন, তাহা হইলে ইন্দ্রের সহিত সর্ব্বদার জন্য সন্ধি করা আমার অভিপ্রেত হইতে পারে" ॥২৯—৩০॥

ভরতশ্রেষ্ঠ! তখন ঋষিরা বৃত্রাসুরকে বলিলেন—"তাহাই হইবে"। এইভাবে সন্ধি হইয়া গেলে বৃত্রাসুর আনন্দিত হইল ॥৩১॥

(২৮)···ক্রিয়তামিতি···দ্বিজর্ষভাঃ—পি,···মাং দিবৌকসঃ—নি। (৩১)···ইত্যেব কথয়ঃ যা ব রা নি,···প্রমুদিতোঽভবৎ—পি।

ততঃ সন্ধিং মিথঃ কৃত্বা ঋষয়ো দীপ্ততেজসঃ।
শক্রস্য সহ বৃত্রেণ পুনর্জগ্মুর্যথাগতম্ ॥৩২॥
যত্তঃ সদাঽভবচ্চাপি শক্রো হর্ষসমন্বিতঃ।
বৃত্রস্য বধসংযুক্তানুপায়াননুচিন্তয়ন্ ॥৩৩॥
অভিসন্ধির্মহেন্দ্রস্য সন্ধিকর্ম্মণি যঃ কৃতঃ।
ঋষিভিস্তৈরিতং যচ্চ মহেন্দ্রস্তদনুস্মরন্ ॥৩৪॥ (যুগ্মকম্)
ছিদ্রান্বেষী সমুদ্বিগ্নঃ সদা বসতি দেবরাট্।
স কদাচিৎ সমুদ্রান্তে সমপশ্যন্মহাসুরম্ ॥৩৫॥
সন্ধ্যাকাল উপাবৃত্তে মুহূর্ত্তে চাতিদারুণে।
ততঃ সঞ্চিন্ত্য ভগবান্ বরদানং মহাত্মনঃ ॥৩৬॥

ভারতকৌমুদী

তত ইতি। মিথঃ পরস্পরম্। যথা যত আগতং তত্র জগ্মুঃ ॥৩২॥

যত্ত ইতি। যত্তো বৃত্রবধে যত্নবান্। বধসংযুক্তান্ বধবিষয়কান্। অভিসন্ধিঃ প্রতারণোপায়ঃ। কৃতো রক্ষিতঃ। ঈরিতমুক্তম্ ॥৩৩—৩৪॥

ছিদ্রেতি। ছিদ্রান্বেষী বৃত্রস্যৈব। মহাসুরং তমেব বৃত্রম্ ॥৩৫॥

তাহার পর উজ্জ্বলতেজা ঋষিরা বৃত্রাসুরের সহিত ইন্দ্রের সন্ধি করিয়া, যে যে স্থান হইতে আসিয়াছিলেন, পুনরায় সেই সেই স্থানেই চলিয়া গেলেন ॥৩২॥

এদিকে ইন্দ্রও আনন্দিত হইয়া সর্ব্বদা বৃত্রাসুরের বধের উপায় চিন্তা করিতেঃ থাকিয়া সেই বিষয়েই যত্নবান্ রহিলেন; কিন্তু সন্ধি করিবার সময়ে মহর্ষিরা ইন্দ্রের যে প্রতারণা করিবার উপায় রাখিয়া দিয়াছিলেন এবং অন্য যাহা বলিয়াছিলেন, ইন্দ্র সে সকলও স্মরণ করিতেন ॥৩৩—৩৪॥

এই অবস্থায় দেবরাজ সর্ব্বদা অত্যন্ত উদ্বিগ্ন থাকিয়া বৃত্রাসুরের ছিদ্রান্বেষণ করতঃ অবস্থান করিতে লাগিলেন। তাহার পর কোন সময়ে ইন্দ্র সমুদ্রের নিকটে মহাসুর বৃত্রকে দেখিতে পাইলেন ॥৩৫॥

তখন সন্ধ্যাকাল এবং অতিদারুণ মুহূর্ত্ত উপস্থিত ছিল; সুতরাং ভগবান্ ইন্দ্র মহাত্মা মহর্ষিগণের বরদানের বিষয় চিন্তা করিয়া (ইহাও চিন্তা করিলেন

(৩২) অয়ং শ্লোকঃ পি বা ব রা নাস্তি। (৩৩) যুক্তঃ সদা…অনুচিন্তয়ৎ—বা ব রা নি। (৩৪) অয়ং শ্লোকঃ বা রা পি নাস্তি। (৩৫) বলান্বেষী সমুদ্বিগ্নঃ সদাভূদ্বলবৃত্রহা।… সমপশ্যৎ—পি।

সন্ধ্যেয়ং বর্ত্ততে রৌদ্রা ন রাত্রির্দিবসং ন চ।
বৃত্রশ্চাবশ্যবধ্যোঽয়ং মম সর্ব্বহরো রিপুঃ ॥৩৭॥
যদি বৃত্রং ন হন্ম্যদ্য বঞ্চয়িত্বা মহাসুরম্।
মহাবলং মহাকায়ং ন মে শ্রেয়ো ভবিষ্যতি ॥৩৮॥
এবং সঞ্চিন্তয়ন্নেব শক্রো বিষ্ণুমনুস্মরন্।
অথ ফেনং তদাঽপশ্যৎ সমুদ্রে পর্ব্বতোপমম্॥৩৯॥ (কলাপকম্)
নায়ং শুষ্কো ন চার্দ্রোঽয়ং ন চ শস্ত্রমিদং তথা।
এনং ক্ষেপ্স্যামি বৃত্রস্য ক্ষণাদেব নশিষ্যতি ॥৪০॥
সবজ্রমথ ফেনং তং ক্ষিপ্রং বৃত্রে নিস্‌সৃষ্টবান্।
প্রবিশ্য ফেনং তং বিষ্ণুরথ বৃত্রং ব্যনাশয়ৎ ॥৪১॥
নিহতে তু ততো বৃত্রে দিশো বিতিমিরাঽভবন্।
প্রববৌ চ শিবো বায়ুঃ প্রজাশ্চ জহৃষুস্তথা ॥৪২॥

ভারতকৌমুদী

সন্ধ্যেতি। উপাবৃত্তে উপস্থিতে। মহাত্মনো মহর্ষিগণস্য। রৌদ্রা রাক্ষসাদিসঞ্চরণাদিতি ভাবঃ। শ্রেয়ো মঙ্গলম্। পর্ব্বতোপমং বিশালম্ ॥৩৬—৩৯॥
নেতি। অয়ং ফেনঃ। বৃত্রস্যোপরি। নশিষ্যতি বিষ্ণুশক্ত্যেতি ভাবঃ ॥৪০॥
সেতি। নিস্‌সৃষ্টবান্ নিক্ষিপ্তবান্, শক্র ইতি শেষঃ ॥৪১॥
নিহত ইতি। বিতিমিরা নিরন্ধকারাঃ, বিসর্গলোপেঽপি সন্ধিরার্ষঃ। শিবঃ শুভঃ ॥৪২॥

যে,) একটা ভয়ঙ্কর সন্ধ্যাকাল উপস্থিত হইয়াছে; সুতরাং রাত্রিও নহে, দিনও নহে। এদিকে আমার সর্ব্বস্বহারী শত্রু এই বৃত্র আমার অবশ্য বধ্য। যদি আজ বঞ্চনা করিয়া মহাবল ও বিশালদেহ এই মহাসুর বৃত্রকে বধ না করি, তবে আমার মঙ্গল হইবে না’। দেবরাজ এইরূপ চিন্তা করিয়া বিষ্ণুকে স্মরণ করিলেন; তাহার পর তখনই তিনি সমুদ্রে পর্ব্বতপ্রমাণ বিশাল ফেন দর্শন করিলেন (এবং ভাবিলেন—) ॥৩৬—৩৯॥

‘এই ফেন শুষ্কও নহে, আর্দ্রও নহে এবং ইহা অস্ত্রও নহে; সুতরাং আমি ইহাই বৃত্রের উপরে ক্ষেপ করিব, তাহাতেই বৃত্র ক্ষণকালের মধ্যে বিনষ্ট হইবে’ ॥৪০॥

তাহার পর ইন্দ্র আপন বজ্রের সহিত সেই ফেনপুঞ্জকে বৃত্রাসুরের উপরে নিক্ষেপ করিলেন; পরে বিষ্ণু সেই ফেনপুঞ্জের ভিতরে প্রবেশ করিয়া বৃত্রাসুরকে বধ করিলেন ॥৪১॥

(৪২)...জহৃষুস্তদা—পি।

ততো দেবাঃ সগন্ধর্ব্বা যক্ষরক্ষোমহোরগাঃ।
ঋষয়শ্চ মহেন্দ্রং তমস্তুবন্ বিবিধৈঃ স্তবৈঃ ॥৪৩॥
নমস্কৃতঃ সর্ব্বভূতৈঃ সর্ব্বভূতান্যসাস্ত্বয়ৎ।
হত্বা বৃত্রং প্রহৃষ্টাত্মা বাসবঃ সহ দৈবতৈঃ ॥৪৪॥
বিষ্ণুং ত্রিভুবনশ্রেষ্ঠং পূজয়ামাস ধর্ম্মবিৎ।
ততো হতে মহাবীর্য্যে বৃত্রে দেবভয়ঙ্করে ॥৪৫॥
অনৃতেনাভিভূতোঽভূচ্ছক্রঃ পরমদুর্ম্মনাঃ।
ত্রৈশীর্ষয়াঽভিভূতশ্চ স পূর্ব্বং ব্রহ্মহত্যয়া ॥৪৬॥ (যুগ্মকম্)
মহাদেবস্য ভূতৈশ্চ স পুনর্ব্রহ্মহা ইতি।
আক্রুষ্টো নির্ভয়ৈর্ভূয়ো ব্রীড়িতো বলবৃত্রহা ॥৪৭॥

ভারতকৌমুদী

তত ইতি। অস্তুবন্, জগদুপকারাদিদর্শনাদিত্যাশয়ঃ ॥৪৩॥

নম ইতি। ভূতান্যত্র প্রাণিনঃ। অসাস্ত্বয়ৎ আশ্বাসয়ৎ। বাসব ইন্দ্রঃ ॥৪৪॥

বিষ্ণুমিতি। ধর্ম্মবিৎ ইন্দ্রঃ। অনৃতেন মিথ্যাব্যবহারেণ সন্ধিভঙ্গপাপনেত্যর্থঃ। ত্রৈশীর্ষয়া ত্রিশিরসো বধনিবন্ধনয়া। ত্রিশিরসো ব্রহ্মপুত্রত্বাদিত্যাশয়ঃ ॥৪৫—৪৬॥

মহেতি। আক্রুষ্ট আহূতঃ, ভূয়ঃ পুনঃ পুনঃ। বলবৃত্রহা ইন্দ্রঃ ॥৪৭॥

বৃত্রাসুর নিহত হইলে, সমস্ত দিক্ অন্ধকারশূন্য হইল, মঙ্গলময় বায়ু বহিতে থাকিল এবং সমস্ত লোক আনন্দিত হইল ॥৪২॥

তদনন্তর দেব, গন্ধর্ব্ব, যক্ষ, রাক্ষস, নাগ ও ঋষিগণ নানাবিধ স্তব দ্বারা ইন্দ্রের স্তব করিলেন ॥৪৩॥

ইন্দ্রও বৃত্রাসুরকে বধ করিয়া আনন্দিত হইলেন, সকল প্রাণীই তাঁহাকে নমস্কার করিতে লাগিল, তৎপরে তিনি অন্যান্য দেবতার সহিত মিলিত হইয়া সকল প্রাণীকে আশ্বস্ত করিলেন ॥৪৪॥

তাহার পর ধর্ম্মজ্ঞ ইন্দ্র ত্রিভুবনশ্রেষ্ঠ বিষ্ণুকে পূজা করিলেন; কিন্তু ইন্দ্র পূর্ব্বে ত্রিশিরাকে বধ করায় ব্রহ্মহত্যার পাপে আক্রান্ত হইয়াছিলেন, এখন আবার মহাবীর ও দেবগণের ভয়জনক বৃত্রাসুরকে বধ করায় সন্ধিভঙ্গনিবন্ধন মিথ্যাব্যবহারের পাপে আক্রান্ত হইয়া অত্যন্ত দুর্ম্মনা হইয়া পড়িলেন ॥৪৫—৪৬॥

এদিকে আবার মহাদেবের ভূতেরা নির্ভয়চিত্তে বার বার ইন্দ্রকে 'ব্রহ্মহত্যাকারী' বলিয়া আহ্বান করিতে লাগিল; তাহাতে তিনি লজ্জিতও হইয়া পড়িলেন ॥৪৭॥

(৪৪)...সর্ব্বভূতানি সান্ত্বয়ন্—পি। (৪৭) শ্লোকঃ বা ব রা পি নাস্তি।

সোঽন্তমাশ্রিত্য লোকানাং নষ্টসংজ্ঞো বিচেতনঃ।
নঃপ্রাজ্ঞায়ত দেবেন্দ্রস্ত্বভিভূতঃ স্বকর্ম্মভিঃ ॥৪৮॥
প্রতিচ্ছন্নোঽবসচ্চাপ্সু চেষ্টমান ইবোরগঃ।
ততঃ প্রনষ্টে দেবেন্দ্রে ব্রহ্মহত্যাভয়ার্দ্দিতে ॥৪৯॥
ভূমিঃ প্রধ্বস্তসঙ্কাশা নির্ব্বৃক্ষা শুষ্ককাননা।
বিচ্ছিন্নস্রোতসো নদ্যঃ সরাংস্যনুদকানি চ ॥৫০॥
সংক্ষোভশ্চাপি সত্ত্বানামনাবৃষ্টিকৃতোঽভবৎ।
দেবাশ্চাপি ভৃশং ত্রস্তাস্তথা সর্ব্বে মহর্ষয়ঃ ॥৫১॥
অরাজকং জগৎ সর্ব্বমভিভূতমুপদ্রবৈঃ।
ততো ভীতাঽভবন্ দেবাঃ কো নো রাজা ভবেদিতি ॥৫২॥
দিবি দেবর্ষয়শ্চাপি দেবরাজবিনাকৃতাঃ।
ন স্ম কশ্চন দেবানাং রাজ্যে বৈ কুরুতে মতিম্ ॥৫৩॥ (কুলকম্)

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামুদ্যোগপর্ব্বণি সঞ্জয়যানে বৃত্রবধে ইন্দ্রবিজয়ো নাম দশমোঽধ্যায়ঃ ॥০॥

ভারতকৌমুদী

স ইতি। অন্তং চরমসীমাম্। নষ্টসংজ্ঞঃ প্রায়েণ লুপ্তচৈতন্যঃ, বিচেতনো বিকৃতচিত্তঃ, আত্মগ্লানিবশাদিতি ভাবঃ। স্বকর্ম্মভিঃ আত্মনঃ পাপৈঃ ॥৪৮॥

প্রতীতি। প্রতিচ্ছন্নো গুপ্তঃ, অপ্সু জলে, চেষ্টমানো বিচরন্। প্রনষ্টে অদর্শনং গতে। প্রধ্বস্তসঙ্কাশা বিনষ্টতুল্যা। অনুদকানি নির্জ্জলানি। সংক্ষোভশ্চাঞ্চল্যম্, সত্ত্বানাং প্রাণিনাম্। উপদ্রবৈশ্চৌর্য্যাদিভিঃ। ভীতাঽভবন্নিতি বিসর্গলোপেঽপি সন্ধিরার্ষঃ। নঃ অস্মাকম্। দেবরাজেন বিনাকৃতা বিরহিতাঃ। কশ্চন কশ্চিদপি দেবঃ, দেবানাং রাজ্যে রাজত্বকরণে মতিং ন কুরুতে স্ম, উপদ্রববাহুল্যাদিত্যাশয়ঃ ॥৪৯—৫৩॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামুদ্যোগপর্ব্বণি সঞ্জয়যানে দশমোঽধ্যায়ঃ ॥০॥

তখন দেবরাজ আপন দুষ্কর্ম্মে অভিভূত হইয়া লোকসীমার প্রান্তভাগে যাইয়া লুপ্তচৈতন্যপ্রায় ও বিকৃতচিত্ত হইয়া রহিলেন; তখন কোন ব্যক্তিই তাঁহার বিষয় জানিতে পারিল না ॥৪৮॥

তিনি সর্পের ন্যায় জলের ভিতরে বিচরণ করিতে থাকিয়া গুপ্তভাবে বাস করিতে লাগিলেন। ব্রহ্মহত্যাপাপের ভয়ে পরিপীড়িত দেবরাজ সেইভাবে

(৪৮)...নষ্টসংজ্ঞো হ্যচেতনঃ—পি। (৪৯)...বসজ্জলে—পি। (৫৩)...ন চ স্ম কশ্চিদ্দেবানাম—পি।

একাদশোঽধ্যায়ঃ।

—:০:—

শল্য উবাচ।

ঋষয়োঽথাব্রুবন্ সর্ব্বে দেবাশ্চ ত্রিদিবেশ্বরাঃ।
অয়ং বৈ নহুষঃ শ্রীমান্ দেবরাজ্যেঽভিষিচ্যতাম্ ॥১॥
তেজস্বী চ যশস্বী চ ধার্ম্মিকশ্চৈব নিত্যদা।
তে গত্বা ত্বব্রুবন্ সর্ব্বে রাজা নো ভব পার্থিব ! ॥২॥ (যুগ্মকম্)
স তানুবাচ নহুষো দেবানৃষিগণাংস্তথা।
পিতৃভিঃ সহিতান্ রাজন্ ! পরীপ্সন্ হিতমাত্মনঃ ॥৩॥

ভারতকৌমুদী

ঋষয় ইতি। নহুষো নাম চন্দ্রবংশীয়ঃ কশ্চিন্নৃপতিঃ। তে ঋষয়ো দেবাশ্চ গত্বা নহুষান্তিকমিতি শেষঃ। নঃ অস্মাকম্ ॥১—২॥

স ইতি। পরীপ্সন্ সর্ব্বেষু বিষয়েষু লব্ধুমিচ্ছন্ ॥৩॥

নিরুদ্দেশ হইলে, পৃথিবী যেন বিধ্বস্ত হইয়া পড়িল, কোন বৃক্ষ রহিল না, বন শুকাইয়া গেল, নদীসমূহের স্রোত রুদ্ধ হইয়া পড়িল, জলাশয়ে জল রহিল না এবং বৃষ্টি না হওয়ায় প্রাণিগণের অত্যন্ত সংক্ষোভ উপস্থিত হইল; সকল দেবতা ও সকল মহর্ষিই অত্যন্ত ভীত হইয়া পড়িলেন; সমস্ত জগৎটাই অরাজক হওয়ায় নানাবিধ উপদ্রবে অভিভূত হইল এবং স্বর্গে দেবরাজবিহীন দেবতারা ও মহর্ষিরা 'কে আমাদের রাজা হইবেন' ইহা ভাবিয়া ভীত হইয়া পড়িলেন; কিন্তু কোন দেবতাই দেবগণের রাজত্ব করিতে ইচ্ছা করিলেন না" ॥৪৯—৫৩॥

—:০:—

শল্য কহিলেন—"তাহার পর ঋষিরা ও স্বর্গাধিপতি দেবতারা সকলে বলিলেন —"সর্ব্বদাই রাজলক্ষ্মীযুক্ত, তেজস্বী, যশস্বী ও ধার্ম্মিক এই নহুষকেই দেবরাজ্যে অভিষিক্ত করা হউক"। তৎপরে তাঁহারা সকলে নহুষের নিকট যাইয়া বলিলেন— "রাজা! আপনি আমাদের রাজা হউন" ॥১—২॥

রাজা যুধিষ্ঠির! তখন নহুষ সর্ব্ববিষয়ে নিজের হিত কামনা করিয়া সেই দেবগণ, ঋষিগণ ও পিতৃগণকে বলিলেন—॥৩॥

(৩)...দেবান্ সর্ষিগণাংস্তথা—পি।

দুর্ব্বলোঽহং ন মে শক্তির্ভবতাং পরিপালনে।
বলবান্ জায়তে রাজা বলং শক্রে হি নিত্যদা ॥৪॥
তমব্রুবন্ পুনঃ সর্ব্বে দেবা ঋষিপুরোগমাঃ।
অস্মাকং তপসা যুক্তঃ পাহি রাজ্যং ত্রিপিষ্টপে ॥৫॥
পরস্পরভয়ং ঘোরমস্মাকং হি ন সংশয়ঃ।
অভিষিচ্যস্ব রাজেন্দ্র! ভব রাজা ত্রিপিষ্টপে ॥৬॥
দেবদানবযক্ষাণামৃষীণাং রক্ষসাং তথা।
সিদ্ধগন্ধর্ব্বভূতানাং চক্ষুর্বিষয়বর্ত্তিনাম্।
তেজ আদাস্যসে পশ্যন্ বলবাংশ্চ ভবিষ্যসি ॥৭॥
ধর্ম্মং পুরস্কৃত্য সদা সর্ব্বলোকাধিপো ভব।
ব্রহ্মর্ষীংশ্চাপি দেবাংশ্চ গোপায়স্ব ত্রিপিষ্টপে ॥৮॥

ভারতকৌমুদী

দুর্ব্বল ইতি। হি তথাহি, শক্রে ইন্দ্রে, নিত্যদা সর্ব্বদৈব বলমাসীৎ ॥৪॥
তমিতি। তপসা যুক্তঃ, অতএব বলবান্ সন্নিত্যাশয়ঃ। ত্রিপিষ্টপে স্বর্গে ॥৫॥
পরেতি। পরস্পরভয়ং পরস্পরপীড়নভয়ম্, ঘোরং মহৎ ॥৬॥
দেবেতি। চক্ষুর্বিষয়বর্ত্তিনাং ত্বন্নয়নগোচরস্থিতানাম্। তেজো বলম্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৭॥
ধর্ম্মমিতি। পুরস্কৃত্য প্রাধান্যেন রক্ষিত্বা। গোপায়স্ব রক্ষ ॥৮॥

"আমি দুর্ব্বল; সুতরাং আপনাদের পরিপালনবিষয়ে আমার শক্তি নাই। বলবান্ লোকই রাজা হইয়া থাকেন। ইন্দ্রে সর্ব্বদাই বল ছিল" ॥৪॥

তখন দেবতারা ও ঋষিরা পুনরায় নহুষকে বলিলেন—"আপনি আমাদের তপোবলে বলীয়ান্ হইয়া স্বর্গরাজ্য পালন করুন ॥৫॥

রাজশ্রেষ্ঠ! নিশ্চয়ই আমাদের পরস্পর পীড়নের গুরুতর ভয় রহিয়াছে; অতএব আপনিই স্বর্গরাজ্যে অভিষিক্ত হউন এবং স্বর্গের রাজা হউন ॥৬॥

দেব, দানব, গন্ধর্ব্ব, যক্ষ, রাক্ষস, সিদ্ধ, ঋষি ও ভূতগণ আপনার দৃষ্টিগোচর হইবামাত্র আপনি ইঁহাদিগকে দেখিয়াই ইঁহাদের তেজ গ্রহণ করিতে পারিবেন এবং বলবান্ হইবেন ॥৭॥

রাজা! এই অবস্থায় আপনি সর্ব্বদা প্রধানভাবে ধর্ম্ম রক্ষা করিতে থাকিয়া সমস্ত জগতের অধীশ্বর হউন এবং স্বর্গে ব্রহ্মর্ষিগণকে ও দেবগণকে রক্ষা করিতে থাকুন" ॥৮॥

---

(৪)···বলবান্ জায়তাং কশ্চিৎ—নি। (৮)···গোপায়স্ব ত্রিপিষ্টপম্—পি।

শল্য উবাচ। +

অভিষিক্তঃ স রাজেন্দ্র! ততো রাজা ত্রিপিষ্টপে।
ধর্ম্মং পুরস্কৃত্য তদা সর্ব্বলোকাধিপোঽভবৎ ॥৯॥
সুদুর্লভং বরং লব্ধ্বা প্রাপ্য রাজ্যং ত্রিপিষ্টপে।
ধর্ম্মাত্মা সততং ভূত্বা কামাত্মা সমপদ্যত ॥১০॥
দেবোদ্যানেষু সর্ব্বেষু নন্দনোপবনেষু চ।
কৈলাসে হিমবৎপৃষ্ঠে মন্দরে শ্বেতপর্ব্বতে।
সহ্যে মহেন্দ্রে মলয়ে সমুদ্রেষু সরিৎসু চ ॥১১॥
অপ্সরোভিঃ পরিবৃতো দেবকন্যাসমাবৃতঃ।
নহুষো দেবরাজঃ সোঽক্রীড়দ্বহুবিধং তদা ॥১২॥
শৃণ্বন্ দিব্যা বহুবিধাঃ কথাঃ শ্রুতিমনোহরাঃ।
বাদিত্রাণি চ দিব্যানি গীতঞ্চ মধুরস্বরম্ ॥১৩॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

অভীতি। রাজা নহুষঃ, ত্রিপিষ্টপে স্বর্গে ॥৯॥

সুদিতি। সুদুর্লভং বরম্—'তেজ আদাস্যসে পশ্যন্' ইতি প্রাগুক্তরূপম্ ॥১০॥

দেবেতি। সহ্য-মহেন্দ্র-মলয়াঃ পর্ব্বতবিশেষাঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ। অক্রীড়ৎ ব্যহরৎ। কথা উপাখ্যানানি। শৃণ্বন্ অপ্সরঃপ্রভৃতিভ্য এব ॥১১—১৩॥

শল্য বলিলেন—"রাজশ্রেষ্ঠ যুধিষ্ঠির! তাহার পর নহুষ স্বর্গরাজ্যে অভিষিক্ত হইয়া তখন প্রধানভাবে ধর্ম্মরক্ষা করিতে থাকিয়া সমগ্র জগতের আধিপত্য করিতে লাগিলেন ॥৯॥

নহুষ অতিদুর্লভ বর এবং স্বর্গের রাজত্ব লাভ করিয়া, প্রথমে সর্ব্বদাই ধার্ম্মিক থাকিয়া পরে কামুক হইয়া পড়িলেন ॥১০॥

ক্রমে দেবরাজ সেই নহুষ অপ্সরোগণে ও দেবকন্যাগণে পরিবেষ্টিত হইয়া, তাহাদের নিকট দিব্য ও শ্রুতিমনোহর নানাবিধ উপাখ্যান, দিব্য বাদ্য এবং মধুর স্বরের গান শুনিতে থাকিয়া, সমস্ত দেবোদ্যানে, নন্দনবনে, কৈলাস, হিমালয়, মন্দর, শ্বেত, সহ্য, মহেন্দ্র ও মলয়পর্ব্বতে এবং সমুদ্রে ও নদীতে বহুবিধ ক্রীড়া করিতে লাগিলেন ॥১১—১৩॥

+ অয়ং পাঠঃ বা ব রা পি নাস্তি। (১৩)...বাদিত্রাণি চ সর্ব্বাণি গীতঞ্চ মধুরস্বনম্—বা ব রা নি।

বিশ্বাবসুর্নারদশ্চ গন্ধর্ব্বাপ্সরসাং গণাঃ।
ঋতবঃ ষট্ চ দেবেন্দ্রং মূর্ত্তিমন্ত উপস্থিতাঃ।
মারুতঃ সুরভির্বাতি মনোজ্ঞঃ সুখশীতলঃ ॥১৪॥
এবঞ্চ ক্রীড়তস্তস্য নহুষস্য দুরাত্মনঃ।
সম্প্রাপ্তা দর্শনং দেবী শক্রস্য মহিষী প্রিয়া ॥১৫॥
স তাং সংদৃশ্য দুষ্টাত্মা প্রাহ সর্ব্বান্ সভাসদঃ।
ইন্দ্রস্য মহিষী দেবী কস্মান্মাং নোপতিষ্ঠতি ॥১৬॥
অহমিন্দ্রোঽস্মি দেবানাং লোকানাঞ্চ তথেশ্বরঃ।
আগচ্ছতু শচী মহ্যং ক্ষিপ্রমেব নিবেশনম্ ॥১৭॥
তচ্ছ্রুত্বা দুর্ম্মনা দেবী বৃহস্পতিমুবাচ হ।
রক্ষ মাং নহুষাদ্‌ব্রহ্মন্! ত্বামস্মি শরণং গতা ॥১৮॥

ভারতকৌমুদী

বিশ্বেতি। দেবেন্দ্রং দেবরাজীভূতং নহুষম্। উপস্থিতা উপাসতে স্ম। সুরভির্ঘ্রাণতর্পণঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১৪॥

এবমিতি। দর্শনং দৃষ্টিগোচরতাম্। শক্রস্য মহিষী শচী ॥১৫॥

স ইতি। স নহুষঃ। দুষ্টাত্মা কামেন দূষিতচিত্তঃ ॥১৬॥

অহমিতি। দেবেন্দ্রত্বাদেব সর্ব্বলোকেশ্বর ইত্যাশয়ঃ। মহ্যং মম ॥১৭॥

তদিতি। দুর্ম্মনা আশঙ্কয়া দুঃখিতচিত্তা ॥১৮॥

তখন বিশ্বাবসু, নারদ, গন্ধর্ব্বগণ, অপ্সরোগণ এবং মূর্ত্তিমান্ ছয় ঋতু দেবরাজ নহুষের উপাসনা করিতেন এবং সৌরভযুক্ত, মনোহর, শীতল ও সুখজনক বায়ু বহিত হইত ॥১৪॥

দুরাত্মা সেই নহুষ এইভাবে ক্রীড়া করিতে লাগিলে, একদা ইন্দ্রের প্রিয়মহিষী শচীদেবী তাহার দৃষ্টিগোচর হইলেন ॥১৫॥

দুরাত্মা নহুষ তাঁহাকে দেখিয়া সকল সভাসদ্‌কে বলিল—"ইন্দ্রের মহিষী শচীদেবী আমার সেবা করেন না কেন? ॥১৬॥

আমি দেবগণের ইন্দ্র এবং ত্রিভুবনের অধীশ্বর; অতএব সত্বর শচীদেবী আমার গৃহে আগমন করুন" ॥১৭॥

সেই কথা শুনিয়া দুঃখিতচিত্ত হইয়া শচীদেবী বৃহস্পতিকে বলিলেন—"ব্রহ্মণ! আমি আপনার শরণাগতা, আপনি আমাকে নহুষ হইতে রক্ষা করুন" ॥১৮॥

---

(১৪)···সর্ব্বশীতলঃ—নি। (১৫)···নহুষস্য মহাত্মনঃ—পি। (১৭) আগচ্ছতু সতী মহ্যম্—পি। (১৮)···বৃহস্পতিমথাব্রবীৎ—পি।

সর্ব্বলক্ষণসম্পন্নাং ব্রহ্মন্! ত্বং সম্প্রভাষসে।
দেবরাজস্য দয়িতামত্যন্তং সুখভাগিনীম্ ॥১৯॥
অবৈধব্যেন যুক্তাঞ্চাপ্যেকপত্নীং পতিব্রতাম্।
উক্তবানসি মাং পূর্ব্বমৃতাং তাং কুরু বৈ গিরম্ ॥২০॥
নোক্তপূর্ব্বঞ্চ ভগবন্! মৃষা তে কিঞ্চিদীশ্বর!।
তস্মাদেতদ্ভবেৎ সত্যং ত্বয়োক্তং দ্বিজসত্তম! ॥২১॥
বৃহস্পতিরথোবাচ শক্রাণীং ভয়মোহিতাম্।
যদুক্তাসি ময়া দেবি! সত্যং তদ্ভবিতা ধ্রুবম্।
দ্রক্ষ্যসে দেবরাজানমিন্দ্রং শীঘ্রমিহাগতম্ ॥২২॥
ন ভেতব্যঞ্চ নহুষাৎ সত্যমেতদ্ব্রবীমি তে।
সমানয়িষ্যে শক্রেণ ন চিরাদ্ভবতীমহম্ ॥২৩॥

ভারতকৌমুদী

সর্ব্বেতি। দয়িতাং প্রিয়াম্, মামিতি শেষঃ ॥১৯॥
অবৈধব্যেনেতি। এক এব পতির্যস্যাস্তাম্ একপত্নীম্। ঋতাং সত্যাম্ ॥২০॥
নেতি। মৃষা মিথ্যা, তে ত্বয়া ॥২১॥
বৃহেতি। শক্রাণীমিন্দ্রাণীম্। শক্রশব্দস্থানস্থতা আর্ষী। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২২॥
নেতি। সমানয়িষ্যে সমানেষ্যে সংযোজয়িষ্য ইত্যর্থঃ, শক্রেণ সহ ॥২৩॥

ভারতভাবদীপঃ

ত্বয়া ইতি ॥১॥ নোঽস্মাকং রাজা ভব ॥২—২১॥ শক্রাণীমিন্দ্রাণীম্, আর্ষ আত্বক্ ॥২২—২৪॥
ইতি শ্রীমহাভারতে উদ্যোগপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে একাদশোঽধ্যায়ঃ ॥১১॥

ব্রাহ্মণ! আপনি বলিয়া থাকেন যে, আমি সর্ব্বলক্ষণসম্পন্না, ইন্দ্রের প্রিয়তমা এবং অত্যন্ত সুখভাগিনী ॥১৯॥

এবং আপনি পূর্ব্বে বলিতেন যে, আমি অবৈধব্যলক্ষণযুক্তা, সাধ্বী ও পতিব্রতা। আপনি আপনার সেই বাক্য সত্য করুন ॥২০॥

ভগবন্! জ্ঞানিশ্রেষ্ঠ! আপনি পূর্ব্বে কখনও মিথ্যা বলেন নাই; অতএব ব্রাহ্মণশ্রেষ্ঠ! আপনি যাহা বলিয়াছেন, তাহা সত্য হইবেই" ॥২১॥

তাহার পর বৃহস্পতি ভয়বিহ্বলা শচীদেবীকে বলিলেন—"দেবি! আমি আপনাকে যাহা বলিয়াছি, তাহা নিশ্চয়ই সত্য হইবে; আপনি শীঘ্রই দেবরাজ ইন্দ্রকে এস্থানে সমাগত দর্শন করিবেন ॥২২॥

---

(২২)…ইন্দ্রাণীং ভয়মোহিতাম্…দেবরাজং তম্—নি।

অথ শুশ্রাব নহুষ ইন্দ্রাণীং শরণং গতাম্ ।
বৃহস্পতেরঙ্গিরসশ্চুকোপ স নৃপস্তদা ॥২৪॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামুদ্‌যোগপর্ব্বণি সঞ্জয়যানে শচীবৃহস্পতিসংবাদে একাদশোঽধ্যায়ঃ ॥০॥

—:❋:—

দ্বাদশোঽধ্যায়ঃ ।

—:❋:—

শল্য উবাচ ।

ক্রুদ্ধন্তু নহুষং দৃষ্ট্বা দেবা ঋষিপুরোগমাঃ ।
অব্রুবন্ দেবরাজানং নহুষং ঘোরদর্শনম্ ॥১॥
দেবরাজ ! জহি ক্রোধং ত্বয়ি ক্রুদ্ধে জগদ্বিভো ! ।
ত্রস্তং সাসুরগন্ধর্ব্বং সকিন্নরমহোরগম্ ॥২॥

ভারতকৌমুদী

অথেতি । অঙ্গিরসঃ তৎপুত্রস্য, চুকোপ বৃহস্পতিম্ ইন্দ্রাণীঞ্চ প্রতি ॥২৪॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামুদ্‌যোগপর্ব্বণি সঞ্জয়যানে একাদশোঽধ্যায়ঃ ॥০॥

—:❋:—

ক্রুদ্ধমিতি । দেবরাজানমিতি অদন্তত্বাভাব আর্ষঃ ॥১॥

দেবেতি । জহি নাশয় । ক্রোধহননং প্রতি হেতুমাহ—ত্বয়ীত্যাদি ॥২॥

আমি আপনার নিকট ইহা সত্য বলিতেছি যে, নহুষ হইতে আপনার ভীত হইতে হইবে না; অচিরকালমধ্যেই আমি আপনাকে ইন্দ্রের সহিত সংযুক্ত করিব” ॥২৩॥

তদনন্তর নহুষ শুনিল যে, শচীদেবী অঙ্গিরার পুত্র বৃহস্পতির শরণাপন্না হইয়াছেন। তখন নহুষ ক্রুদ্ধ হইল” ॥২৪॥

—:❋:—

শল্য কহিলেন—“দেবগণ ও ঋষিগণ নহুষকে ক্রুদ্ধ দেখিয়া সেই ঘোরদর্শন দেবরাজ নহুষকে বলিলেন—॥১॥

“দেবরাজ! প্রভু! আপনি ক্রোধ সংবরণ করুন। কারণ, আপনি ক্রুদ্ধ

(১)·· সর্ষিপুরোগমাঃ পি ব।

জহি ক্রোধমিমং সাধো ! ন ক্রুধ্যন্তি ভবদ্বিধাঃ।
পরস্য পত্নী সা দেবী প্রসীদস্ব সুরেশ্বর ! ॥৩॥
নিবর্ত্তয় মনঃ পাপাৎ পরদারাভিমর্ষণাৎ।
দেবরাজোঽসি ভদ্রং তে প্রজা ধর্ম্মেণ পালয় ॥৪॥
এবমুক্তো ন জগ্রাহ তদ্বচঃ কামমোহিতঃ।
অথ দেবানুবাচেদমিন্দ্রং প্রতি সুরাধিপঃ ॥৫॥
অহল্যা ধর্ষিতা পূর্ব্বমৃষিপত্নী যশস্বিনী।
জীবতো ভর্ত্তুরিন্দ্রেণ স চ কিং ন নিবারিতঃ ॥৬॥
বহূনি চ নৃশংসানি কৃতানীন্দ্রেণ বৈ পুরা।
বৈধর্ম্ম্যাণ্যুপধাশ্চৈব স বঃ কস্মান্ন বারিতঃ ॥৭॥

ভারতকৌমুদী

জহীতি। সা শচী। প্রসীদস্বেতি আত্মনেপদমার্ষম্ ॥৩॥
নিবর্ত্তয়েতি। ধর্ম্মেণ প্রজাপালনজেন তে তব, ভদ্রং মঙ্গলং ভবিষ্যতীতি শেষঃ ॥৪॥
এবমিতি। ইন্দ্রং প্রতি ভূতপূর্ব্বদেবরাজবিষয়ে, সুরাধিপো নহুষঃ ॥৫॥
অহল্যেতি। জীবতো ভর্ত্তুর্গৌতমস্য সম্বন্ধিনী। ন নিবারিতো যুষ্মাভিঃ ॥৬॥

হওয়ায় অসুর, গন্ধর্ব্ব, কিন্নর ও মহানাগসমূহের সহিত সমগ্র জগৎটাই ভীত হইয়া পড়িয়াছে ॥২॥

সাধু ! আপনি এই ক্রোধ পরিত্যাগ করুন। কারণ, আপনার ন্যায় লোকেরা ক্রুদ্ধ হন না। (দেখুন—) শচীদেবী পরের পত্নী ; অতএব দেবরাজ ! আপনি প্রসন্ন হউন ॥৩॥

পরস্ত্রীসংসর্গের পাপ হইতে মনকে নিবৃত্ত করুন। আপনি দেবরাজ হইয়াছেন ; সুতরাং ধর্ম্ম অনুসারে প্রজাপালন করুন। তাহাতেই আপনার মঙ্গল হইবে” ॥৪॥

দেবতারা ও ঋষিরা এইরূপ বলিলেও কামমোহিত দেবরাজ নহুষ সে কথা গ্রাহ্য করিল না ; কিন্তু দেবগণের নিকটে ভূতপূর্ব্ব ইন্দ্রের বিষয়ে এই কথা বলিল — ॥৫॥

“ভূতপূর্ব্ব ইন্দ্র, জীবিত স্বামী গৌতম ঋষির পত্নী যশস্বিনী অহল্যাকে ধর্ষণ করিয়াছিলেন ; তখন আপনারা তাঁহাকে বারণ করেন নাই কেন ? ॥৬॥

---

(৩)…ন কুপ্যন্তি ভবদ্বিধাঃ—পি। (৬)…স বঃ কিং ন নিবারিতঃ—বা ব রা নি। (৭)… স বঃ কিং ন নিবারিতঃ—বা ব রা নি।

উপতিষ্ঠতু দেবী মামেতদস্যা হিতং পরম্।
যুষ্মাকঞ্চ সদা দেবাঃ! শিবমেবং ভবিষ্যতি ॥৮॥

দেবা ঊচুঃ।

ইন্দ্রাণীমানয়িষ্যামো যথেচ্ছসি দিবস্পতে!।
জহি ক্রোধমিমং বীর! প্রীতো ভব সুরেশ্বর! ॥৯॥

শল্য উবাচ।

ইত্যুক্ত্বা তং তদা দেবা ঋষিভিঃ সহ ভারত!।
জগ্মুর্বৃহস্পতিং বক্তুমিন্দ্রাণীঞ্চাশুভং বচঃ ॥১০॥
জানীমঃ শরণং প্রাপ্তামিন্দ্রাণীং তব বেশ্মনি।
দত্তাভয়াঞ্চ বিপ্রেন্দ্র! ত্বয়া দেবর্ষিসত্তম! ॥১১॥

ভারতকৌমুদী

বহ্বীতি। নৃশংসানি ত্রিশিরোবধাদীনি নিষ্ঠুরকর্ম্মাণি। বৈধর্ম্ম্যাণি অপ্সরঃসংসর্গাদীনি পাপকার্য্যাণি, উপধা বৃত্রাসুরসখ্যাদীনি ছলানি। বো যুষ্মাভিঃ ॥৭॥

উপেতি। উপতিষ্ঠতু সেবতাম্, দেবী শচী। শিবং শুভম্, এবং ভাবে ॥৮॥

ইন্দ্রাণীমিতি। আনয়িষ্যাম আনেষ্যামঃ। হে দিবস্পতে! স্বর্গাধিপ! ॥৯॥

ইতীতি। বৃহস্পতিং তদন্তিকং জগ্মুঃ ॥১০॥

জানীম ইতি। শরণম্ আশ্রয়ম্। দত্তম্ অভয়ং যস্যৈ তাম্ ॥১১॥

ইন্দ্র পূর্ব্বে বহুতর নৃশংসকার্য্য, পাপকার্য্য এবং ছল করিয়াছেন; তখন আপনারা তাঁহাকে বারণ করেন নাই কেন? ॥৭॥

সে যাহা হউক, দেবগণ! শচীদেবী আমার সেবা করুন; ইহা তাঁহার পক্ষে পরম হিতকর হইবে এবং এরূপ হইলে, আপনাদেরও সর্ব্বদা মঙ্গল হইবে" ॥৮॥

দেবগণ বলিলেন—"স্বর্গনাথ! আপনার ইচ্ছানুসারে আমরা শচীদেবীকে আনিয়া দিব; কিন্তু বীর! আপনি এই ক্রোধ সংবরণ করুন, দেবরাজ! আপনি সন্তুষ্ট হউন" ॥৯॥

শল্য বলিলেন—ভরতনন্দন! নহুষকে এই কথা বলিয়া দেবতারা ঋষিদের সহিত মিলিত হইয়া শচীদেবীকে এই অমঙ্গলের সংবাদ বলিবার জন্য তখনই বৃহস্পতির নিকট গমন করিলেন (এবং বলিলেন—) ॥১০॥

"ব্রাহ্মণপ্রধান! দেবর্ষিশ্রেষ্ঠ! আমরা জানি যে, শচীদেবী আপনার বাড়ীতে আশ্রয় লাভ করিয়াছেন এবং আপনি তাঁহাকে অভয় দান করিয়াছেন ॥১১॥

তে ত্বাং দেবাঃ সগন্ধর্ব্বা ঋষয়শ্চ মহাদ্যুতে!।
প্রসাদয়ন্তি চেন্দ্রাণী নহুষায় প্রদীয়তাম্ ॥১২॥
ইন্দ্রাদ্বিশিষ্টো নহুষো দেবরাজো মহাদ্যুতিঃ।
বৃণোত্বিমং বরারোহা ভর্তৃত্বে বরবর্ণিনী ॥১৩॥
এবমুক্তে তু সা দেবী বাষ্পমুৎসৃজ্য সস্বনম্।
উবাচ রুদতী দীনা বৃহস্পতিমিদং বচঃ ॥১৪॥
নাহমিচ্ছামি নহুষং পতিং দেবর্ষিসত্তম!।
শরণাগতাস্মি তে ব্রহ্মন্! ত্রায়স্ব মহতো ভয়াৎ ॥১৫॥

বৃহস্পতিরুবাচ।

শরণাগতং ন ত্যজেয়মিন্দ্রাণি! মম নিশ্চয়ঃ।
ধর্ম্মজ্ঞাং সত্যশীলাঞ্চ ন ত্যজে ত্বামনিন্দিতে! ॥১৬॥

ভারতকৌমুদী

ত ইতি। মহাদ্যুতে ইতি সম্বোধনেন শচীরক্ষণসম্ভবোঽপি সূচিতঃ ॥১২॥
ইন্দ্রাদিতি। বিশিষ্ট উৎকৃষ্টঃ। বরারোহা উত্তমনিতম্বা শচীদেবী ॥১৩॥
এবমিতি। সস্বনং সশব্দং রুদতীতি সম্বন্ধঃ ॥১৪॥
নেতি। তৃতীয়পাদে অক্ষরাধিক্যমার্ষম্। এবং পরশ্লোকে প্রথমপাদে ॥১৫॥
শরণেতি। বিশেষাভিপ্রায়েণাহ—ধর্ম্মজ্ঞামিত্যাদি ॥১৬॥

কিন্তু হে মহাতেজা! গন্ধর্ব্বগণের সহিত দেবগণ ও ঋষিগণ প্রসন্নতাসম্পাদন-পূর্ব্বক আপনার নিকট প্রার্থনা করিতেছেন যে, আপনি শচীদেবীকে নহুষের হস্তে সমর্পণ করুন ॥১২॥

দেবরাজ ও মহাতেজা নহুষ ইন্দ্র অপেক্ষা শ্রেষ্ঠ; সুতরাং বরারোহা ও বরবর্ণিনী শচীদেবী এখন এই নহুষকেই পতিত্বে বরণ করুন" ॥১৩॥

তাঁহারা এইরূপ বলিলে, শচীদেবী কাতর হইয়া, অশ্রুজল ত্যাগ করিয়া, সশব্দে রোদন করিতে থাকিয়া বৃহস্পতিকে এই কথা বলিলেন—॥১৪॥

"দেবর্ষিশ্রেষ্ঠ! ব্রাহ্মণ! আমি নহুষকে পতি করিতে ইচ্ছা করি না। আমি আপনার শরণাগত; আপনি আমাকে গুরুতর ভয় হইতে রক্ষা করুন" ॥১৫॥

বৃহস্পতি বলিলেন—"ইন্দ্রাণি! আমি কোন শরণাগতকেই ত্যাগ করিব না, ইহাই আমার নিশ্চয়; সুতরাং অনিন্দিতে! তুমি ধর্ম্মজ্ঞা ও সত্যশীলা; অতএব তোমাকে ত ত্যাগ করিবই না ॥১৬॥

নাকার্য্যং কর্ত্তুমিচ্ছামি ব্রাহ্মণঃ সন্ বিশেষতঃ।
শ্রুতধর্ম্মা সত্যশীলো জানন্ ধর্ম্মানুশাসনম্ ॥১৭॥
নাহমেতৎ করিষ্যামি গচ্ছধ্বং বৈ সুরোত্তমাঃ।।
অস্মিংশ্চার্থে পুরা গীতং ব্রহ্মণা শ্রূয়তামিদম্ ॥১৮॥
ন তস্য বীজং রোহতি রোহকালে ন তস্য বর্ষং বর্ষতি বর্ষকালে।
ভীতং প্রপন্নং প্রদদাতি শত্রবে ন স ত্রাতারং লভতে ত্রাণমিচ্ছন্ ॥১৯॥
মোঘমন্নং বিন্দতি চাপ্যচেতাঃ স্বর্গাল্লোকাদ্‌ভ্রশ্যতি নষ্টচেষ্টঃ।
ভীতং প্রপন্নং প্রদদাতি যো বৈ ন তস্য হব্যং প্রতিগৃহ্ণন্তি দেবাঃ ॥২০॥
প্রমীয়তে [illegible] প্রজা হ্যকালে সদা বিবাসং পিতরোঽস্য কুর্ব্বতে।
ভীতং প্রপন্নং প্রদদাতি শত্রবে সেন্দ্রা দেবাঃ প্রহরন্ত্যস্য বজ্রম্ ॥২১॥

ভারতকৌমুদী

নেতি। অকার্য্যং গর্হিতকার্য্যম্। ধর্ম্মানুশাসনং ধর্ম্মশাস্ত্রম্ ॥১৭॥
নেতি। অর্থে বিষয়ে। গীতং গীতবদেব সাদরমুচ্চৈরুচ্চারিতম্ ॥১৮॥
নেতি। রোহতি অঙ্কুরমুৎপাদয়তি। বর্ষতি মেঘঃ। প্রপন্নং শরণাগতম্ ॥১৯॥
মোঘমিতি। মোঘং ব্যর্থম্ অবলকরমিত্যর্থঃ, বিন্দতি লভতে। প্রদদাতি শত্রবে ॥২০॥
প্রেতি। প্রমীয়তে ম্রিয়তে, প্রজা সন্তানঃ। বিবাসং নরকবাসম্ ॥২১॥

বিশেষতঃ, আমি ধর্ম্মজ্ঞ ও সত্যপরায়ণ ব্রাহ্মণ হইয়া এবং ধর্ম্মশাস্ত্র জানিয়া অকার্য্য করিতে ইচ্ছা করি না ॥১৭॥

অতএব আমি শচীদেবীকে সমর্পণ করিব না; সুতরাং দেবশ্রেষ্ঠগণ! আপনারা চলিয়া যান এবং এই বিষয়ে পূর্ব্বে ব্রহ্মা যাহা সাগ্রহে বলিয়াছেন, তাহা শ্রবণ করুন—॥১৮॥

'যে লোক, ভীত ও শরণাগত ব্যক্তিকে শত্রুর নিকট সমর্পণ করে, তাহার রোপিত বীজ যথাসময়ে অঙ্কুর উৎপাদন করে না, তাহার অধিকারে বর্ষাকালেও মেঘ বর্ষা করে না এবং সে লোক রক্ষার্থী হইয়াও রক্ষক পায় না ॥১৯॥

যে লোক, ভীত ও শরণাগত ব্যক্তিকে শত্রুহস্তে সমর্পণ করে, সেই নির্ব্বোধ লোক নিষ্ফল অন্ন লাভ করে, নিষ্ফলোদ্যম হইয়া স্বর্গলোক হইতে ভ্রষ্ট হয় এবং দেবতারা তাহার হব্য গ্রহণ করেন না ॥২০॥

যে লোক, ভীত ও শরণাগত ব্যক্তিকে শত্রুর হস্তে সমর্পণ করে, তাহার সন্তান অকালে মরিয়া যায়, তাহার পিতৃগণ সর্ব্বদা নরকে বাস করেন এবং ইন্দ্রপ্রভৃতি দেবতারা তাহার উপরে বজ্র প্রহার করেন' ॥২১॥

এতদেবং প্রজানন্ বৈ ন দাস্যামি শচীমিমাম্।
ইন্দ্রাণীং বিশ্রুতাং লোকে শক্রস্য মহিষীং প্রিয়াম্ ॥২২॥
অস্যা হিতং ভবেদ্‌যচ্চ মম চাপি হিতং ভবেৎ।
ক্রিয়তাং তৎ সুরশ্রেষ্ঠাঃ! নহি দাস্যাম্যহং শচীম্ ॥২৩॥

শল্য উবাচ।

অথ দেবাঃ সগন্ধর্ব্বা গুরুমাহুরিদং বচঃ।
কথং সুনীতং নু ভবেন্মন্ত্রয়স্ব বৃহস্পতে! ॥২৪॥

বৃহস্পতিরুবাচ।

নহুষং যাচতাং দেবী কিঞ্চিৎ কালান্তরং শুভা।
ইন্দ্রাণীহিতমেতদ্ধি তথাস্মাকং ভবিষ্যতি ॥২৫॥
বহুবিঘ্নঃ সুরাঃ! কালঃ কালঃ কালং নয়িষ্যতি।
দর্পিতো বলবাংশ্চাপি নহুষো বরসংশ্রয়াৎ ॥২৬॥

ভারতকৌমুদী

এতদিতি। এবমিত্থম্, এতৎ ব্রহ্মণো বচনম্। বিশ্রুতাং বিখ্যাতাম্ ॥২২॥
অস্যা ইতি। হিতং দানাকরণেঽপীত্যাশয়ঃ ॥২৩॥
অথেতি। গুরুং বৃহস্পতিম্। সুনীতং সুষ্ঠু কৃতম্ ॥২৪॥
নহুষমিতি। কালান্তরং কালাবকাশম্। ইন্দ্রাণ্যা হিতম্ ইন্দ্রাণীহিতম্ ॥২৫॥

ভারতভাবদীপঃ

ক্রুদ্ধমিতি ॥১—৬॥ বৈধর্ম্ম্যাণি ঋাষ্ট্রবধাদীনি উপধাঃ বৃত্রসখ্যাদীনি ছলানি ॥৭—১৮॥ প্রপন্নং শরণাগতম্ ॥১৯॥ অচেতাঃ দুর্ব্বলচিত্তঃ ॥২০—২৪॥ কালান্তরং কালাবধিম্ ॥২৫—৩২॥
ইতি শ্রীমহাভারতে উদযোগপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে দ্বাদশোঽধ্যায়ঃ ॥১২॥

এইরূপ ব্রহ্মার উক্তি জানিয়া আমি কখনও জগদ্বিখ্যাতা ইন্দ্রের প্রিয়তমা মহিষী এই শচদেবীকে নহুষের হস্তে সমর্পণ করিব না ॥২২॥

দেবগণ! আমি শচীদেবীকে দিব না; তথাপি যাহাতে ইঁহার হিত ও আমার হিত হয়, তাহা আপনারা করুন” ॥২৩॥

শল্য কহিলেন—“তাহার পর দেবগণ ও গন্ধর্ব্বগণ বৃহস্পতিকে এই কথা বলিলেন—“আর্য্য বৃহস্পতি! কি প্রকারে সকলের পক্ষেই ভাল কার্য্য হয়, তাহা আপনিই মন্ত্রণা করিয়া বলুন” ॥২৪॥

বৃহস্পতি বলিলেন—“শুভলক্ষণা শচীদেবী নহুষের নিকট কিছুকাল অবকাশ প্রার্থনা করুন; ইহাতেই তাঁহার হিত ও আমাদের হিত হইবে ॥২৫॥

---

(২২)…বিজানন্ বৈ—বা ব রা নি। (২৬)…গর্ব্বিতো বলবাংশ্চাপি—বা ব রা নি।

শল্য উবাচ।

ততস্তেন তথোক্তে তু প্রীতা দেবাস্তথাব্রুবন্।
ব্রহ্মন্! সাধ্বিদমুক্তং তে হিতং সর্ব্বদিবৌকসাম্।
এতমেতদ্দ্বিজশ্রেষ্ঠ! দেবী চেয়ং প্রসাদ্যতাম্ ॥২৭॥
ততঃ সমস্তা ইন্দ্রাণীং দেবাশ্চাগ্নিপুরোগমাঃ।
ঊচুর্বচনমব্যগ্রা লোকানাং হিতকাম্যয়া ॥২৮॥

দেবা ঊচুঃ।

ত্বয়া জগদিদং সর্ব্বং ধৃতং স্থাবরজঙ্গমম্।
একপত্ন্যসি সত্যা চ গচ্ছস্ব নহুষং প্রতি ॥২৯॥
ক্ষিপ্রং ত্বামভিকামশ্চ বিনশিষ্যতি পাপকৃৎ।
নহুষো দেবি! শক্রশ্চ সুরৈশ্বর্য্যমবাপ্স্যতি ॥৩০॥

ভারতকৌমুদী

কালান্তরযাচনে কিং ফলমিত্যাহ—বহ্বিতি। হে সুরাঃ! কালঃ, বহবো বিঘ্না যস্মিন্ স তাদৃশঃ। তথাচ নহুষস্যাপি বিঘ্নসম্ভাবনেতি ভাবঃ। কোঽসৌ বিঘ্ন ইত্যাহ—নহুষো বরসংশ্রয়াৎ প্রাগুক্তবরলাভাৎ, দর্পিতো বলবাংশ্চাপি জাতঃ; তথাপি স কাল এব, কালং যমম্, নয়িষ্যতি তং নহুষং নেষ্যতি প্রাপয়িষ্যতি ॥২৬॥

তত ইতি। তেন বৃহস্পতিনা। তে ত্বয়া। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২৭॥

তত ইতি। অব্যগ্রাঃ অপ্রিয়বচনপ্রয়োগেণাকুলতাসম্ভবেঽপি অনাকুলাঃ ॥২৮॥

ত্বয়েতি। ধৃতং মাতৃরূপেণ, শচ্যা মাতৃত্বর্গতত্বাৎ। একঃ পতির্যস্যাঃ সা ॥২৯॥

কারণ, দেবগণ! কালে বহুতর বিঘ্ন ঘটিয়া থাকে; সুতরাং নহুষ বর লাভ করায় বলবান্ এবং দর্পিত হইলেও, কালই তাহাকে যমের বাড়ী পাঠাইবে" ॥২৬॥

শল্য কহিলেন—"বৃহস্পতি সেইরূপ বলিলে, দেবতারা সন্তুষ্ট হইয়া বলিলেন—"ব্রাহ্মণ! আপনি এটা সকল দেবতার পক্ষেই হিতের কথা বলিয়াছেন; সুতরা ব্রাহ্মণশ্রেষ্ঠ! ইহা এইরূপই হউক, এখন ইহার জন্য শচীদেবীকে প্রসন্ন করুন" ॥২৭॥

তাহার পর অগ্নিপ্রভৃতি দেবতারা সকলেই স্থিরচিত্ত থাকিয়া জগতের হিত-কামনায় শচীদেবীকে এই বাক্য বলিলেন ॥২৮॥

দেবগণ বলিলেন—"দেবি! আপনি স্থাবরজঙ্গমাত্মক এই সমগ্র জগৎটাকে ধারণ করিয়া রহিয়াছেন এবং আপনি সতী ও সত্যপরায়ণা; সুতরাং আপনি নহুষে নিকট গমন করুন ॥২৯॥

---

(৩০)…বিনশিষ্যতি পার্থিবঃ—পি।

এবং বিনিশ্চয়ং কৃত্বা ইন্দ্রাণী কার্য্যসিদ্ধয়ে।
অভ্যগচ্ছত সব্রীড়া নহুষং ঘোরদর্শনম্ ॥৩১॥
দৃষ্ট্বা তাং নহুষশ্চাপি বয়োরূপসমন্বিতাম্।
সমহৃষ্যত দুষ্টাত্মা কামোপহতচেতনঃ ॥৩২॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামুদ্‌যোগপর্ব্বণি সঞ্জয়যানে ইন্দ্রাণীকালাবকাশযাচনে দ্বাদশোঽধ্যায়ঃ ॥০॥

—:•:—

ত্রয়োদশোঽধ্যায়ঃ।

—:•:—

শল্য উবাচ।

অথ তামব্রবীদ্‌দৃষ্ট্বা নহুষো দেবরাট্ তদা।
ত্রয়াণামপি লোকানামহমিন্দ্রঃ শুচিস্মিতে! ॥১॥

ভারতকৌমুদী

ক্ষিপ্রমিতি। ত্বাম্ অভি লক্ষ্যীকৃত্য কামো যস্য সঃ। সুরৈশ্বর্য্যং দেবরাজ্যম্ ॥৩০॥

এবমিতি। কার্য্যস্য নহুষপ্রতারণায়াঃ সিদ্ধয়ে। সব্রীড়া সলজ্জা ॥৩১॥

দৃষ্ট্বেতি। বয়সা যৌবনেন রূপেণ সৌন্দর্য্যেণ চ সমন্বিতাং যুক্তাম্ ॥৩২॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামুদ্‌যোগপর্ব্বণি সঞ্জয়যানে দ্বাদশোঽধ্যায়ঃ ॥০॥

—:•:—

অথেতি। ইন্দ্র ঐশ্বর্য্যবান্ অধিপতিরিত্যর্থঃ, দেবরাজত্বাদেবেতি ভাবঃ ॥১॥

দেবি! পাপকারী নহুষ আপনার প্রতি কামুক হইয়া সত্বরই বিনষ্ট হইবে এবং ইন্দ্রও পুনরায় দেবরাজ্য লাভ করিবেন” ॥৩০॥

শচীদেবী এইরূপ নিশ্চয় করিয়া কার্য্যসিদ্ধির জন্য লজ্জিতভাবে ঘোরদর্শন নহুষের নিকট গমন করিলেন ॥৩১॥

কামাকুলচিত্ত দুরাত্মা নহুষও রূপযৌবনসম্পন্না শচীদেবীকে দেখিয়া অত্যন্ত আনন্দিত হইল” ॥৩২॥

—:•:—

শল্য বলিলেন—“তাহার পর দেবরাজ নহুষ তখন শচীকে দেখিয়া বলিল—“শুভ্রহাসিনি! আমি ত্রিভুবনেরই ইন্দ্র ॥১॥

ভজস্ব মাং বরারোহে ! পতিত্বে বরবর্ণিনি ! ।
এবমুক্তা তু সা দেবী নহুষেণ পতিব্রতা ॥২॥
প্রাবেপত ভয়োদ্বিগ্না প্রবাতে কদলী যথা ।
প্রণম্য সা হি ব্রহ্মাণং শিরসা তু কৃতাঞ্জলিঃ ॥৩॥
দেবরাজমথোবাচ নহুষং ঘোরদর্শনম্ ।
কালমিচ্ছাম্যহং লব্ধুং ত্বত্তঃ কঞ্চিৎ সুরেশ্বর ! ॥৪॥ (বিশেষকম্)
ন হি বিজ্ঞায়তে শক্রঃ কিং বা প্রাপ্তঃ ক বা গতঃ ।
তত্ত্বমেতত্তু বিজ্ঞায় যদি ন জ্ঞায়তে প্রভো ! ॥৫॥
ততোঽহং ত্বামুপস্থাস্যে সত্যমেতদ্ব্রবীমি তে ।
এবমুক্তঃ স ইন্দ্রাণ্যা নহুষঃ প্রীতিমানভূৎ ॥৬॥ (যুগ্মকম্)

নহুষ উবাচ ।

এবং ভবতু সুশ্রোণি ! যথা মামিহ ভাষসে ।
জ্ঞাত্বা চাগমনং কার্য্যং সত্যমেতদনুস্মরেঃ ॥৭॥

ভারতকৌমুদী

ভজস্বেতি । সা শচী । প্রাবেপত প্রকর্ষেণাকম্পত, ভয়েন উদ্বিগ্না অস্থিরচিত্তা, প্রবাতে প্রকৃষ্টবায়ুস্থানে । কালং কালাবকাশম্, ত্বত্তস্তব সকাশাৎ ॥২—৪॥

নেতি । হি যস্মাৎ । কিম্ অবস্থান্তরম্ । বিজ্ঞায় কর্ত্তব্যং করিষ্যামীতি শেষঃ । ন জ্ঞায়তে তৎ তত্ত্বমিত্যনুবৃত্তিঃ । ততস্তদা, উপস্থাস্যে সেবিষ্যে ॥৫—৬॥

এবমিতি । হে সুশ্রোণি ! সুন্দরনিতম্বে ! । জ্ঞাত্বা তৎ তত্ত্বম্ ॥৭॥

সুতরাং বরারোহে ! বরবর্ণিনি ! তুমি আমাকে পতিরূপে ভজন কর" । নহুষ এইরূপ বলিলে, পতিব্রতা শচীদেবী ভয়ে অস্থিরচিত্ত হইয়া, প্রবল বায়ুস্থলে কদলীবৃক্ষের ন্যায় অত্যন্ত কম্পিত হইতে লাগিলেন । তৎপরে তিনি মস্তকদ্বারা ব্রহ্মাকে নমস্কার করিয়া, কৃতাঞ্জলি হইয়া, দেবরাজ ও ঘোরদর্শন নহুষকে বলিলেন—"দেবরাজ ! আমি আপনার নিকট কিছুকাল অবকাশ লাভ করিতে ইচ্ছা করি ॥২—৪॥

কারণ, ইন্দ্র কোথায় গমন করিয়াছেন, কি অবস্থাই বা প্রাপ্ত হইয়াছেন, ইহার কোন সংবাদই জানি না ; সুতরাং প্রভু ! এই সংবাদ জানিয়া কর্ত্তব্য কার্য্য করিব ; আর সে সংবাদ যদি জানিতে না পারি, তবে আপনার সেবা করিব ; ইহা আপনাকে সত্য বলিতেছি" । শচীদেবী এইরূপ বলিলে, নহুষ আনন্দিত হইল ॥৫—৬॥

---

(৬)...এবমুক্তো মহেন্দ্রাণ্যা—পি ।

নহুষেণ বিসৃষ্টা চ নিশ্চক্রাম ততঃ শুভা।
বৃহস্পতিনিকেতঞ্চ সা জগাম তপস্বিনী ॥৮॥
তস্যাঃ সংশ্রুত্য চ বচো দেবাশ্চাগ্নিপুরোগমাঃ।
চিন্তয়ামাসুরেকাগ্রাঃ শক্রার্থং রাজসত্তম ! ॥৯॥
দেবদেবেন সঙ্গম্য বিষ্ণুনা প্রভবিষ্ণুনা।
উচুশ্চৈনং সমুদ্বিগ্না বাক্যং বাক্যবিশারদাঃ ॥১০॥
ব্রহ্মবধ্যাভিভূতো বৈ শক্রঃ সুরগণেশ্বরঃ।
গতিশ্চ নস্ত্বং দেবেশ ! সর্ব্বস্য জগতঃ প্রভুঃ ॥১১॥
রক্ষার্থং সর্ব্বভূতানাং বিষ্ণুত্বমুপজগ্মিবান্।
ত্বদ্বীর্য্যনিহতে বৃত্রে বাসবো ব্রহ্মহত্যয়া ॥১২॥
বৃতঃ সুরগণশ্রেষ্ঠ ! মোক্ষং তস্য বিনির্দ্দিশ।
তেষাং তদ্বচনং শ্রুত্বা দেবানাং বিষ্ণুরব্রবীৎ ॥১৩॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

নহুষেণেতি। বিসৃষ্টা ত্যক্তা। তত ইন্দ্রভবনাৎ। তপস্বিনী দীনা ॥৮॥
তস্যা ইতি। তস্যাঃ শচ্যাঃ। শক্রার্থম্ ইন্দ্রস্যোদ্ধারার্থম্ ॥৯॥
দেবেতি। সঙ্গম্য মিলিত্বা। প্রভবিষ্ণুনা প্রভাবশালিনা। এনং বিষ্ণুম্ ॥১০॥
ব্রহ্মেতি। ব্রহ্মবধ্যয়া ব্রহ্মহত্যাপাপেন। গতিরুপায়ঃ, নঃ অস্মাকম্ ॥১১॥

তাহার পর নহুষ বলিল—"সুনিতম্বে! তুমি আমাকে এখন যাহা বলিলে, এইরূপই হউক; তুমি ইন্দ্রের সংবাদ জানিয়া এখানে আগমন করিও এবং এই সত্য শপথ কিন্তু স্মরণ করিও" ॥৭॥

নহুষ বিদায় দিলে, শুভলক্ষণা ও দীনা শচীদেবী সেই ইন্দ্রভবন হইতে নির্গত হইলেন এবং বৃহস্পতিভবনে গমন করিলেন ॥৮॥

রাজশ্রেষ্ঠ! তখন অগ্নিপ্রভৃতি দেবতারা তাঁহার নিকট সকল কথা শুনিয়া একাগ্রচিত্তে ইন্দ্রের বিষয় চিন্তা করিলেন ॥৯॥

তাহার পর বাক্যবিশারদ দেবতারা দেবদেব ও প্রভাবশালী বিষ্ণুর সহিত মিলিত হইয়া অত্যন্ত উদ্বিগ্নভাবে বিষ্ণুকে এই কথা বলিলেন—॥১০॥

"দেবেশ্বর! দেবরাজ ইন্দ্র ব্রহ্মহত্যার পাপে আক্রান্ত হইয়াছেন; অথচ আপনি আমাদের গতি এবং সমস্ত জগতের অধীশ্বর ॥১১॥

এবং আপনি সর্ব্বভূতের রক্ষার জন্যই বিষ্ণু হইয়াছেন। এদিকে আপনার

(৮)…সা জগাম যশস্বিনী—বা ব রা নি। (১১)…পূর্ব্বজো জগতঃ প্রভুঃ—বা ব রা নি।
(১২)…ত্বদ্বীর্য্যান্নিহতে বৃত্রে—পি।

মামেব যজতাং শক্রঃ পাবয়িষ্যামি বজ্রিণম্ ।
পুণ্যেন হয়মেধেন মামিষ্ট্বা পাকশাসনঃ ॥১৪॥
পুনরেষ্যতি দেবানামিন্দ্রত্বমকুতোভয়ঃ ।
স্বকর্ম্মভিশ্চ নহুষো নাশং যাস্যতি দুর্ম্মতিঃ ॥১৫॥ (যুগ্মকম্)
কঞ্চিৎ কালমিমং দেবা মর্ষয়ধ্বমতন্দ্রিতাঃ ।
শ্রুত্বা বিষ্ণোঃ শুভাং সত্যাং তাং বাণীমমৃতোপমাম্ ॥১৬॥
ততঃ সর্ব্বে সুরগণাঃ সোপাধ্যায়াঃ সহর্ষিভিঃ ।
যত্র শক্রো ভয়োদ্বিগ্নস্তং দেশমুপচক্রমুঃ ॥১৭॥ (যুগ্মকম্)
তত্রাশ্বমেধঃ সুমহান্ মহেন্দ্রস্য মহাত্মনঃ ।
ববৃতে পাবনার্থং বৈ ব্রহ্মহত্যাপহো নৃপ ! ॥১৮॥

ভারতকৌমুদী

রক্ষেতি। উপজগ্মিবান্ প্রাপ্তবান্। ব্রহ্মহত্যয়া বৃতঃ সম্বদ্ধঃ ॥১২—১৩॥

মামিতি। বজ্রিণং তং শক্রম্। হয়মেধেন অশ্বমেধেন, ইষ্ট্বা পূজয়িত্বা, পাকশাসন ইন্দ্রঃ, এষ্যতি প্রাপ্স্যতি। স্বকর্ম্মভির্নিজপাপৈঃ ॥১৪—১৫॥

কঞ্চিদিতি। মর্ষয়ধ্বং সহধ্বম্, অতন্দ্রিতাঃ স্বস্বকার্য্যে অনলসাঃ। উপাধ্যায়েন বৃহস্পতিনা সহেতি সোপাধ্যায়াঃ। ভয়েন উদ্বিগ্নঃ অস্থিরচিত্তঃ, উপচক্রমুর্জগ্মুঃ ॥১৬—১৭॥

তত্রেতি। ব্রহ্মহত্যাপহো ব্রহ্মহত্যাপাপনাশকঃ ॥১৮॥

বলেই বৃত্রাসুর নিহত হইলে, ইন্দ্র ব্রহ্মহত্যার পাপে লিপ্ত হইয়াছেন; অতএব হে দেবগণশ্রেষ্ঠ! তাঁহার মুক্তির উপায় নির্দ্দেশ করুন”। সেই দেবগণের সেই কথা শুনিয়া বিষ্ণু বলিলেন—॥১২—১৩॥

“ইন্দ্র আমারই পূজা করুন, আমিই তাঁহাকে পাপমুক্ত করিব। ইন্দ্র পুণ্যজনক অশ্বমেধযজ্ঞদ্বারা আমার পূজা করিয়া অকুতোভয়ে পুনরায় দেবরাজত্ব লাভ করিবেন এবং দুর্ম্মতি নহুষও আপন কর্ম্মদোষে বিনষ্ট হইবে ॥১৪—১৫॥

দেবগণ! তোমরা কিছু কাল সহ্য কর এবং আপন আপন কার্য্যে অবহিত থাক”। তাহার পর বৃহস্পতি ও ঋষিদের সহিত দেবতারা সকলে বিষ্ণুর সেই শুভ, সত্য ও অমৃততুল্য বাক্য শ্রবণ করিয়া—যেখানে ইন্দ্র ব্রহ্মহত্যাপাপের ভয়ে অস্থিরচিত্ত হইয়া অবস্থান করিতেছিলেন, সেইখানে গমন করিলেন ॥১৬—১৭॥

রাজা! তৎপরে সেখানে মহাত্মা ইন্দ্রকে পাপমুক্ত করিবার জন্য ব্রহ্মহত্যাপাপনাশক অতিবৃহৎ এক অশ্বমেধযজ্ঞ অনুষ্ঠিত হইয়া গেল ॥১৮॥

---

(১৪)···প্রীণানো হয়মেধেন—পি। (১৬) কিঞ্চিৎ কালমিদম্—বা ব রা নি।

বিভজ্য ব্রহ্মহত্যাং তু বৃক্ষেষু চ নদীষু চ।
পর্ব্বতেষু পৃথিব্যাঞ্চ স্ত্রীষু চৈব যুধিষ্ঠির ! ॥১৯॥
সংবিভজ্য চ ভূতেষু বিসৃজ্য চ সুরেশ্বরঃ।
বিজ্বরো ধূতপাপ্মা চ বাসবোঽভবদাত্মবান্ ॥২০॥ (যুগ্মকম্)
অকম্প্যং নহুষং স্থানাদ্দৃষ্ট্বা বলনিষূদনঃ।
তেজোঘ্নং সর্ব্বভূতানাং বরদানাচ্চ দুঃসহম্ ॥২১॥
ততঃ শচীপতির্দেবঃ পুনরেব ব্যনশ্যত।
অদৃশ্যঃ সর্ব্বভূতানাং কালাকাঙ্ক্ষী চচার হ ॥২২॥ (যুগ্মকম্)
প্রনষ্টে তু ততঃ শক্রে শচী শোকসমন্বিতা।
হা শক্রেতি তদা দেবী বিললাপ সুদুঃখিতা ॥২৩॥
যদি দত্তং যদি হুতং গুরবস্তোষিতা যদি।
একভর্ত্তৃত্বমেবাস্তু সত্যং যদ্যস্তি বা ময়ি ॥২৪॥

ভারতকৌমুদী

বিভজ্যেতি। হে যুধিষ্ঠির ! আত্মবান্ ব্রহ্মহত্যাপাপমুক্তো যত্নবান্ সুরেশ্বরো বাসবঃ, বিসৃজ্য ব্রহ্মহত্যাপাপমেবাত্মনো বিমুচ্য, বৃক্ষেষু, তেন তেষামন্তঃশোষঃ, নদীষু তেন তাসাং জলাবিল্যম্, পর্ব্বতেষু তেন তেষাং প্রস্তরজীর্ণতা, পৃথিব্যাঞ্চ তেন তস্যাঃ স্বয়ং গর্ত্তঃ, স্ত্রীষু চ তেন তাসাং রজশ্চেতি ভাবঃ, ব্রহ্মহত্যাম্ অশ্বমেধক্ষীণাবশিষ্টং তৎপাপম্, বিভজ্য বিভাগপূর্ব্বকমর্পয়িত্বা, ভূতেষু প্রাণিষু চ সংবিভজ্য তেন তেষামকালমৃত্যুরিত্যাশয়ঃ, বিজ্বরো নিঃসন্তাপঃ, ধূতপাপ্মা নিষ্পাপঃ অভবৎ ॥১৯—২০॥

অকম্প্যমিতি। অকম্প্যম্ অচালনীয়ম্। ব্যনশ্যত অদর্শনমগচ্ছৎ ॥২১—২২॥

প্রনষ্ট ইতি। প্রনষ্টে অদর্শনং গতে ॥২৩॥

তাহার পর পাপনাশে যত্নশীল ভূতপূর্ব্ব দেবরাজ ইন্দ্র ব্রহ্মহত্যা-পাপকে পরিত্যাগপূর্ব্বক (তাহাকেই) ভাগ ভাগ করিয়া বৃক্ষ, নদী, পর্ব্বত, পৃথিবী, স্ত্রী ও প্রাণিগণে সমর্পণ করিয়া পাপবিহীন ও সন্তাপশূন্য হইলেন ॥১৯—২০॥

তাহার পর বলদৈত্যহন্তা শচীপতি ইন্দ্র, নহুষকে বরপ্রভাবে সকল প্রাণীর তেজোনাশক, দুঃসহ ও সেই স্থান হইতে অচালনীয় দেখিয়া পুনরায় অদৃশ্য হইলেন এবং সকল প্রাণীর অদৃশ্য ও কালপ্রতীক্ষাকারী থাকিয়া বিচরণ করিতে লাগিলেন ॥২১—২২॥

ইন্দ্র অদৃশ্য হইয়া গেলে, তখনই শচীদেবী শোকার্ত্তা ও অতিদুঃখিতা হইয়া 'হা ইন্দ্র!' বলিয়া বিলাপ করিলেন (এবং বলিলেন—) ॥২৩॥

(২১) অকম্প্যম্—পি বা ব রা। (২৪)…একপত্নীত্বমেবাস্ত—পি।

পুণ্যাঞ্চেমামহং দিব্যাং প্রবৃত্তামুত্তরায়ণে।
দেবীং রাত্রিং নমস্যামি সিধ্যতাং মে মনোরথঃ ॥২৫॥
প্রয়তা চ নিশাং দেবীমুপাতিষ্ঠত তত্র সা।
পতিব্রতাত্বাৎ সত্যেন সোপশ্রুতিমথাকরোৎ ॥২৬॥
যত্রাস্তে দেবরাজোঽসৌ তং দেশং দর্শয়স্ব মে।
ইত্যাহোপশ্রুতিং দেবীং সত্যং সত্যেন দৃশ্যতাম্ ॥২৭॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামুদ্‌যোগপর্ব্বণি সঞ্জয়যানে উপশ্রুতিযাচনে ত্রয়োদশোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

ভারতকৌমুদী

যদীতি। একভর্তৃত্বং নহুষেণ সহাসংসর্গঃ ॥২৪॥

পুণ্যামিতি। প্রবৃত্তামুপস্থিতাম্। রাত্রিং রাত্র্যভিমানিনীম্, দেবীং কালীম্ ॥২৫॥

প্রয়তেতি। সত্যেন আত্মনঃ সত্যনির্ভরেণ, সা শচী, উপশ্রুতিং তদাখ্যাং কাল্যপরপর্য্যায়াং নিশাভিমানিনীং দেবীম্, আকরোৎ আহূতবতী ॥২৬॥

ভারতভাবদীপঃ

অথেতি ॥১—১১॥ বিষ্ণুত্বং ব্যাপকত্বম্ অব্যাপকেন জগদ্রক্ষায়া অসম্ভবাৎ ॥১২—২০॥ অকম্পৎ অকম্পত, তঙভাব আর্ষঃ ॥২১—২৫॥ উপশ্রুতিং সন্দেহনির্ণায়িকাং দেবীম্, আকরোৎ আকারিতবতী ॥২৬॥ যত্রেতি। অয়ং চার্থঃ—"আনোঽয়াহ্যুপশ্রুত্যুক্‌থেষু রণয়া ইহ। দিবো অমুষ্য শাসতো দিবং যয দিবাবসো" ইতি মন্ত্রোক্ত উপবৃংহিতঃ মন্ত্রার্থস্তু হে উপশ্রুতি নঃ অস্মান্ প্রতি আয়াহি উক্‌থেষু কাম্যেষু কর্ম্মসু ইহ রণয় ইষ্টং কামং গময় প্রাপয়। রণগতাবিত্যস্য রূপম্ অমুষ্য বুদ্ধিস্থস্য দিবং শাসত ইন্দ্রস্য দিবং প্রকাশং যয গময় যচ্ছেত্যর্থঃ। যমগতাবিত্যস্য লোটি রূপম্, বলোপ আর্ষঃ। হে দিবাবসো অহো ধনঃ সূর্য্যস্তদ্বৎ তমোগ্রস্তমর্থং প্রকাশয়িতুং সমর্থঃ ॥২৭॥

ইতি শ্রীমহাভারতে উদ্‌যোগপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ত্রয়োদশোঽধ্যায়ঃ ॥১৩॥

"আমি যদি দান করিয়া থাকি, হোম করিয়া থাকি, গুরুজনের সন্তোষ বিধান করিয়া থাকি, কিংবা আমাতে যদি সত্য থাকে, তবে আমি যেন ব্যভিচারিণী হই না" ॥২৪॥

(তাহার পর স্থির করিলেন—) 'উত্তরায়ণে এই দিব্য ও পবিত্র রাত্রি উপস্থিত হইয়াছে; আমি এই রাত্রিদেবীকে নমস্কার করি; তাহাতেই আমার অভীষ্টসিদ্ধি হইবে' ॥২৫॥

তখনই শচীদেবী সংযত হইয়া রাত্রিদেবীর উপাসনা করিলেন; তৎপরে আবার তিনি নিজের পাতিব্রাত্য ও সত্যের উপরে নির্ভর করিয়া 'উপশ্রুতি'-নাম্নী সেই রাত্রিদেবীকে আহ্বান করিলেন ॥২৬॥

চতুর্দ্দশোঽধ্যায়ঃ।

—:•:-

শল্য উবাচ।

অথৈনাং রূপিণী সাধ্বীমুপতিষ্ঠদুপশ্রুতিঃ।
তাং বয়োরূপসম্পন্নাং দৃষ্ট্বা দেবীমুপস্থিতাম্ ॥১॥
ইন্দ্রাণী সম্প্রহৃষ্টাত্মা সংপূজ্যৈনামথাব্রবীৎ।
ইচ্ছামি ত্বামহং জ্ঞাতুং কা ত্বং ব্রূহি বরাননে! ॥২॥ (যুগ্মকম্)

উপশ্রুতিরুবাচ।

উপশ্রুতিরহং দেবি! তবান্তিকমুপাগতা।
দর্শনঞ্চৈব সম্প্রাপ্তা তব সত্যেন ভাবিনি! ॥৩॥

ভারতকৌমুদী

যত্রেতি। অসৌ মম পতিঃ। সত্যং যথার্থং মৎপাতিব্রাত্যম্, সত্যেন অভ্রান্তপ্রত্যক্ষেণৈব ত্বয়া দৃশ্যতাম্। ইতি উপশ্রুতিং দেবীম্, আহ উদ্দেশেন ব্রবীতি স্ম ॥২৭॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামুদ্যোগপর্ব্বণি সঞ্জয়যানে ত্রয়োদশোঽধ্যায়ঃ ॥০॥

-:•:—

অথেতি। এনাং শচীম্, রূপিণী মূর্ত্তিমতী। এনামুপশ্রুতিম্ ॥১—২॥
উপেতি। সত্যেন বাক্যেন ব্যবহারেণ চ। হে ভাবিনি! ইন্দ্রানুরাগিণি! ॥৩॥

তৎপরে তিনি সেই 'উপশ্রুতি'-নাম্নী রাত্রিদেবীর উদ্দেশে এই কথা বলিলেন—"দেবি! আমার পতি ইন্দ্র যে স্থানে আছেন, আমাকে সেই স্থানটী দেখাইয়া দিন এবং আপনি প্রত্যক্ষভাবে আমার যথার্থ পাতিব্রাত্য দর্শন করুন" ॥২৭॥

—:•:—

শল্য বলিলেন—তাহার পর উপশ্রুতিদেবী মূর্ত্তিমতী হইয়া সাধ্বী শচীর নিকট উপস্থিত হইলেন। তখন শচীদেবী রূপযৌবনসম্পন্না সেই দেবীকে উপস্থিত দেখিয়া আনন্দিত হইয়া তাঁহাকে পূজা করিয়া বলিলেন—"বরাননে! আমি আপনাকে জানিতে ইচ্ছা করি, আপনি কে, তাহা বলুন" ॥১—২॥

(৩)· সত্যেন ভাবিনি।—বা ব রা নি।

পতিব্রতাসি যুক্তা চ যমেন নিয়মেন চ।
দর্শয়িষ্যামি তে শক্রং দেবং বৃত্রনিষূদনম্ ॥৪॥
ক্ষিপ্রমন্বেহি ভদ্রং তে দ্রক্ষ্যসে সুরসত্তমম্।
ততস্তাং প্রস্থিতাং দেবীমিন্দ্রাণী সা সমন্বগাৎ ॥৫॥
দেবারণ্যান্যতিক্রম্য পর্ব্বতাংশ্চ বহূংস্ততঃ।
হিমবন্তমতিক্রম্য উত্তরং পার্শ্বমাগমৎ ॥৬॥
সমুদ্রঞ্চ সমাসাদ্য বহুযোজনবিস্তৃতম্।
আসসাদ মহাদ্বীপং নানাদ্রুমলতাবৃতম্ ॥৭॥
তত্রাপশ্যৎ সরো দিব্যং নানাশকুনিভির্বৃতম্।
শতযোজনবিস্তীর্ণং তাবদেবায়তং শুভম্ ॥৮॥

ভারতকৌমুদী

পতীতি। যমেন অহিংসাদিনা, নিয়মেন উপবাসাদিনা ॥৪॥
ক্ষিপ্রমিতি। অন্বেহি মামনুগচ্ছ। তে তব ভদ্রং মঙ্গলমস্তু ॥৫॥
দেবেতি। দেবারণ্যানি দেবসম্বন্ধীনি বনানি। উত্তরং পার্শ্বং হিমবত এব ॥৬॥
সমুদ্রমিতি। আসসাদ প্রাপ, উপশ্রুতিঃ শচী চেতি শেষঃ ॥৭॥
তত্রেতি। নানাশকুনিভির্বহুবিধপক্ষিভিঃ। শতেত্যাদিকন্তু বিশালতাপরম্ ॥৮॥

উপশ্রুতি বলিলেন—"দেবি! আমি উপশ্রুতি আপনার নিকট আসিয়াছি এবং ভাবিনি! আপনার সত্যধর্ম্মের বলে আপনার দৃষ্টিগোচর হইয়াছি ॥৩॥

আপনি পতিব্রতা এবং যম ও নিয়ম-যুক্তা; অতএব আমি আপনাকে সেই বৃত্রহন্তা ইন্দ্রদেবের দর্শন করাইব ॥৪॥

আপনার মঙ্গল হউক, আপনি সত্বর আমার অনুগমন করুন, তাহা হইলেই দেবশ্রেষ্ঠ ইন্দ্রকে দেখিতে পাইবেন"। তাহার পর উপশ্রুতিদেবী প্রস্থান করিলে শচীদেবী তাঁহার অনুগমন করিতে লাগিলেন ॥৫॥

তৎপরে তাঁহারা দেববন সকল, বহুতর পর্ব্বত এবং হিমালয় অতিক্রম করিয়া তাহার উত্তর পার্শ্বে যাইয়া উপস্থিত হইলেন ॥৬॥

ক্রমে তাঁহারা বহুযোজনবিস্তৃত একটা সমুদ্রের তীরে যাইয়া তাহার মধ্যে নানাবিধ বৃক্ষ-লতায় আবৃত একটা মহাদ্বীপ দেখিতে পাইলেন ॥৭॥

আবার সেই দ্বীপের মধ্যে দেখিলেন—শতযোজনবিস্তৃত, শতযোজনায়ত, মনোহর ও অলৌকিক একটা সরোবর রহিয়াছে; তাহার উপরে নানাবিধ পক্ষী উড়িয়া বেড়াইতেছে ॥৮॥

---

(৪) পতিব্রতা চ যুক্তা চ—বা ব য়া নি। (৭)…বহুযোজনবিস্তরম্—পি।

তত্র দিব্যানি পদ্মানি পঞ্চবর্ণানি ভারত!।
ষট্‌পদৈরুপগীতানি প্রফুল্লানি সহস্রশঃ ॥৯॥
সরসস্তস্য মধ্যে তু পদ্মিনী মহতী শুভা।
গৌরেণোন্নতনালেন পদ্মেন মহতা বৃতা ॥১০॥
পদ্মস্য ভিত্ত্বা নালঞ্চ বিবেশ সহিতা তয়া।
বিসতন্তুপ্রবিষ্টঞ্চ তত্রাপশ্যচ্ছতক্রতুম্ ॥১১॥
তং দৃষ্ট্বা চ সুসূক্ষ্মেণ রূপেণাবস্থিতং প্রভুম্।
সূক্ষ্মরূপধরা দেবী বভূবোপশ্রুতিশ্চ সা ॥১২॥
ইন্দ্রং তুষ্টাব চেন্দ্রাণী বিশ্রুতৈঃ পূর্ব্বকর্ম্মভিঃ।
স্তূয়মানস্ততো দেবঃ শচীমাহ পুরন্দরঃ ॥১৩॥

ভারতকৌমুদী

তত্রেতি। পঞ্চবর্ণানি শ্বেত-রক্ত-নীল-পীত-হরিদ্বর্ণানি। প্রফুল্লানি বিকসিতানি ॥৯॥
সরস ইতি। পদ্মিনী পদ্মলতা। গৌরেণ শ্বেতেন ॥১০॥
পদ্মস্যেতি। সহিতা উপশ্রুতিঃ, তয়া শচ্যা। বিসতন্তুপ্রবিষ্টং মৃণালসূত্রান্তর্গতম্ ॥১১॥
তমিতি। প্রভুমিন্দ্রম্। দেবী শচী ॥১২॥
ইন্দ্রমিতি। বিশ্রুতৈর্বিখ্যাতৈঃ, পূর্ব্বকর্ম্মভির্বলসূদনাদিভিঃ ॥১৩॥

ভরতনন্দন! সেই সরোবরে আবার শ্বেত, রক্ত, নীল, পীত ও হরিদ্বর্ণের সহস্র সহস্র দিব্য পদ্মপুষ্প প্রস্ফুটিত হইয়া রহিয়াছে এবং তাহার নিকট দিয়া ভ্রমরগণ গান করিয়া বেড়াইতেছে ॥৯॥

সেই সরোবরের মধ্যস্থানে বিশাল ও মনোহর একটা পদ্মিনী (পদ্মলতা) রহিয়াছে, তাহার উপরে আবার একটা শ্বেতবর্ণ, উন্নতনাল ও বিশাল পদ্ম প্রস্ফুটিত হইয়া আছে ॥১০॥

তখন উপশ্রুতিদেবী সেই পদ্মের নাল ভেদ করিয়া তাহার ভিতরে শচীদেবীর সহিত প্রবেশ করিলেন এবং সেখানে মৃণালসূত্রের অভ্যন্তরপ্রবিষ্ট অবস্থায় ইন্দ্রকে দর্শন করিলেন ॥১১॥

তখন উপশ্রুতি ও শচী অতিসূক্ষ্মরূপে অবস্থিত ইন্দ্রকে দর্শন করিয়া নিজেরাও অতিসূক্ষ্মরূপ ধারণ করিলেন ॥১২॥

তাহার পর শচীদেবী প্রসিদ্ধ প্রসিদ্ধ পূর্ব্বকর্ম্মের উল্লেখ করিয়া ইন্দ্রের স্তব করিলেন; তখন ইন্দ্র শচীদেবীকে বলিলেন—॥১৩॥

---

(১৩)...স্তূয়মানস্ততো দেবঃ—পি।

কিমর্থমসি সম্প্রাপ্তা বিজ্ঞাতশ্চ কথং ত্বহম্ ।
ততঃ সা কথয়ামাস নহুষস্য বিচেষ্টিতম্ ॥১৪॥
ইন্দ্রত্বং ত্রিষু লোকেষু প্রাপ্য বীর্য্যসমন্বিতঃ ।
দর্পাবিষ্টশ্চ দুষ্টাত্মা মামুবাচ শতক্রতো ! ॥১৫॥
উপতিষ্ঠেতি মাং ক্রূরঃ কালঞ্চ কৃতবান্ মম ।
যদি ন ত্রাস্যসি বিভো ! করিষ্যতি স মাং বশে ॥১৬॥
এতেন চাহং সংপ্রাপ্তা দ্রুতং শক্র ! তবান্তিকম্ ।
জহি রৌদ্রং মহাবাহো ! নহুষং পাপনিশ্চয়ম্ ॥১৭॥
প্রকাশয় স্বমাত্মানং দৈত্যদানবসূদনম্ ।
তেজঃ সমাপ্নুহি বিভো ! দেবরাজ্যং প্রশাধি চ ॥১৮॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামুদ্যোগপর্ব্বণি সঞ্জয়যানে ইন্দ্রাণীন্দ্রসংবাদে চতুর্দ্দশোঽধ্যায়ঃ ॥০॥

ভারতকৌমুদী

কিমিতি। সম্প্রাপ্তা আগতা, বিজ্ঞাতশ্চ ত্বয়া। বিচেষ্টিতং ব্যবহারম্ ॥১৪॥
কথনপ্রকারমাহ—ইন্দ্রত্বমিতি। বীর্য্যসমন্বিতো নহুষঃ ॥১৫॥
কিমুবাচেত্যাহ উপেতি। উপতিষ্ঠ ভজ, মাং নহুষম্। কালং সঙ্গমকালনির্দ্দেশম্ ॥১৬॥
এতেনেতি। এতেন হেতুনা, সংপ্রাপ্তা আগতা। রৌদ্রং ভয়ঙ্করম্ ॥১৭॥

"দেবি! তুমি কি জন্য আসিয়াছ? কি প্রকারেই বা তুমি আমাকে জানিলে?"। তাহার পর শচীদেবী নহুষের ব্যবহারের কথা বলিলেন—॥১৪॥

"দেবরাজ! বলবান্ ও দুরাত্মা নহুষ ত্রিভুবনে রাজত্ব লাভ করিয়া দর্পিত হইয়া আমাকে বলিয়াছে—॥১৫॥

'ইন্দ্রাণি! তুমি আমাকে ভজন কর' এবং ক্রূরস্বভাব নহুষ আমার সঙ্গমকালের নির্দ্দেশও করিয়াছেন; অতএব প্রভু! আপনি যদি আমাকে রক্ষা না করেন, তবে নহুষ আমাকে বশীভূত করিবে ॥১৬॥

দেবরাজ! এই জন্যই আমি আপনার নিকট দ্রুত আসিয়াছি; অতএব মহাবাহু! আপনি, ভয়ঙ্করপ্রকৃতি ও পাপমতি নহুষকে সংহার করুন ॥১৭॥

প্রভু! আপনি দৈত্যদানবনাশক আপন মূর্ত্তি প্রকাশ করুন, (পূর্ব্বের ন্যায়) তেজ ধারণ করুন এবং দেবরাজ্য শাসন করুন" ॥১৮॥

(১৬) উপতিষ্ঠেতি স ক্রূরঃ—বা ব রা নি। (১৭)...সংক্রান্তা প্রাপ্তা শক্র!—পি। (১৮) প্রকাশয়াত্মনাত্মানং দৈত্যদানবসূদন।।—বা ব রা, প্রকাশয়স্ব চাত্মানং দৈত্যদানবসূদন।।—নি।

পঞ্চদশোঽধ্যায়ঃ।

—:*:—

শল্য উবাচ।

এবমুক্তঃ স ভগবান্ শচ্যা তাং পুনরব্রবীৎ।
বিক্রমস্য ন কালোঽয়ং নহুষো বলবত্তরঃ ॥১॥
বিবর্দ্ধিতশ্চ ঋষিভির্হব্যৈঃ কব্যৈশ্চ ভাবিনি !।
নীতিমত্র বিধাস্যামি দেবি ! তাং কর্ত্তুমর্হসি ॥২॥
গুহ্যঞ্চৈতত্ত্বয়া কার্য্যং নাখ্যাতব্যং শুভে ! ক্বচিৎ।
গত্বা নহুষমেকান্তে ব্রবীহি তনুমধ্যমে ! ॥৩॥

ভারতকৌমুদী

প্রেতি। স্বং স্বকীয়ম্, আত্মানং শরীরম্। তেজো বলম্ ॥১৮॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামুদ্‌যোগপর্ব্বণি সঞ্জয়যানে চতুর্দ্দশোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

এবমিতি। ভগবান্ ইন্দ্রঃ। তাং শচীম্। বলবত্তরো মদপেক্ষয়া ॥১॥

বীতি। দেবেভ্যো দেয়ানি দ্রব্যাণি হব্যানি, পিতৃভ্যো দেয়ানি চ কব্যানি তৈঃ ॥২॥

গুহ্যমিতি। গুহ্যং গুপ্তম্। একান্তে নির্জ্জনে। হে তনুমধ্যমে ! কৃশমধ্যে ! ॥৩॥

ভারতভাবদীপঃ

অথেতি ॥১—৪॥ প্রহিতাং প্রস্থিতাম্ ॥৫—১৫॥ ত্রাস্যসি পালয়িষ্যসি, তদ্ভাব আর্ষঃ ॥১৬—১৮॥

ইতি শ্রীমহাভারতে উদ্‌যোগপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে চতুর্দ্দশোঽধ্যায়ঃ ॥১৪॥

শল্য বলিলেন—"শচী এইরূপ বলিলে, ইন্দ্র পুনরায় তাঁহাকে বলিলেন—'এটা বিক্রম প্রকাশ করিবার সময় নহে। কারণ, নহুষ আমা অপেক্ষা বলবান্ ॥১॥

ভাবিনি ! বিশেষতঃ, ঋষিরা হব্য ও কব্য দিয়া নহুষকে বাড়াইয়াছেন ; অতএব এ বিষয়ে আমি একটা কৌশল করিব ; দেবি ! তুমি তাহাই কর ॥২॥

কল্যাণি ! তুমি গোপনে এই কার্য্য করিবে, কোথাও বলিবে না। কৃশমধ্যে ! তুমি যাইয়া নির্জ্জনে নহুষকে বল—॥৩॥

---

(১)…শচ্যা পুনরথাব্রবীৎ—পি। (২)…হব্যকব্যৈশ্চ ভামিনি !—নি।

ঋষিযানেন দিব্যেন মামুপৈহি জগৎপতে ! ।
এবং তব বশে প্রীতা ভবিষ্যামীতি তং বদ ॥৪॥
ইত্যুক্তা দেবরাজেন পত্নী সা কমলেক্ষণা ।
এবমস্ত্বিত্যথোক্ত্বা তু জগাম নহুষং প্রতি ॥৫॥
নহুষস্তাং ততো দৃষ্ট্বা সস্মিতো বাক্যমব্রবীৎ ।
স্বাগতং তে বরারোহে ! কিং করোমি শুচিস্মিতে ! ॥৬॥
ভক্তং মাং ভজ কল্যাণি । কিমিচ্ছসি মনস্বিনি ! ।
তব কল্যাণি ! যৎ কার্য্যং তৎ করিষ্যে সুমধ্যমে ! ॥৭॥
ন চ ব্রীড়া ত্বয়া কার্য্যা সুশ্রোণি ! ময়ি বিশ্বসেঃ ।
সত্যেন বৈ শপে দেবি ! করিষ্যে বচনং তব ॥৮॥

ভারতকৌমুদী

ঋষীতি । ঋষিভির্বাহ্যং যানম্ ঋষিযানং তেন, দিব্যেন অলৌকিকেন ॥৪॥
ইতীতি । পত্নী দেবরাজস্যৈব, সা শচী ॥৫॥
নহুষ ইতি । সস্মিতঃ সমৃদুহাসঃ । স্বাগতং সুখেনাগমনং কিমু ॥৬॥
ভক্তমিতি । ভক্তং মদনুরক্তম্ । হে মনস্বিনি ! প্রশস্তচিত্তে ! ॥৭॥
নেতি । ব্রীড়া লজ্জা । শপে শপথং করোমি ॥৮॥

"'জগৎপতি ! আপনি অলৌকিক ঋষিযানে আরোহণ করিয়া আমার নিকট আসুন । এইরূপ করিলেই আমি আনন্দিত হইয়া আপনার বশীভূত হইব' এই-ভাবেই নহুষকে বলিবে" ॥৪॥

দেবরাজ এই কথা বলিলে, পদ্মনয়না শচীদেবী 'এইরূপই হউক' এই কথা বলিয়া নহুষের নিকট চলিয়া গেলেন ॥৫॥

তাহার পর নহুষ তাঁহাকে দেখিয়া মৃদু হাস্য করিয়া এই কথা বলিল—"সুনিতম্বে ! তোমার শুভাগমন ত ? শুচিস্মিতে ! আমি তোমার কি করিব ॥৬॥

কল্যাণি ! আমি তোমার ভক্ত ; সুতরাং তুমি আমাকে ভজন কর ; মনস্বিনি ! তুমি কি ইচ্ছা করিতেছ ? কল্যাণি ! সুমধ্যমে ! তোমার যে কার্য্য আছে, আমি তাহা করিব ॥৭॥

সুনিতম্বে ! তুমি লজ্জা করিবে না, আমার উপরে বিশ্বাস করিবে । দেবি ! আমি সত্য করিয়া শপথ করিতেছি—তোমার বাক্য রক্ষা করিব" ॥৮॥

---

(৬)…বিস্মিতো বাক্যমব্রবীৎ—পি ।

ইন্দ্রাণ্যুবাচ।

যো মে কৃতস্ত্বয়া কালস্তমাকাঙ্ক্ষে জগৎপতে!।
ততস্ত্বমেব মে ভর্ত্তা ভবিষ্যসি সুরাধিপ! ॥৯॥
কার্য্যঞ্চ হৃদি মে যত্তদ্দেবরাজাবধারয়।
বক্ষ্যামি যদি মে রাজন্! প্রিয়মেতৎ করিষ্যসি ॥১০॥
বাক্যং প্রণয়সংযুক্তং ততঃ স্যাং বশগা তব।
ইন্দ্রস্য বাজিনো বাহা হস্তিনোঽথ রথাস্তথা ॥১১॥ (যুগ্মকম্)
ইচ্ছাম্যহমিহাপূর্ব্বং বাহনং তে সুরাধিপ!।
যন্ন বিষ্ণোর্ন রুদ্রস্য ন সুরাণাং ন রক্ষসাম্ ॥১২॥
বহন্তু ত্বাং মহভাগা ঋষয়ঃ সঙ্গতা বিভো!।
সর্ব্বে শিবিকয়া রাজন্নেতদ্ধি মম রোচতে ॥১৩॥

ভারতকৌমুদী

য ইতি। কালঃ সঙ্গমকালনির্দ্দেশঃ ॥৯॥

কার্য্যমিতি। অবধারয় আকর্ণয়। এতৎ প্রণয়সংযুক্তং মে প্রিয়ং বাক্যং যদি করিষ্যসি, ততস্তদা তব বশগা স্যাম্। বাহা বাহনান্যাসন্ ॥১০—১১॥

ইচ্ছামীতি। অপূর্ব্বং পূর্ব্বমবিদ্যমানম্। যন্ন বর্ত্ততে ॥১২॥

কিং তদপূর্ব্বং বাহনমিত্যাহ—বহন্ত্বিতি। সঙ্গতা মিলিতাঃ। এতৎ ঋষিবাহনম্ ॥১৩॥

শচী বলিলেন—"দেবরাজ! জগৎপতি! আপনি আমার বিষয়ে যে কাল নির্দ্দিষ্ট করিয়াছেন, আমি তাহার কামনা করি। তাহার পর, আপনিই আমার ভর্ত্তা হইবেন ॥৯॥

দেবরাজ! আমার মনে যে কার্য্য রহিয়াছে, তাহা আমি বলিব, আপনি শ্রবণ করুন। রাজা! আপনি যদি আমার এই প্রণয়যুক্ত প্রীতিকর বাক্য রক্ষা করেন, তবে আমি আপনার বশবর্ত্তিনী হইব। দেখুন—হস্তী, অশ্ব ও রথ ইন্দ্রের বাহন ছিল ॥১০—১১॥

দেবরাজ! আমি এখন আপনার অপূর্ব্ব (পূর্ব্বে যাহা কেহ করে নাই, এমন) বাহন ইচ্ছা করি; যাহা বিষ্ণুর বা শিবের, কিংবা অন্যান্য দেবতার বা রাক্ষসদের নাই ॥১২॥

প্রভু! রাজা! মহাত্মা ঋষিরা সকলে মিলিত হইয়া শিবিকায় (ডুলিতে) করিয়া আপনাকে বহন করুন, ইহাই আমার ইচ্ছা ॥১৩॥

(১৩) বহন্তু ত্বাং মহাভীমাঃ—পি।

নাসুরেষু ন দেবেষু তুল্যা ভবিতুমর্হসি ।
সর্ব্বেষাং তেজ আদৎসে স্বেন বীর্য্যেণ দর্শনাৎ ।
ন তে প্রমুখতঃ স্থাতুং কশ্চিচ্ছক্নোতি বীর্য্যবান্ ॥১৪॥

শল্য উবাচ ।

এবমুক্তস্তু নহুষঃ প্রাহৃষ্যত তদা কিল ।
উবাচ বচনঞ্চাপি সুরেন্দ্রস্ত মানন্দিতাম্ ॥১৫॥

নহুষ উবাচ ।

অপূর্ব্বং বাহনমিদং ত্বয়োক্তং বরবর্ণিনি ! ।
দৃঢ়ং মে রুচিতং দেবি ! ত্বদ্বশোহস্মি বরাননে ! ॥১৬॥
নহ্যল্পবীর্য্যো ভবতি যো বাহান্ কুরুতে মুনীন্ ।
অহং তপস্বী বলবান্ ভূতভব্যভবৎপ্রভুঃ ॥১৭॥
ময়ি ক্রুদ্ধে জগন্ন স্যান্ময়ি সর্ব্বং প্রতিষ্ঠিতম্ ।
দেবদানবগন্ধর্ব্বাঃ কিন্নরোরগরাক্ষসাঃ ॥১৮॥

ভারতকৌমুদী

ঋষিবাহনে কিং কারণমিত্যাহ—নেতি। ষষ্ঠ্যর্থে সপ্তমীদ্বয়ম্। যদি ঋষয়ো মে শাপং দাস্যন্তীত্যাহ—সর্ব্বেষামিতি। প্রমুখতঃ সম্মুখে। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১৪॥

এবমিতি। সুরেন্দ্রো দেবরাজীভূতো নহুষ ইতি সম্বন্ধঃ ॥১৫॥

অপূর্ব্বমিতি। অপূর্ব্বং পূর্ব্বং কেনাপ্যকৃতম্। রুচিতম্ অভিপ্রেতম্ ॥১৬॥

নহীতি। ভূতভব্যভবৎপ্রভুঃ অতীতানাগতবর্ত্তমানসর্ব্বকার্য্যনিয়ন্তা ॥১৭॥

ময়ীতি। ন স্যাৎ ন তিষ্ঠেৎ। দেবাদয়োঽপি প্রতিষ্ঠিতা ইত্যর্থঃ ॥১৮॥

কারণ, আপনি অসুরদের বা দেবতাদের সামন হইতে পারেন না। তা'র পর, আপনি দর্শনমাত্রেই আপন প্রভাবে সকলেরই তেজ গ্রহণ করিয়া থাকেন ; সুতরাং কোন বলবান্‌ই আপনার সম্মুখে থাকিতে পারেন না” ॥১৪॥

শল্য বলিলেন—“শচী এইরূপ বলিলে, দেবরাজ নহুষ তখন অত্যন্ত আনন্দিত হইল এবং আনন্দিতা শচীকে এই কথা বলিল ॥১৫॥

নহুষ বলিল—“বরবর্ণিনি ! তুমি এটা অপূর্ব্ব বাহনের কথাই বলিয়াছ, আমারও এটা অত্যন্ত অভিপ্রেত হইয়াছে ; সুতরাং দেবি ! বরাননে ! আমি তোমার বশীভূত হইলাম ॥১৬॥

যে লোক অল্পবীর্য্য হয়, সে লোক মুনিগণকে বাহন করিতে পারে না ; কিন্তু আমি তপস্বী, বলবান্ এবং ভূত, ভবিষ্যৎ ও বর্ত্তমানের নিয়ন্তা ॥১৭॥

আমি ক্রুদ্ধ হইলে জগৎটাই থাকে না এবং আমাতেই সকল রহিয়াছে ;

ন মে ক্রুদ্ধস্য পর্য্যাপ্তাঃ সর্ব্বে লোকাঃ শুচিস্মিতে!।
চক্ষুষা যং প্রপশ্যামি তস্য তেজো হরাম্যহম্ ॥১৯॥
অহমিন্দ্রোঽস্মি দেবানাং লোকানাঞ্চ মহেশ্বরঃ।
ময়ি হব্যঞ্চ কব্যঞ্চ লোকাশ্চৈব সনাতনাঃ।
তস্মাত্তে বচনং দেবি! করিষ্যামি ন সংশয়ঃ ॥২০॥
সপ্তর্ষয়ো মাং বক্ষ্যন্তি সর্ব্বে ব্রহ্মর্ষয়স্তথা।
পশ্য মাহাত্ম্যমস্মাকমৃদ্ধিঞ্চ বরবর্ণিনি! ॥২১॥

শল্য উবাচ।

এবমুক্ত্বা তু তাং দেবীং বিসৃজ্য চ বরাননাম্।
অথ সঞ্চিন্ত্য নহুষো বলবীর্য্যেণ ভারত! ॥২২॥
বিসৃজ্য সুপ্রতীকঞ্চ নাগমৈরাবতং তথা।
হংসযুক্তং বিমানঞ্চ হরিযুক্তং তথা রথম্ ॥২৩॥

ভারতকৌমুদী

নেতি। পর্য্যাপ্তা নিরোধে সমর্থাঃ ॥১৯॥
অহমিতি। "হব্যকব্যে দৈবপৈত্রে" ইত্যমরঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২০॥
সপ্তেতি। বক্ষ্যন্তি শিবিকয়া বহন্তো গন্তব্যদেশং নেষ্যন্তি। ঋদ্ধিমৈশ্বর্য্যম্ ॥২১॥
এবমিতি। তাং শচীম্। বলবীর্য্যেণ বলবিক্রমানুসারেণ সঞ্চিন্ত্য। সুপ্রতীকং তদাখ্যম্

এমন কি দেব, দানব, গন্ধর্ব্ব, কিন্নর, নাগ এবং রাক্ষসগণও আমাতেই রহিয়াছে ॥১৮॥

শুভ্রহাসিনি! আমি ক্রুদ্ধ হইলে, সমগ্র জগৎও আমাকে রোধ করিতে সমর্থ হয় না। কারণ, আমি যাহার প্রতি দৃষ্টিপাত করি, তাহারই তেজ হরণ করিয়া থাকি ॥১৯॥

আমি দেবগণের ইন্দ্র, আমি সমস্ত লোকের মহেশ্বর এবং আমাতেই হব্য, কব্য ও সনাতন লোকপ্রবাহ রহিয়াছে; অতএব দেবি! আমি তোমার বাক্য রক্ষা করিব, এ বিষয়ে কোন সন্দেহ নাই ॥২০॥

সপ্তর্ষিরা ও ব্রহ্মর্ষিরা সকলেই আমাকে বহন করিবেন। বরবর্ণিনি! তুমি আমার মাহাত্ম্য ও সমৃদ্ধি দেখ" ॥২১॥

শল্য বলিলেন—"ভরতনন্দন! ব্রাহ্মণগণের অহিতৈষী, বলবান্, মদমত্ত,

---

(২০) পূর্ব্বপাদচতুষ্টয়ং পি বা ব রা নাস্তি। (২১)···পশ্য মাহাত্ম্যযোগং মে ঋদ্ধিঞ্চ—বা ব রা নি। (২২) অথেত্যারভ্য মহামুনীনিত্যন্তঃ পাঠঃ পি বা ব রা নাস্তি।

স তু দর্পেণ মহতা পরিভূয় মহামুনীন্।
বিমানে যোজয়িত্বা চ ঋষীন্ নিয়মমাস্থিতান্ ॥২৪॥
অব্রহ্মণ্যো বলোপেতো মত্তো মদবলেন চ।
কামবৃত্তঃ স দুষ্টাত্মা বাহয়ামাস তানৃষীন্ ॥২৫॥ (কলাপকম্)
নহুষেণ বিসৃষ্টা চ বৃহস্পতিমথাব্রবীৎ।
সময়োঽল্পাবশেষো মে নহুষেণেহ যঃ কৃতঃ ॥২৬॥
শক্রং মৃগয় শীঘ্রং ত্বং ভক্তায়াঃ কুরু মে দয়াম্।
বাঢ়মিত্যেব ভগবান্ বৃহস্পতিরুবাচ তাম্ ॥২৭॥
ন ভেতব্যং ত্বয়া দেবি! নহুষাদ্দুষ্টচেতসঃ।
ন হ্যসৌ স্থাস্যতি চিরং গত এষ নরাধমঃ ॥২৮॥
অধর্ম্মজ্ঞো মহর্ষীণাং বাহনাচ্চ হতঃ শুভে!।
ইষ্টিঞ্চাহং করিষ্যামি বিনাশায়াস্য দুর্ম্মতেঃ ॥২৯॥

ভারতকৌমুদী

ঐরাবতঞ্চ নাগং হস্তিনম্। হরিযুক্তং সদশ্বযুক্তং রথঞ্চ বিসৃজ্য বিহায়। নিয়মমুপবাসাদিকম্, আস্থিতান্ আশ্রিতান্। অব্রহ্মণ্যো ব্রাহ্মণানামহিতঃ ॥২২—২৫॥

নহুষেণেতি। বিসৃষ্টা শচী চ। সময়ঃ সঙ্গমায় নির্দ্দিষ্টঃ কালঃ ॥২৬॥

শক্রমিতি। মৃগয় অন্বিষ্য। বাঢ়ং ধ্রুবমেব মৃগয়ামীত্যর্থঃ ॥২৭॥

নেতি। গতো মৃত এবেত্যর্থঃ, আত্মন এব দুরাচারাদিতি ভাবঃ ॥২৮॥

কামাকুলচিত্ত ও দুরাত্মা সেই নহুষ এইরূপ বলিয়া, বরাননা শচীদেবীকে বিদায় দিয়া, নিজের বলবিক্রম অনুসারে চিন্তা করিয়া, সুপ্রতীক ও ঐরাবতহস্তী, হংসযুক্ত বিমান এবং উৎকৃষ্ট ঘোটকযুক্ত রথ পরিত্যাগ করিয়া, গুরুতর দর্পে মহর্ষিদিগকে অপমানিত করিয়া, উপবাসাদিনিয়মাবলম্বী সেই মহর্ষিদিগকে বিমানে যোজিত করিয়া, তাঁহাদের দ্বারা তাহা বহন করাইতে লাগিল ॥২২—২৫॥

এদিকে নহুষ বিদায় দিলে পর শচীদেবী যাইয়া বৃহস্পতিকে বলিলেন—"নহুষ যে সময় নির্দ্দিষ্ট করিয়াছিল, তাহার ত অল্পমাত্র অবশিষ্ট আছে ॥২৬॥

অতএব আপনি সত্বর ইন্দ্রের অন্বেষণ করুন; আমি আপনার ভক্তা, আমার প্রতি দয়া করুন"। তখন ভগবান্ বৃহস্পতি তাঁহাকে বলিলেন—"অবশ্যই অন্বেষণ করিব ॥২৭॥

দেবি! আপনি দুরাত্মা নহুষের ভয় করিবেন না। কারণ, ও চিরকাল থাকিবে না, সে নরাধম ত গিয়াছে ॥২৮॥

(২৮)…ন হ্যেষ স্থাস্যতি—বা ব রা নি।

শক্রঞ্চাধিগমিষ্যামি মা ভৈস্ত্বং ভদ্রমস্তু তে।
ততঃ প্রজ্বাল্য বিধিবজ্জুহাব পরমং হবিঃ ॥৩০॥
বৃহস্পতির্মহাতেজা দেবরাজোপলব্ধয়ে।
হুত্বাগ্নিং সোঽব্রবীদ্রাজন্! শক্রমন্বিষ্যতামিতি ॥৩১॥
তস্মাচ্চ ভগবান্ দেবঃ স্বয়মেব হুতাশনঃ।
স্ত্রীবেশমদ্ভুতং কৃত্বা তত্রৈবান্তরধীয়ত ॥৩২॥
স দিশঃ প্রদিশশ্চৈব পর্ব্বতাংশ্চ বনানি চ।
পৃথিবীঞ্চান্তরীক্ষঞ্চ বিচিত্যাথ মনোগতিঃ।
নিমেষান্তরমাত্রেণ বৃহস্পতিমুপাগমৎ ॥৩৩॥

ভারতকৌমুদী

অধর্ম্মেতি। হতো হতায়ুষ্কঃ। ইষ্টিং যজ্ঞম্ ॥২৯॥
শক্রমিতি। অধিগমিষ্যামি যজ্ঞপ্রভাবাদেব লপ্স্যে। প্রজ্বাল্য অগ্নিম্ ॥৩০॥
বৃহস্পতিরিতি। হে রাজন্! যুধিষ্ঠির! অন্বিষ্যতাং মার্গয়তু ॥৩১॥
তস্মাদিতি। ভগবান্ অণিমাদ্যৈশ্বর্য্যবান্, অতএব স্ত্রীবেশকরণাদিকম্ ॥৩২॥
স ইতি। প্রদিশো বিদিশঃ। বিচিত্য অন্বিষ্য। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৩৩॥

ভারতভাবদীপঃ

এবমিতি ॥১—২০॥ মাং বক্ষ্যন্তি মম বহনং করিষ্যন্তি ॥২১—৩০॥ অন্বিষ্যতাম্ অনুগচ্ছতু ভবান্, ইষ গতাবিত্যস্য বিবাদে রূপম্ ॥৩১—৩৭॥
ইতি শ্রীমহাভারতে উদ্‌যোগপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে পঞ্চদশোঽধ্যায়ঃ ॥১৫॥

কল্যাণি! নহুষ একে পাপিষ্ঠ, তাহাতে আবার মহর্ষিগণকে বাহন করায় উহার আয়ুঃশেষ হইয়াছে এবং আমিও ঐ দুর্ম্মতির বিনাশের জন্য যজ্ঞ করিব ॥২৯॥

এবং ঐ যজ্ঞের ফলে ইন্দ্রকে লাভ করিব; অতএব আপনি ভয় করিবেন না, আপনার মঙ্গল হইবে।” তাহার পর বৃহস্পতি অগ্নি প্রজ্বালিত করিয়া তাহাতে যথাবিধানে উত্তম হবি দ্বারা হোম করিলেন ॥৩০॥

রাজা! মহাতেজা বৃহস্পতি ইন্দ্রকে পাইবার জন্য হোম করিয়া অগ্নিকে বলিলেন—“অগ্নিদেব! আপনি ইন্দ্রের অন্বেষণ করুন” ॥৩১॥

বৃহস্পতির সেই অনুরোধে ভগবান্ অগ্নিদেব নিজেই অদ্ভুত স্ত্রীবেশ ধারণ করিয়া সেই স্থানেই অন্তর্হিত হইলেন ॥৩২॥

তাহার পর মনের ন্যায় দ্রুতগামী অগ্নিদেব দিক্, বিদিক্, পর্ব্বত, বন,

---

(৩১)...শক্র অন্বিষ্যতামিতি—নি।

অগ্নিরুবাচ।

বৃহস্পতে ! ন পশ্যামি দেবরাজমিহ কচিৎ।
আপঃ শেষাঃ সদা চাপঃ প্রবেষ্টুং নোৎসহাম্যহম্ ॥৩৪॥
ন মে তত্র গতির্ব্রহ্মন্ ! কিমন্যৎ করবাণি তে।
তমব্রবীদ্দেবগুরুরপো বিশ মহাদ্যুতে ! ॥৩৫॥

অগ্নিরুবাচ।

নাপঃ প্রবেষ্টুং শক্ষ্যামি ক্ষয়ো মেঽত্র ভবিষ্যতি।
শরণং ত্বাং প্রপন্নোঽস্মি স্বস্তি তেঽস্তু মহামতে ! ॥৩৬॥
অদ্ভ্যোঽগ্নির্ব্রহ্মতঃ ক্ষত্রমশ্মনো লোহমুত্থিতম্।
তেষাং সর্ব্বত্রগং তেজঃ স্বাসু যোনিষু শাম্যতি ॥৩৭॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামুদ্‌যোগপর্ব্বণি সঞ্জয়যানে বৃহস্পত্যগ্নিসংবাদে পঞ্চদশোঽধ্যায়ঃ ॥১৫॥

ভারতকৌমুদী

বৃহস্পত ইতি। আপো জলানি, শেষা অন্বেষণে অবশিষ্টাঃ। অপো জলানি। নোৎসহামি নোৎসহে ন শক্নোমি, নির্ব্বাণাবস্থাবাদিতি ভাবঃ ॥৩৪॥

নেতি। তত্র অপ্সু। অপো জলানি, বিশ, আত্মনো মহাপ্রভাবাদেবেতি ভাবঃ ॥৩৫॥

নেতি। অত্র অপ্সু প্রবেশে। স্বস্তি মঙ্গলম্ ॥৩৬॥

অদ্ভ্য ইতি। অদ্ভ্যো জলাদগ্নিঃ ; ব্রহ্মতো ব্রাহ্মণাৎ, ক্ষত্রং ক্ষত্রিয়ঃ ; অশ্মনঃ পাষাণাৎ,

পৃথিবী ও আকাশ অন্বেষণ করিয়া নিমেষকালমধ্যেই আবার বৃহস্পতির নিকট আসিলেন ॥৩৩॥

অগ্নি বলিলেন—"বৃহস্পতি ! আমি এই জগতে কোথাও দেবরাজকে দেখিতে পাইলাম না। এখন অন্বেষণ করিতে মাত্র জল অবশিষ্ট আছে ; কিন্তু আমি সর্ব্বদাই জলে প্রবেশ করিতে সমর্থ হই না ॥৩৪॥

ব্রাহ্মণ ! জলে আমার গমন সম্ভবপর হয় না ; অতএব আমি আপনার আর কি করিব—(বলুন)'। তখন বৃহস্পতি পুনরায় অগ্নিকে বলিলেন—"মহাতেজা ! আপনি জলেই প্রবেশ করুন" ॥৩৫॥

অগ্নি বলিলেন—"মহামতি বৃহস্পতি ! আমি জলে প্রবেশ করিতে পারিব না। কারণ, তাহাতে আমার বিনাশ হইবে ; সুতরাং আমি আপনার শরণাগত হইলাম, আপনার মঙ্গল হউক ॥৩৬॥

---

(৩৬) আপঃ প্রবেষ্টুং শক্নোমি—পি,...তেঽস্তু মহাদ্যুতে !—বা ব বা নি।

ষোড়শোঽধ্যায়ঃ।

—:*:—

বৃহস্পতিরুবাচ।

ত্বমগ্নে! সর্ব্বদেবানাং মুখং ত্বমসি হব্যবাট্।
ত্বমন্তঃ সর্ব্বভূতানাং গূঢ়শ্চরসি সাক্ষিবৎ ॥১॥
ত্বামাহুরেকং কবয়স্ত্বামাহুস্ত্রিবিধং পুনঃ।
ত্বয়া ত্যক্তং জগচ্চেদং সদ্যো নশ্যেদ্ধুতাশন! ॥২॥
কৃত্বা তুভ্যং নমো বিপ্রাঃ স্বকর্ম্মবিজিতাং গতিম্।
গচ্ছন্তি সহ পত্নীভিঃ সুতৈরপি চ শাশ্বতীম্ ॥৩॥

ভারতকৌমুদী

লোহঞ্চ, উত্থিতমুৎপন্নম্। তেষামগ্নিক্ষত্রলোহানাং মধ্যে সর্ব্বত্রগং তেজঃ অগ্নিঃ, স্বাসু যোনিষু কারণীভূতাসু অপ্সু, শাম্যতি নশ্যতি ॥৩৭॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামুদ্যোগপর্ব্বণি সঞ্জয়যানে পঞ্চদশোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

ত্বমিতি। "অগ্নির্বৈ দেবানাং মুখম্" ইতি শ্রুতেঃ। তত্র হেতুমাহ—ত্বমিতি ॥১॥
ত্বামিতি। একং জঠরানলরূপেণ, ত্রিবিধং দক্ষিণাগ্নিগার্হপত্যাহবনীয়রূপেণ ॥২॥
কৃত্বেতি। নমঃপদমর্চ্চনামাত্রপরম্। শাশ্বতীং চিরন্তনীম্ ॥৩॥

(দেখুন—) জল হইতে অগ্নি, ব্রাহ্মণ হইতে ক্ষত্রিয় এবং পাষাণ হইতে লৌহ উৎপন্ন হইয়াছে। সেগুলির মধ্যে সর্ব্বত্রগামী অগ্নি আপন কারণ জলেই বিনষ্ট হইয়া থাকে" ॥৩৭॥

—:*:—

বৃহস্পতি বলিলেন—"অগ্নিদেব! আপনি হব্যবাহী; সুতরাং আপনিই সকল দেবতার মুখস্বরূপ এবং আপনি সাক্ষীর ন্যায় সকল প্রাণীর অন্তরে গুপ্ত অবস্থায় বিচরণ করিয়া থাকেন ॥১॥

হুতাশন! জ্ঞানীরা আপনাকে এক, আবার ত্রিবিধ বলিয়া থাকেন। আর আপনি ত্যাগ করিলে, এই জগৎ তৎক্ষণাৎ বিনষ্ট হয় ॥২॥

দেব! ব্রাহ্মণেরা আপনার অর্চ্চনা করিয়া পুত্র-কলত্রাদির সহিত স্বকর্ম্মবিজিত স্থায়ী স্বর্গ লাভ করিয়া থাকেন ॥৩॥

(৩)…স্বধর্ম্মবিজিতাম্—পি।

ত্বমেবাগ্নে ! হব্যবাহস্ত্বমেবং পরমং হবিঃ ।
যজন্তি সত্রৈস্ত্বামেব যজ্ঞৈশ্চ পরমাধ্বরে ॥৪॥
সৃষ্ট্বা লোকাংস্ত্রীনিহ হব্যবাহ ! প্রাপ্তে কালে পচসি পুনঃ সমিদ্ধঃ ।
ত্বং সর্ব্বস্য ভুবনস্য প্রসূতিস্ত্বমেবাগ্নে ! ভবসি পুনঃ প্রতিষ্ঠা ॥৫॥
ত্বামগ্নে ! জলদানাহুর্বিদ্যুতশ্চ মনীষিণঃ ।
দহন্তি সর্ব্বভূতানি ত্বত্তো নিষ্ক্রম্য ভানবঃ ॥৬॥
ত্বয্যাপো নিহিতাঃ সর্ব্বাস্ত্বয়ি সর্ব্বমিদং জগৎ ।
ন তেঽস্ত্যবিদিতং কিঞ্চিত্রিষু লোকেষু পাবক ! ॥৭॥
স্বযোনিং ভজতে সর্ব্বো বিশস্বাপোঽবিশঙ্কিতঃ ।
অহং ত্বাং বর্দ্ধয়িষ্যামি ব্রাহ্মৈর্মন্ত্রৈঃ সনাতনৈঃ ॥৮॥

ভারতকৌমুদী

ত্বমিতি। সত্রৈঃ "সপ্তদশাবরা ঋদ্ধিকামাঃ সত্রমুপাসীরন্" ইতি শ্রুত্যুক্তরূপৈঃ ॥৪॥

ব্রহ্মরূপেণ স্তৌতি—সৃষ্ট্বেতি। পচসি সংহরসি, সমিদ্ধঃ অতীবদীপ্তঃ। প্রসূতিরুৎপত্তিস্থানম্, প্রতিষ্ঠা লয়স্থানম্, সন্দংশপাতন্যায়াৎ স্থিতিস্থানঞ্চ ॥৫॥

ত্বামিতি। জলদানাহুঃ ত্রব্যান্তরসাহিত্যেন। ভানবঃ কিরণাঃ ॥৬॥

ত্বয়ীতি। আপো জলানি, নিহিতাঃ স্থিতাঃ, জগদপি স্থিতম্ ॥৭॥

স্বেতি। হে অগ্নে! সর্ব্ব এব পদার্থঃ, স্বযোনিং নিজকারণম্, ভজতে কদাচিদাশ্রয়তি; শস্ত্রাদিঃ ক্ষিত্যাদিমিবেতি ভাবঃ। অতএব ত্বমবিশঙ্কিতঃ সন্নেব, অপো জলম্, বিশস্ব প্রবিশ। ক্ষয়সম্ভবেঽপি অহং সনাতনৈর্ব্রাহ্মৈর্মন্ত্রৈস্ত্বাং বর্দ্ধয়িষ্যামি ॥৮॥

অগ্নিদেব! আপনিই হব্যবাহ, আপনিই পরম হবি এবং যাজ্ঞিকেরা মহাযজ্ঞে সত্রপ্রভৃতি হোমদ্বারা আপনারই পূজা করিয়া থাকেন ॥৪॥

হব্যবাহ! আপনি এই ত্রিভুবন সৃষ্টি করিয়া আবার কাল উপস্থিত হইলে প্রদীপ্ত হইয়া সংহার করিয়া থাকেন; সুতরাং অগ্নিদেব! আপনিই এই সমগ্র জগতের উৎপত্তিস্থান আবার লয়স্থান হইয়া থাকেন ॥৫॥

অগ্নিদেব! জ্ঞানীরা আপনাকেই মেঘ ও বিদ্যুৎ বলিয়া থাকেন এবং কিরণ সকল আপনা হইতে নির্গত হইয়া সমস্ত পদার্থ দগ্ধ করে ॥৬॥

পাবক! সমস্ত জল আপনাতে রহিয়াছে, এমন কি, এই সমগ্র জগৎটাই আপনাতে আছে এবং ত্রিভুবনেই আপনার অবিদিত কিছু নাই ॥৭॥

তা'র পর, সকলেই আপন আপন কারণকে আশ্রয় করিয়া থাকে; অতএব

---

(৪)…সত্রৈস্ত্বামেব যজ্ঞৈশ্চ যজন্তি পরমাধ্বরে—পি। (৫) ত্বং সর্ব্বস্যাস্য জগতঃ—পি।
(৬)…বিদ্যুতশ্চ ত্বমেব হি—পি,…বহন্তি সর্ব্ব—নি।

এবং স্তুতো হব্যবাট্ স ভগবান্ কবিরুত্তমঃ।
বৃহস্পতিমথোবাচ প্রীতিমান্ বাক্যমুত্তমম্।
দর্শয়িষ্যামি তে শক্রং সত্যমেতদ্ব্রবীমি তে ॥৯॥

শল্য উবাচ।

প্রবিশ্যাপস্ততো বহ্নিঃ সসমুদ্রাঃ সপল্বলাঃ।
আজগাম সরস্তত্র গূঢ়ো যত্র শতক্রতুঃ ॥১০॥
অথ তত্রাপি পদ্মানি বিচিন্বন্ ভরতর্ষভ!।
অন্বপশ্যৎ স দেবেন্দ্রং বিসমধ্যগতং স্থিতম্ ॥১১॥
আগত্য চ ততস্তূর্ণং তমাচষ্ট বৃহস্পতেঃ।
অণুমাত্রেণ বপুষা পদ্মতন্ত্বাশ্রিতং প্রভুম্ ॥১২॥

ভারতকৌমুদী

এবমিতি। হব্যবাট্ অগ্নিঃ। কবিরুদ্ভাবনকুশলঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৯॥
প্রেতি। অপো জলানি। সপল্বলাঃ ক্ষুদ্রজলাশয়সহিতাঃ ॥১০॥
অথেতি। বিচিন্বন্ অন্বিষ্যন্। বিসমধ্যগতং মৃণালান্তর্গতম্ ॥১১॥
আগত্যেতি। বৃহস্পতেঃ সমীপে। অণুমাত্রেণ অতিসূক্ষ্মেণ ॥১২॥

অগ্নিদেব! আপনিও নিঃশঙ্কচিত্তে জলে প্রবেশ করুন। ক্ষয়সম্ভাবনা হইলে, আমিই সনাতন ব্রাহ্ম মন্ত্রদ্বারা আপনাকে বর্দ্ধিত করিব” ॥৮॥

বৃহস্পতি এইভাবে স্তব করিলে, শ্রেষ্ঠ উদ্ভাবনানিপুণ ও মাহাত্ম্যশালী সেই অগ্নিদেব আনন্দিত হইয়া বৃহস্পতিকে এই উত্তম বাক্য বলিলেন—“দেবগুরু! আমি আপনাকে ইন্দ্রদর্শন করাইব, ইহা আমি আপনার নিকট সত্য বলিতেছি” ॥৯॥

শল্য বলিলেন—“তাহার পর অগ্নিদেব সমুদ্র হইতে ক্ষুদ্র জলাশয়পর্য্যন্ত সমস্ত জলে প্রবেশ করিয়া (দেখিয়া) পরে সেই সরোবর আসিলেন, যেখানে ইন্দ্র গুপ্তভাবে রহিয়াছিলেন ॥১০॥

ভরতশ্রেষ্ঠ! তৎপরে অগ্নিদেব তত্রত্য সকল পদ্ম অন্বেষণ করিয়া একটী পদ্মের মৃণালসূত্রের অভ্যন্তরস্থিত ইন্দ্রকে দেখিতে পাইলেন ॥১১॥

তদনন্তর তিনি সে স্থান হইতে সত্বর আসিয়া বৃহস্পতির নিকট বলিলেন যে, দেবরাজ অতিসূক্ষ্মশরীরে পদ্মের মৃণালসূত্রের ভিতরে রহিয়াছেন ॥১২॥

(১০)...আসসাদ সরস্তচ্চ—বা ব রা নি। (১১)...অপশ্যৎ স তু দেবেন্দ্রং বিসমধ্যগতং তদা—বা ব রা নি। (১২)...তমাহ চ—পি।

গত্বা দেবর্ষিগন্ধর্ব্বৈঃ সহিতোঽথ বৃহস্পতিঃ।
পুরাণৈঃ কর্ম্মভির্দেবং তুষ্টাব বলসূদনম্ ॥১৩॥
মহাসুরো হতঃ শক্র! নমুচির্দারুণস্ত্বয়া।
শম্বরশ্চ বলশ্চৈব তথোভৌ ঘোরবিক্রমৌ ॥১৪॥
শতক্রতো! বিবর্দ্ধস্ব সর্ব্বান্ শত্রূন্ নিসূদয়।
উত্তিষ্ঠ শক্র! সংপশ্য দেবর্ষীংশ্চ সমাগতান্ ॥১৫॥
মহেন্দ্র! দানবান্ হত্বা লোকাস্ত্রাতাস্ত্বয়া প্রভো!।
অপাং ফেনং সমাসাদ্য বিষ্ণুতেজোঽভিবৃংহিতম্।
ত্বয়া বৃত্রো হতঃ পূর্ব্বং দেবরাজ! জগৎপতে! ॥১৬॥
ত্বং সর্ব্বভূতেষু বরেণ্য ইজ্যস্ত্বয়া সমং বিদ্যতে নেহ ভূতম্।
ত্বয়া ধার্য্যন্তে সর্ব্বভূতানি শক্র! ত্বং দেবানাং মহিমানং চকর্থ ॥১৭॥

ভারতকৌমুদী

গত্বেতি। পুরাণৈঃ প্রাচীনৈঃ। বলসূদনমিন্দ্রম্ ॥১৩॥
মহেতি। শম্বরশ্চ বলশ্চ এতাবুভৌ ঘোরবিক্রমৌ মহাসুরৌ, তথা হতৌ ॥১৪॥
শতেতি। বিবর্দ্ধস্ব পূর্ব্ববদেব বর্দ্ধিতশরীরো ভব। নিসূদয় সংহর ॥১৫॥
মহেন্দ্রেতি। বিষ্ণুতেজসা অভিবৃংহিতং সর্ব্বথা বর্দ্ধিতশক্তিকম্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১৬॥
ত্বমিতি। বরেণ্যো বর্য্যঃ, ইজ্যঃ পূজ্যঃ, সমং তুল্যম্, ভূতং প্রাণী ॥১৭॥

তাহার পর বৃহস্পতি—দেবগণ, ঋষিগণ ও গন্ধর্ব্বগণের সহিত যাইয়া ইন্দ্রের পূর্ব্বকর্ম্মের উল্লেখ করিয়া তাঁহার স্তব করিতে লাগিলেন—॥১৩॥

'ইন্দ্র! আপনি ভীষণ মহাসুর নমুচিকে বধ করিয়াছেন এবং ভয়ঙ্করবিক্রমশালী শম্বর ও বলকে নিহত করিয়াছেন ॥১৪॥

দেবরাজ! আপনি দেহবৃদ্ধি করুন, সমস্ত শত্রু সংহার করুন। ইন্দ্র! আপনি উঠুন, সমাগত দেবগণ ও ঋষিগণকে দর্শন করুন ॥১৫॥

প্রভু মহেন্দ্র! আপনি দানবগণকে বধ করিয়া সমস্ত লোক রক্ষা করিয়াছিলেন এবং দেবরাজ! জগৎপতি! আপনি পূর্ব্বে বিষ্ণুর তেজে বর্দ্ধিতশক্তি জলের ফেন গ্রহণ করিয়া বৃত্রাসুরকে সংহার করিয়াছিলেন ॥১৬॥

ইন্দ্র! আপনি সমস্ত প্রাণীর মধ্যে শ্রেষ্ঠ এবং পূজনীয়, আপনার তুল্য কোন প্রাণীই জগতে নাই, আপনি সকল ভূতকে ধারণ করিতেছেন, আর আপনিই দেবগণের মহিমা জন্মাইয়াছেন ॥১৭॥

(১৫)…উত্তিষ্ঠ বজ্রিন্!—পি।

দেবান্ সম্পাহি লোকাংশ্চ মহেন্দ্র! বলমাপ্নুহি।
এবং সংস্তূয়মানশ্চ সোঽবর্দ্ধত শনৈঃ শনৈঃ ॥১৮॥
স্বঞ্চৈব বপুরাস্থায় বভূব স বলান্বিতঃ।
অব্রবীচ্চ গুরুং দেবো বৃহস্পতিমবস্থিতম্ ॥১৯॥
কিং কার্য্যমবশিষ্টং বো হতস্ত্বাষ্ট্রো মহাসুরঃ।
বৃত্রশ্চ সুমহাকায়ো যো বৈ লোকাননাশয়ৎ ॥২০॥

বৃহস্পতিরুবাচ।

মানুষো নহুষো রাজা দেবর্ষিগণতেজসা।
দেবরাজ্যমনুপ্রাপ্য সর্ব্বান্ নো বাধতে ভৃশম্ ॥২১॥

ইন্দ্র উবাচ।

কথঞ্চ নহুষো রাজ্যং দেবানাং প্রাপ দুর্লভম্।
তপসা কেন বা যুক্তঃ কিংবীর্য্যো বা বৃহস্পতে! ॥২২॥

ভারতকৌমুদী

দেবানিতি। সম্পাহি সম্যগ্ রক্ষ। বলং স্বকীয়ামেব শক্তিম্ ॥১৮॥
স্বমিতি। স্বং স্বকীয়ম্। আস্থায় আশ্রিত্য ধৃত্বেত্যর্থঃ ॥১৯॥
কিমিতি। ত্বাষ্ট্রঃ ত্বষ্টুঃ প্রজাপতেঃ পুত্রঃ। অনাশয়ৎ নাশয়িতুমুদযচ্ছৎ ॥২০॥
মানুষ ইতি। দেবর্ষিগণস্য তেজসা বরপ্রভাবেণ। নঃ অস্মান্ ॥২১॥
কথমিতি। কেন কীদৃশেন। কিং কীদৃশং বীর্য্যং যস্য সঃ ॥২২॥

মহেন্দ্র! আপনি স্বকীয় শক্তি অবলম্বন করুন এবং দেবতাদিগকে ও লোকদিগকে রক্ষা করুন"। এইরূপ স্তব করিলে, ইন্দ্র ধীরে ধীরে বৃদ্ধি পাইলেন ॥১৮॥

আর তিনি স্বকীয় মূর্ত্তি ধারণ করিয়া পূর্ব্বের ন্যায় বলবান্ হইলেন এবং সম্মুখে অবস্থিত বৃহস্পতিকে বলিলেন—॥১৯॥

"দেবগুরু! আপনাদের কোন্ কার্য্য অবশিষ্ট রহিয়াছে? যে, সমস্ত লোক নষ্ট করিতে উদ্যত হইয়াছিল, সেই মহাসুর ও মহাদেহ ত্বষ্টৃপুত্র বৃত্রকে ত বধই করিয়াছি" ॥২০॥

বৃহস্পতি বলিলেন—"মানুষ নহুষরাজা দেবর্ষিগণের বরের প্রভাবে দেবরাজ্য লাভ করিয়া আমাদের সকলকেই অত্যন্ত পীড়ন করিতেছে" ॥২১॥

(১৮) পাহি সর্ব্বাংশ্চ লোকাংশ্চ—বা ব রা নি। (২১...দেবরাজ্যমনুপ্রাপ্তঃ—বা ব রা নি।

বৃহস্পতিরুবাচ।

দেবা ভীতাঃ শক্র ! নাকাময়ন্ত ত্বয়া ত্যক্তং মহদৈন্দ্রং পদং তৎ।
তদা দেবাঃ পিতরোঽথর্ষয়শ্চ গন্ধর্বমুখ্যাশ্চ সমেত্য সর্ব্বে ॥২৩॥
গত্বাঽব্রুবন্ নহুষং তত্র শক্র ! ত্বং নো রাজা ভব ভুবনস্য গোপ্তা।
তানব্রবীন্নহুষো নাস্মি শক্ত আপ্যায়ধ্বং তপসা তেজসা মাম্ ॥২৪॥
(যুগ্মকম্)

এবমুক্তৈর্ব্বর্দ্ধিতশ্চাপি দেবৈ রাজাঽভবন্নহুষো ঘোরবীর্য্যঃ।
ত্রৈলোক্যে চ প্রাপ্য রাজ্যং মহর্ষীন্ কৃত্বা বাহান্ যাতি লোকান্ দুরাত্মা ॥২৫॥
তেজোহরং দৃষ্টিবিষং সুঘোরং মা ত্বং পশ্যের্নহুষং বৈ কদাচিৎ।
দেবাশ্চ সর্ব্বে নহুষং ভয়ার্ত্তা ন পশ্যন্ত্যন্তঃ শক্ররূপাশ্চরন্তঃ ॥২৬॥

ভারতকৌমুদী

দেবা ইতি। ভীতা অসুরেভ্য ইতি শেষঃ। ঐন্দ্রং পদং দেবরাজ্যম্। সমেত্য মিলিত্বা। নঃ অস্মাকম্। গোপ্তা রক্ষিতা। আপ্যায়ধ্বং বর্দ্ধয়ত ॥২৩—২৪॥

এবমিতি। বর্দ্ধনপ্রকারস্তু প্রাগেবোক্তঃ। বাহান্ বাহনানি ॥২৫॥

তেজ ইতি। দৃষ্টিরেব বিষং যস্য তম্। মা ন ॥২৬॥

ইন্দ্র বলিলেন—"আর্য্য ! বৃহস্পতি ! নহুষ কি প্রকারে দুর্লভ দেবরাজ্য লাভ করিল ? তাহার তপস্যা কিরূপ ? বলই বা কিরূপ ?" ॥২২॥

বৃহস্পতি বলিলেন—"দেবরাজ ! দেবতারা অসুরভয়ে ভীত ; সুতরাং তাঁহারা আপনার পরিত্যক্ত সেই প্রশস্ত ঐন্দ্রপদ গ্রহণ করিতে ইচ্ছা করেন নাই। তখন দেবতারা, পিতৃলোকেরা, ঋষিরা ও শ্রেষ্ঠ গন্ধর্ব্বেরা সকলে মিলিত হইয়া যাইয়া নহুষকে বলিয়াছিলেন যে, 'আপনি আমাদের রাজা এবং জগতের রক্ষক হউন'। পরে নহুষ তাঁহাদিগকে বলিয়াছিল যে, 'আমি এ বিষয়ে সমর্থ হইব না। তবে, আপনারা আমাকে তপোবলে বর্দ্ধিত করুন' ॥২৩—২৪॥

নহুষ এইরূপ বলিলে, দেব ও দেবর্ষিরা নহুষকে তপোবলে বর্দ্ধিত করিয়াছিলেন। পরে নহুষ ভয়ঙ্করপরাক্রমশালী হইয়া স্বর্গের রাজা হইয়াছে। তাহার পর ত্রিভুবনের রাজত্ব পাইয়া এখন সেই দুরাত্মা মহর্ষিগণকে বাহন করিয়া নানাস্থানে যাতায়াত করিতেছে ॥২৫॥

নহুষের দৃষ্টিই বিষ ; তাহা অপরের তেজ হরণ করে ; সুতরাং দেবরাজ ! আপনি কখনও সেই ভয়ঙ্করমূর্ত্তি নহুষকে দর্শন করিবেন না। ভয়ার্ত্ত দেবতারা

(২৩) দেবা ভীতাঃ শক্রমকাময়ন্ত—বা ব রা নি,…গন্ধর্ব্বসংঘাশ্চ—পি। (২৬)…নহুষং ভূশার্ত্তা ন পশ্যন্তে গূঢ়রূপাশ্চরন্তঃ—বা ব রা নি।

শল্য উবাচ।

এবং বদত্যঙ্গিরসাং বরিষ্ঠে বৃহস্পতৌ লোকপালঃ কুবেরঃ।
বৈবস্বতশ্চৈব যমঃ পুরাণো দেবশ্চ সোমো বরুণশ্চাজগাম ॥২৭॥
তে বৈ সমাগম্য মহেন্দ্রমূচুর্দিষ্ট্যা ত্বাষ্ট্রো নিহতশ্চৈব বৃত্রঃ।
দিষ্ট্যা চ ত্বাং কুশলিনমক্ষতঞ্চ পশ্যামো বৈ নিহতারিঞ্চ শক্র ! ॥২৮॥
স তান্ যথাবচ্চ হি লোকপালান্ সমেত্য বৈ প্রীতমনা মহেন্দ্রঃ।
উবাচ চৈতান্ প্রতিভাষ্য শক্রঃ সঞ্চোদয়িষ্যন্ নহুষস্যান্তরেণ ॥২৯॥
রাজা দেবানাং নহুষো ঘোররূপস্তত্র সাহ্যং দীয়তাং মে ভবদ্ভিঃ।
তে চাব্রুবন্ নহুষো ঘোররূপো দৃষ্টী বিষস্তস্য বিভীম ঈশ ! ॥৩০॥

ভারতকৌমুদী

এবমিতি। অঙ্গিরসাম্ অঙ্গিরোবংশানাম্। পুরাণ ইতি চতুর্ণামেব বিশেষণম্ ॥২৭॥
ত ইতি। দিষ্ট্যা ভাগ্যেন, ত্বাষ্ট্রঃ ত্বষ্টুঃ প্রজাপতেঃ পুত্রঃ ॥২৮॥
স ইতি। সঞ্চোদয়িষ্যন্ প্রণোদয়িষ্যন্, অন্তরেণ অন্তরায় ভেদায়েত্যর্থঃ ॥২৯॥
রাজেতি। তত্র তস্য জয়ে, সাহ্যং সাহায্যম্। দৃষ্টী নয়নদ্বয়ম্, বিষ ইতি পুংস্ত্বমার্ষম্। তস্য তস্মাৎ, বিভীমঃ ভয়ং কুর্ম্মঃ, ঈশ ! দেবেশ্বর ! ॥৩০॥

ভারতভাবদীপঃ

ত্বমিতি ॥১॥ একং জাঠরং ত্রিবিধম, গার্হপত্যদক্ষিণাগ্ন্যাহবনীয়রূপেণ ত্বয়ৈকেন ॥২॥ তুভ্যং ত্রিবিধায় ॥৩—৪॥ প্রসূতিঃ উৎপত্তিস্থানম্, প্রতিষ্ঠা লয়স্থানম্ ॥৫॥ হেতয়ো জ্বালাঃ ॥৬—২৮॥ নহুষস্যান্তরেণ অন্তরং ভেদঃ বুদ্ধিভেদার্থমিত্যর্থঃ ॥২৯—৩৪॥

ইতি শ্রীমহাভারতে উদ্‌যোগপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ষোড়শোঽধ্যায়ঃ ॥১৬॥

সকলেও তাহার শক্র বলিয়া তাহার প্রতি দৃষ্টিপাত করেন না, অথচ স্বর্গে বিচরণ করেন" ॥২৬॥

শল্য বলিলেন—"আঙ্গিরসশ্রেষ্ঠ বৃহস্পতি এইরূপ বলিতেছিলেন, এমন সময়ে প্রাচীন লোকপাল কুবের, সূর্য্যপুত্র যম, ওষধিপতি চন্দ্র এবং বরুণ সেই স্থানে আগমন করিলেন ॥২৭॥

তাঁহারা আসিয়া ইন্দ্রকে বলিলেন—"দেবরাজ। ভাগ্যবশতঃ ত্বষ্টা প্রজাপতির পুত্র বৃত্রাসুর নিহত হইয়াছে এবং ভাগ্যবশতই আমরা আপনাকে কুশলী, অক্ষতদেহ ও নিহতশক্র অবস্থায় দেখিতেছি" ॥২৮॥

তখন ইন্দ্র আনন্দিত হইয়া সেই লোকপালগণের নিকটে যাইয়া যথানিয়মে সম্ভাষণ করিয়া, নহুষের সহিত ভেদ জন্মাইবার জন্য তাঁহাদিগকে বলিলেন—॥২৯॥

"বর্ত্তমান দেবরাজ নহুষ ভয়ঙ্করমূর্ত্তি; তাহার জয়ের সময়ে আপনারা আমার সাহায্য করিবেন"। তখন তাঁহারা বলিলেন—"দেবরাজ! নহুষ

ত্বঞ্চেদ্রাজানং নহুষং পরাজয়েস্ততো বয়ং ভাগমর্হাম শক্র ! ।
ইন্দ্রোঽব্রবীত্তবতু ভবানপাং পতির্যমঃ কুবেরশ্চ ময়াভিষেকম্ ।
সম্প্রাপ্নুবন্ত্বদ্য সহৈব দৈ তৈ রিপুং জয়াম তং নহুষং ঘোরদৃষ্টিম্ ॥৩১॥
ততঃ শক্রং জ্বলনোঽপ্যাহ ভাগং প্রযচ্ছ মহ্যং তব সাহ্যং করিষ্যে ।
তমাহ শক্রো ভবিতাগ্নে ! তবাপি চন্দ্রাগ্নের্যোর্বৈ ভাগ একো মহাক্রতৌ ॥৩২॥

শল্য উবাচ ।

এবং সঞ্চিন্ত্য ভগবান্ মহেন্দ্রঃ পাকশাসনঃ ।
কুবেরং সর্ব্বযক্ষাণাং ধনানাঞ্চ প্রভুং তথা ॥৩৩॥
বৈবস্বতং পিতৃণাঞ্চ বরুণঞ্চাপ্যপাং তথা ।
আধিপত্যং দদৌ শক্রঃ সংকৃত্য বরদস্তথা ॥৩৪॥ (যুগ্মকম্)

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামুদ্‌যোগপর্ব্বণি সঞ্জয়যানে ইন্দ্রবরুণাদিসংবাদে ষোড়শোঽধ্যায়ঃ ॥০॥

ভারতকৌমুদী

ত্বমিতি। ভাগং সাহার্য্যকরণেন ফলাংশম্। ময়া করণেন। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৩১॥

তত ইতি। জ্বলনো বহ্নিঃ। সাহ্যং সাহায্যম্। চন্দ্রাগ্ন্যোর্মিলিতয়োঃ ॥৩২॥

এবমিতি। ভগবান্ বরদো মহেন্দ্রঃ পাকশাসনশ্চ শক্রঃ, এবং পূর্ব্বোক্তরূপেণ, সঞ্চিন্ত্য কুবেরাদীনাং তত্তদাধিপত্যে যোগ্যতাং বিভাব্য, প্রভুং কুবেরম, সংকৃত্য আদৃত্য, তস্মৈ সর্ব্ব-

ভয়ঙ্করমূর্ত্তি এবং তাহার নয়নযুগলই বিষ; অতএব আমরা তাহার ভয় করি ॥৩০॥

তবে, দেবরাজ ! আপনি যদি সেই রাজা নহুষকে পরাজয় করিবার জন্য প্রবৃত্ত হন, তাহা হইলে আমরা আপনার সাহায্য করিয়া ফলের ভাগ পাইবার অধিকারী হইব।” তখন ইন্দ্র বলিলেন—“বরুণ ! আপনি জলের অধিপতি হইবেন, আর আমার উদ্‌যোগে যম এবং কুবেরও অভিষেক লাভ করিবেন। আমি অদ্যই দেবগণের সহিত মিলিত হইয়া সেই ঘোরদর্শন শত্রু নহুষকে জয় করিব” ॥৩১॥

তাহার পর অগ্নিও ইন্দ্রকে বলিলেন—“দেবরাজ ! আমাকেও একটা ভাগ দিন, আমিও আপনার সাহায্য করিব”। তখন ইন্দ্র অগ্নিকে কহিলেন—“অগ্নিদেব ! মহাযজ্ঞে মিলিত চন্দ্র ও অগ্নির যে ভাগ আছে, তাহা আপনারও হইবে ॥৩২॥

---

(৩১)···সহাভিষেকম্···ক্ষিপ্রং জয়াম—পি।

সপ্তদশোঽধ্যায়ঃ।

—:*:—

শল্য উবাচ।

অথ সঞ্চিন্তয়ানস্য দেবরাজস্য ধীমতঃ।
নহুষস্য বধোপায়ং লোকপালৈঃ সদৈবতৈঃ ॥১॥
তপস্বী তত্র ভগবানগস্ত্যঃ প্রত্যদৃশ্যত।
সোঽব্রবীদর্চ্চ্য দেবেন্দ্রং দিষ্ট্যা বৈ বর্দ্ধতে ভবান্।
বিশ্বরূপবিনাশেন বৃত্রাসুরবধেন চ ॥২॥ (যুগ্মকম্)
দিষ্ট্যাদ্য নহুষো ভ্রষ্টো দেবরাজ্যাৎ পুরন্দর!।
দিষ্ট্যা হতারিং পশ্যামি ভবন্তং বলসূদন! ॥৩॥

ভারতকৌমুদী

যক্ষাণাং ধনানাঞ্চ আধিপত্যং দদৌ; বৈবস্বতং যমং সৎকৃত্য তস্মৈ চ পিতৃণামাধিপত্যং দদৌ; তথা বরুণঞ্চ সৎকৃত্য তস্মৈ অপাং জলানামাধিপত্যং দদৌ ॥৩৩—৩৪॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামুদ্‌যোগপর্ব্বণি সঞ্জয়যানে ষোড়শোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

অথেতি। সঞ্চিন্তয়ানস্যেতি মকারাগমাভাব আর্ষঃ। অর্চ্চ্য পূজয়িত্বা। দিষ্ট্যা ভাগ্যেন। বিশ্বরূপস্য ত্রিশিরসো বিনাশেন। দ্বিতীয়ঃ শ্লোকঃ ষট্‌পাদঃ ॥১—২॥

শল্য বলিলেন—"মাহাত্ম্যশালী, বরদাতা, মহৈশ্বর্য্যসম্পন্ন ও পাকাসুরহন্তা ইন্দ্র কুবেরপ্রভৃতির যোগ্যতাবিষয়ে চিন্তা করিয়া, প্রভু কুবেরের আদর দেখাইয়া তাঁহাকে সকল যক্ষ ও ধনের আধিপত্য দিলেন, যমের আদর করিয়া তাঁহাকে পিতৃলোকের আধিপত্য দান করিলেন এবং বরুণকে সম্মানিত করিয়া তাঁহাকে জলের আধিপত্য সমর্পণ করিলেন" ॥৩৩—৩৪॥

—:*:—

শল্য বলিলেন—"তাহার পর ধীমান্ দেবরাজ অন্যান্য লোকপাল দেবগণের সহিত মিলিত হইয়া নহুষের বধের উপায় চিন্তা করিতেছিলেন, এমন সময়ে সেখানে তপস্বী ভগবান্ অগস্ত্যমুনিকে দেখা গেল। তিনি আসিয়া দেবরাজের সংবর্দ্ধনা করিয়া বলিলেন—"দেবরাজ! ভাগ্যবশতঃ ত্রিশিরা ও বৃত্রাসুর নিহত হওয়ায় আপনার মঙ্গল হইয়াছে ॥১—২॥

---

(৩) দিষ্ট্যা চ নহুষঃ…পশ্যামঃ—পি।

ইন্দ্র উবাচ।

স্বাগতং তে মহর্ষেস্তু প্রীতোঽহং দর্শনাত্তব।

পাদ্যমাচমনীয়ঞ্চ গামর্ঘ্যঞ্চ প্রতীচ্ছ মে ॥৪॥

শল্য উবাচ।

পূজিতঞ্চোপবিষ্টং তমাসনে মুনিসত্তমম্।

পর্য্যপৃচ্ছত দেবেশঃ প্রহৃষ্টো ব্রাহ্মণর্ষভম্ ॥৫॥

শ্রোতুমিচ্ছামি ভগবন্! কথ্যমানং দ্বিজোত্তম!।

পরিভ্রষ্টঃ কথং স্বর্গান্নহুষঃ পাপনিশ্চয়ঃ ॥৬॥

অগস্ত্য উবাচ।

শৃণু শক্র! প্রিয়ং বাক্যং যথা রাজা দুরাত্মবান্।

স্বর্গাদ্‌ভ্রষ্টো দুরাচারো নহুষো বলদর্পিতঃ ॥৭॥

ভারতকৌমুদী

দিষ্ট্যেতি। দেবরাজ্যাৎ দেবরাজত্বপদাৎ। হে বলসূদন! বলাসুরনাশক! ॥৩॥

স্বেতি। স্বাগতমিতি কাকুঃ সুখেনাগমনং কিমিত্যর্থঃ। প্রতীচ্ছ গৃহাণ ॥৪॥

পূজিতমিতি। নহুষো দেবরাজ্যাৎ ভ্রষ্ট ইত্যুক্ত্যা প্রস্তাবাৎ পর্য্যপৃচ্ছতেত্যাশয়ঃ ॥৫॥

শ্রোতুমিতি। কথ্যমানং ভবতেতি শেষঃ ॥৬॥

শৃণ্বিতি। দুরাত্মবান্ পাপেন দুষ্টচিত্তঃ, নিন্দায়াং বন্তুঃ ॥৭॥

পুরন্দর! বলসূদন! আজ ভাগ্যবশতঃ নহুষও স্বর্গ হইতে পরিভ্রষ্ট হইয়াছে; সুতরাং ভাগ্যবশতই আজ আপনাকে শত্রুবিহীন দেখিতেছি” ॥৩॥

ইন্দ্র বলিলেন—“মহর্ষি! আপনার সুখে আগমন হইয়াছে ত? আমি আপনার দর্শনে প্রীতি লাভ করিয়াছি। আপনি আমার নিকট হইতে পাদ্য, অর্ঘ্য, আচমনীয় ও গো গ্রহণ করুন” ॥৪॥

শল্য বলিলেন—“তাহার পর মুনিশ্রেষ্ঠ অগস্ত্য পূজিত হইয়া আসনে উপবেশন করিলে, দেবরাজ আনন্দিত হইয়া তাঁহাকে জিজ্ঞাসা করিলেন—॥৫॥

“ভগবন্! ব্রাহ্মণশ্রেষ্ঠ! আপনি বলুন, আমি শুনিতে ইচ্ছা করি—পাপমতি নহুষ কি প্রকারে স্বর্গ হইতে পরিভ্রষ্ট হইল?” ॥৬॥

অগস্ত্য বলিলেন—“দেবরাজ! দুরাত্মা, দুরাচার ও বলদর্পিত রাজা নহুষ যেভাবে স্বর্গ হইতে পরিভ্রষ্ট হইয়াছে, সেই উপাখ্যান শ্রবণ করুন ॥৭॥

---

(৬) এতদিচ্ছামি—পি।

শ্রমার্ত্তাশ্চ বহন্তস্তং নহুষং পাপকারিণম্।
দেবর্ষয়ো মহাভাগাস্তথা ব্রহ্মর্ষয়োঽমলাঃ ॥৮॥
পপ্রচ্ছুর্নহুষং দেব! সংশয়ং জয়তাং বর!।
য ইমে ব্রহ্মণা প্রোক্তা মন্ত্রা বৈ প্রোক্ষণে গবাম্ ॥৯॥
এতে প্রমাণং ভবত উতাহো নেতি বাসব!।
নহুষো নেতি তানাহ তমসা মূঢ়চেতনঃ ॥১০॥ (বিশেষকম্)

ঋষয় উচুঃ।

অধর্ম্মে সংপ্রবৃত্তস্ত্বং ধর্ম্মং ন প্রতিপদ্যসে।
প্রমাণমেতদস্মাকং পূর্ব্বং প্রোক্তং মহর্ষিভিঃ ॥১১॥

ভারতকৌমুদী

শ্রমেতি। বহন্তঃ শিবিকয়া। সংশয়ং সংশয়বিষয়ং পপ্রচ্ছুঃ। সংশয়বিষয়মাহ—য ইতি। ইমে "দেবাংশ্চ যাভির্যজতে" ইত্যাদয়ঃ। প্রমাণং প্রমাণত্বেন গ্রাহ্যা ইত্যর্থঃ। তমসা অজ্ঞানেন। সামান্যত এব গোবধে প্রায়শ্চিত্তশ্রবণাদিত্যাশয়ঃ ॥৮—১০॥

অধর্ম্ম ইতি। প্রতিপদ্যসে বুধ্যসে, সামান্যস্য বিশেষেতরপরত্বাজ্ঞানাৎ ॥১১॥

ভারতভাবদীপঃ

অথেতি ॥১॥ অর্চ্চ্য অভ্যর্চ্চ্য ॥২—৮॥ গবাং প্রোক্ষণে প্রোক্ষণোপাকরণমারণাদিসংস্কারে যে মন্ত্রাঃ "দেবাংশ্চ যাভির্যজতে দদাতি চ গাবঃ সোমস্য প্রথমস্য ভক্ষ" ইত্যাদয়ঃ যাভিঃ পশুভূতাভির্গোভিঃ, ভক্ষ ইতি ভক্ষণাখ্যযাগ উচ্যতে ॥৯॥ নহুষস্তু "ব্রাহ্মণাশ্চৈব গাবশ্চ কুলমেকং দ্বিধাকৃতম্। একত্র মন্ত্রাস্তিষ্ঠন্তি হবিরেকত্র তিষ্ঠতি॥" ইতি শাস্ত্রপ্রামাণ্যাদ্‌ব্রাহ্মণবদ্‌গবামবধ্যত্বং মন্বানো বেদমপ্রমাণীচকার। বেদস্য ব্রাহ্মণানাং চাবমানাদধোগতিঃ প্রাপ্যতে ইত্যাখ্যায়িকাতাৎপর্য্যম্ ॥১০—২২॥

ইতি শ্রীমহাভারতে উদ্‌যোগপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে সপ্তদশোঽধ্যায়ঃ ॥১৭॥

দেব! বাসব! মহাত্মা ও নিষ্পাপ দেবর্ষিরা ও ব্রহ্মর্ষিরা পাপকারী সেই নহুষকে (শিবিকায় করিয়া) বহন করিতে করিতে পরিশ্রান্ত হইয়া একটা সন্দিগ্ধ বিষয় নহুষকে জিজ্ঞাসা করিয়াছিলেন যে, 'বিজয়িশ্রেষ্ঠ! গোপ্রোক্ষণে ব্রহ্মা এই যে মন্ত্রগুলি বলিয়াছেন, এই মন্ত্রগুলিকে আপনি প্রমাণ বলিয়া গ্রাহ্য করেন কি না?'। তাহাতে অজ্ঞানমুগ্ধচিত্ত নহুষ তাঁহাদিগকে বলিয়াছিল যে, 'আমি ও-গুলিকে প্রমাণ বলিয়া গ্রাহ্য করি না' ॥৮—১০॥

তখন ঋষিরা বলিয়াছিলেন যে, 'রাজা! আপনি অধর্ম্মে প্রবৃত্ত রহিয়াছেন কি না, তাই ধর্ম্ম বুঝিতে পারিতেছেন না। আমরা কিন্তু এই মন্ত্রগুলিকে

(৮) শ্রমার্ত্তাস্ত—পি।

অগস্ত্য উবাচ।

ততো বিবদমানঃ স মুনিভিঃ সহ বাসব ! ।
অথ মামস্পৃশন্মূর্দ্ধ্নি পাদেনাধর্ম্মপীড়িতঃ ॥১২॥
তেনাভূদ্ধততেজাশ্চ নিঃশ্রীকশ্চ মহীপতিঃ।
ততস্তং তমসাবিগ্নমবোচং ভয়পীড়িতম্ ॥১৩॥
যস্মাৎ পূর্ব্বৈঃ কৃতং কর্ম্ম ব্রহ্মর্ষিভিরনুষ্ঠিতম্।
অদুষ্টং দূষয়সি বৈ যচ্চ মূর্দ্ধ্ন্যস্পৃশঃ পদা ॥১৪॥
যচ্চাপি ত্বমৃষীন্ মূঢ় ! ব্রহ্মকল্পান্ দুরাসদান্।
বাহান্ কৃত্বা বাহয়সি তেন স্বর্গাদ্ধতপ্রভঃ।
ধ্বংস পাপ ! পরিভ্রষ্টঃ ক্ষীণপুণ্যো মহীতলে ॥১৫॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

তত ইতি। মাং সম্মুখস্থমুনের্জটাকুঞ্জান্তরে লুক্কায়িতমিতি ভাবঃ ॥১২॥

তেনেতি। তমসা অজ্ঞানেন আবিগ্নমাবিষ্টং কর্ত্তব্যবিমূঢ়মিত্যর্থঃ ॥১৩॥

যস্মাদিতি। পূর্ব্বৈর্ব্রহ্মাদিভিঃ কৃতং প্রোক্তম, ব্রহ্মর্ষিভিশ্চানুষ্ঠিতম্, অদুষ্টং কর্ম্ম গোপ্রোক্ষণাদিকম্। ব্রহ্মকল্পান্ হিরণ্যগর্ভতুল্যান্। বাহান্ বাহনানি। তেন পাপেন, স্বর্গাৎ পরিভ্রষ্টঃ সন্, ধ্বংস অধঃপত। পঞ্চদশঃ শ্লোক ষট্‌পাদঃ ॥১৪—১৫॥

প্রমাণ বলিয়াই গ্রাহ্য করি। কেন না, পূর্ব্বেও মহর্ষিরা এগুলিকে প্রমাণ বলিয়া স্বীকার করিয়া গিয়াছেন' ॥১১॥

অগস্ত্য বলিলেন—"দেবরাজ ! তাহার পর পাপপীড়িত নহুষ সেই বিষয়ে মুনিগণের সহিত বিবাদ করিতে থাকিয়া চরণদ্বারা আমার মস্তক স্পর্শ করিয়াছিল ॥১২॥

তাহাতেই নহুষের তেজ ও কান্তি নষ্ট হইয়াছিল এবং সে, কর্ত্তব্যমূঢ় ও ভীত হইয়া পড়িয়াছিল ; তখন আমি তাহাকে বলিয়াছিলাম—॥১৩॥

"মূর্খ ! পাপিষ্ঠ ! ব্রহ্মা যাহা বলিয়াছেন এবং ব্রহ্মর্ষিরা যাহার অনুষ্ঠান করিয়াছেন, সেই নির্দ্দোষ কর্ম্মের উপরে তুমি যখন দোষ দিতেছ এবং চরণদ্বারা আমার মস্তক যখন স্পর্শ করিয়াছ, আর ব্রহ্মার তুল্য দুর্দ্ধর্ষ ঋষিগণকে তুমি যখন বাহন করিয়া তাঁহাদের দ্বারা শিবিকা বহন করাইতেছ, তখন তুমি কান্তিশূন্য, ক্ষীণপুণ্য ও স্বর্গ হইতে বিচ্যুত হইয়া ভূতলে পতিত হও ॥১৪—১৫॥

(১৩)...নিঃশ্রীকশ্চ শচীপতে।—পি। (১৪)...কৃতং রাজন্।...অদুষ্টম্—বা ব রা নি।

দশ বর্ষসহস্রাণি সর্পরূপধরো মহান্।
বিচরিষ্যসি পূর্ণেষু পুনঃ স্বর্গমবাপ্স্যসি ॥১৬॥
দৃষ্ট্বা যুধিষ্ঠিরং নাম তব বংশসমুদ্ভবম্।
নিহতো ব্রহ্মশাপেন প্রপদ্যস্ব ত্রিপিষ্টপম্ ॥১৭॥
এবং ভ্রষ্টো দুরাত্মা স দেবরাজ্যাদরিন্দম!।
দিষ্ট্যা বর্দ্ধামহে শক্র! হতো ব্রাহ্মণকণ্টকঃ ॥১৮॥
ত্রিপিষ্টপং প্রপদ্যস্ব পাহি লোকান্ শচীপতে!।
জিতেন্দ্রিয়ো জিতামিত্রঃ স্তূয়মানো মহর্ষিভিঃ ॥১৯॥

ভারতকৌমুদী

দশেতি। দশবর্ষসহস্রেষু পূর্ণেষু সৎসু। নহু নহুষস্য দর্শনমাত্রেণৈব সর্ব্বেষাং তেজোনাশ ইতি হি তং প্রতি মহর্ষীণাং বর আসীৎ। এবঞ্চ তেন দৃশ্যমান এবাগস্ত্যঃ কথং তং শশাপেতি চেদুচ্যতে—বৃহজ্জটাপুঞ্জকুঞ্জান্তরিতমস্তকঃ কশ্চিন্মুনিঃ শিবিকায়াঃ সম্মুখবর্ত্তিনং দক্ষিণং পাদং বহন্ ভৃশং শ্রাম্যন্ কিঞ্চিত্তস্থৌ; অগস্ত্যশ্চ ক্ষুদ্রাকৃতিঃ সন্ তজ্জটাকুঞ্জান্তরে লুক্কায়িত আসীৎ। অত্রান্তরে শিবিকাস্থো বিবদমানো নহুষঃ ক্ষিপ্রগমনার্থং দক্ষিণপাদেন 'সর্প সর্প' ইতি গত্যর্থক-সৃপধাতুনিষ্পন্নং পদমুক্ত্বা তন্মুনিমস্তকমস্পৃশৎ; তৎপাদস্পর্শশ্চ অগস্ত্যশিরস্যপি জাত ইত্যদৃশ্য-মানঃ স্থিত এবাগস্ত্যস্তং শশাপেতি। অদৃষ্টকর্ম্মদূষণপাপেন অগস্ত্যশিরসি পাদস্পর্শাপরাধেন মুনীনাং বাহনত্বসম্পাদনেন চ শাপঃ, সর্প সর্প ইত্যভিধানাচ্চ শাপেন সর্পত্বসম্পাদনমিতি জ্ঞেয়ম্ ॥১৬॥

দৃষ্ট্বেতি। প্রপদ্যস্ব প্রাপ্নুয়াঃ, ত্রিপিষ্টপং স্বর্গম্। তচ্চ বনপর্ব্বণি বর্ণিতম্ ॥১৭॥

এবমিতি। দিষ্ট্যা ভাগ্যেন, বর্দ্ধামহে বয়ং সর্ব্ব এব ॥১৮॥

ত্রীতি। ত্রিপিষ্টপং স্বর্গম্, প্রপদ্যস্ব প্রাপ্নুহি। জিতামিত্রো জিতশত্রুঃ ॥১৯॥

সেখানে বিশাল সর্পদেহ ধারণ করিয়া দশ সহস্র বৎসর বিচরণ করিবে এবং সেই দশ সহস্র বৎসর পূর্ণ হইলে পুনরায় স্বর্গ লাভ করিবে ॥১৬॥

এই ব্রহ্মশাপে অভিভূত থাকিয়া তোমারই বংশসম্ভূত 'যুধিষ্ঠির'-নামক এক ব্যক্তিকে দেখিয়া পুনরায় স্বর্গে আগমন করিবে" ॥১৭॥

অরিন্দম দেবরাজ! এইভাবে সেই দুরাত্মা নহুষ স্বর্গ হইতে পরিভ্রষ্ট হইয়াছে; সুতরাং ব্রাহ্মণকণ্টক নিপাতিত হওয়ায় ভাগ্যবশতঃ আমাদের সকলেরই মঙ্গল হইয়াছে ॥১৮॥

শচীপতি! আপনি স্বর্গে চলুন; সেখানে যাইয়া, জিতেন্দ্রিয় হইয়া, শত্রু-গণকে জয় করিয়া মহর্ষিদের স্তব শুনিতে থাকিয়া ত্রিভুবন পালন করুন" ॥১৯॥

(১৭) শ্লোকঃ পি বা ব য়া নাস্তি। (১৮)···ব্রহ্মর্ষিকণ্টকঃ—নি।

শল্য উবাচ।

ততো দেবা ভৃশং তুষ্টা মহর্ষিগণসংবৃতাঃ।
পিতরশ্চৈব যক্ষাশ্চ ভুজগা রাক্ষসাস্তথা ॥২০॥
গন্ধর্ব্বা দেবকন্যাশ্চ সর্ব্বে চাপ্সরসাং গণাঃ।
সরাংসি সরিতঃ শৈলাঃ সাগরাশ্চ বিশাংপতে!।
উপাগম্যাব্রুবন্ সর্ব্বে দিষ্ট্যা বর্দ্ধসি শক্রহন্! ॥২১॥ (যুগ্মকম্)
হতশ্চ নহুষঃ পাপো দিষ্ট্যাগস্ত্যেন ধীমতা।
দিষ্ট্যা পাপসমাচারঃ কৃতঃ সর্পো মহীতলে ॥২২॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামুদ্‌যোগপর্ব্বণি সঞ্জয়যানে ইন্দ্রাগস্ত্যসংবাদে নহুষভ্রংশে সপ্তদশোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

অষ্টাদশোঽধ্যায়ঃ।

—:*:—

শল্য উবাচ।

ততঃ শক্রঃ স্তূয়মানো গন্ধর্ব্বাপ্সরসাং গণৈঃ।
ঐরাবতং সমারুহ্য দ্বিপেন্দ্রং লক্ষণৈর্যুতম্ ॥১॥

ভারতকৌমুদী

তত ইতি। ভৃশং তুষ্টাঃ, নহুষপতনাদিন্দ্রলাভাচ্চেতি ভাবঃ। সরঃপ্রভৃতীনামভিমানিন্যো দেবতা ইত্যর্থঃ। বর্দ্ধসি বর্দ্ধসে। একবিংশঃ শ্লোকঃ ষট্‌পাদঃ ॥২০—২১॥

হত ইতি। হতো নিপাতিতঃ। পাপসমাচারঃ, প্রাণিভক্ষণাদিতি ভাবঃ ॥২২॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামুদ্‌যোগপর্ব্বণি সঞ্জয়যানে সপ্তদশোঽধ্যায়ঃ ॥০॥

শল্য বলিলেন—"নরনাথ! তাহার পর মহর্ষিগণবেষ্টিত দেবগণ, পিতৃগণ, যক্ষগণ, নাগগণ, রাক্ষসগণ, গন্ধর্ব্বগণ, দেবকন্যাগণ, অপ্সরোগণ এবং জলাশয়, নদী, পর্ব্বত ও সমুদ্রগণ—ইহারা সকলে অত্যন্ত আনন্দিতচিত্তে উপস্থিত হইয়া বলিলেন—"শক্রহন্তা! ভাগ্যবশতঃ আপনার মঙ্গল হইয়াছে ॥২০—২১॥

ভাগ্যবশতই জ্ঞানী অগস্ত্য পাপাত্মা নহুষকে নিপাতিত করিয়াছেন এবং ভাগ্যবশতই তাহাকে ভূতলে পাপাচারী সর্প করিয়াছেন" ॥২২॥

(২১)…উপগম্যাব্রুবন্—পি। (১)…লক্ষণৈর্বৃতম্—পি।

অগস্ত্যশ্চ মহাতেজা মহর্ষিশ্চ বৃহস্পতিঃ।
যমশ্চ বরুণশ্চৈব কুবেরশ্চ ধনেশ্বরঃ ॥২॥
সর্ব্বৈর্দেবৈঃ পরিবৃতঃ শক্রো বলনিষূদনঃ।
গন্ধর্ব্বৈরপ্সরোভিশ্চ যাতস্ত্রিভুবনং বিভুঃ ॥৩॥ (বিশেষকম্)
স সমেত্য মহেন্দ্রাণ্যা দেবরাজ্যং শতক্রতুঃ।
মুদা পরময়া যুক্তঃ পালয়ামাস দেবরাট্ ॥৪॥
ততঃ স ভগবান্ দেবো হ্যঙ্গিরাঃ সমদৃশ্যত।
অথর্ব্ববেদমন্ত্রৈশ্চ দেবেন্দ্রং সমপূজয়ৎ ॥৫॥
ততস্তু ভগবানিন্দ্রঃ প্রহৃষ্টঃ সমপদ্যত।
বরঞ্চ প্রদদৌ তস্মৈ অথর্ব্বাঙ্গিরসে তদা ॥৬॥

ভারতকৌমুদী

তত ইতি। শক্নোতি শক্রন্ পরাজেতুমিতি শক্রঃ, অপরঃ শক্রঃ শক্তিমানিত্যপৌনরুক্ত্যম্। মহাতেজা মহাতপঃপ্রভাবশালী। ত্রিভুবনং ত্রিভুবনোত্তমং স্বর্গম্ ॥১—৩॥

স ইতি। সমেত্য মিলিত্বা, মহেন্দ্রাণ্যা শচ্যা ॥৪॥

তত ইতি। দেবো দেববৎ প্রভাবশালী ॥৫॥

তত ইতি। সমপদ্যত সমজায়ত। অথর্ব্ববিদঙ্গিরা অথর্ব্বাঙ্গিরাস্তস্মৈ ॥৬॥

শল্য বলিলেন—"তাহার পর শক্তিমান, বলদৈত্যহন্তা ও প্রভাবশালী ইন্দ্র গন্ধর্ব্বগণ ও অপ্সরোগণকর্তৃক স্তূয়মান হইয়া, সর্ব্বলক্ষণসম্পন্ন মহাহস্তী ঐরাবতে আরোহণ করিয়া, মহাতেজা ও মহর্ষি অগস্ত্য, বৃহস্পতি, যম, বরুণ, ধনাধিপতি কুবের, অন্যান্য সকল দেবতা এবং গন্ধর্ব্বগণ ও অপ্সরোগণে পরিবেষ্টিত হইয়া স্বর্গে গমন করিলেন ॥১—৩॥

তদনন্তর ইন্দ্র শচীদেবীর সহিত মিলিত হইয়া দেবরাজরূপে বিরাজ করিতে থাকিয়া পরম আনন্দে দেবরাজ্য পালন করিতে লাগিলেন ॥৪॥

তাহার পর, একদা ঐশ্বর্য্যশালী ও দেবতার ন্যায় প্রভাবসম্পন্ন মহর্ষি অঙ্গিরাকে দেখা গেল এবং তিনি অথর্ব্ববেদের মন্ত্রদ্বারা দেবরাজের পূজা করিলেন ॥৫॥

তাহাতে ভগবান্ ইন্দ্র সন্তুষ্ট হইলেন এবং তখনই সেই অথর্ব্ববেদবিৎ অঙ্গিরাকে বরদান করিলেন—॥৬॥

(২) পাবকঃ সুমহাতেজাঃ—বা ব রা নি। (৩)···বৃত্রনিষূদনঃ···ত্রিভুবনং প্রভুঃ—বা ব রা নি। (৪)···দেবরাজঃ শতক্রতুঃ—বা ব রা নি। (৫)···ভগবাংস্তত্র অঙ্গিরাঃ—বা ব রা নি। (৬)···সংহৃষ্টঃ সমপদ্যত—বা ব রা নি।

অথর্ব্বাঙ্গিরসো নাম বেদেহস্মিন্ বৈ ভবিষ্যসি।
উদাহরণমেতদ্ধি যজ্ঞভাগঞ্চ লপ্স্যসে ॥৭॥
এবং সম্পূজ্য ভগবানথর্ব্বাঙ্গিরসং তদা।
ব্যসর্জ্জয়ন্মহারাজ! দেবরাজঃ শতক্রতুঃ ॥৮॥
সম্পূজ্য সর্ব্বাংস্ত্রিদশানৃষীংশ্চাপি তপোধনান্।
ইন্দ্রঃ প্রমুদিতো রাজন্! ধর্ম্মেণাপালয়ৎ প্রজাঃ ॥৯॥
এবং দুঃখমনুপ্রাপ্তমিন্দ্রেণ সহ ভার্য্যয়া।
অজ্ঞাতবাসশ্চ কৃতঃ শত্রূণাং বধকাঙ্ক্ষয়া ॥১০॥
নাত্র মন্যুস্ত্বয়া কার্য্যো যৎ ক্লিষ্টোহসি মহাবনে।
দ্রৌপদ্যা সহ রাজেন্দ্র! ভ্রাতৃভিশ্চ মহাত্মভিঃ ॥১১॥

ভারতকৌমুদী

অথর্ব্বেতি। ত্বমস্মিন্ অথর্ব্বাখ্যে বেদে অথর্ব্বাঙ্গিরসো নাম ভবিষ্যসি। অত্র চ এতদ্ধি এতদ্বাক্যমেব, উদাহরণং প্রমাণতয়া উল্লেখ্যম্। যজ্ঞভাগঞ্চ লপ্স্যসে ॥৭॥

তস্মৈব ব্যাস আহ—এবমিতি। ব্যসর্জ্জয়ৎ বিসৃষ্টবান্ ॥৮॥

সম্পূজ্যেতি। ত্রিদশান্ দেবান্। প্রমুদিতঃ, নহুষপাতাদিনা ॥৯॥

উপসংহরতি এবমিতি। অজ্ঞাতবাসশ্চ কৃতঃ, পদ্মমৃণালসূত্রাভ্যন্তরে ॥১০॥

আশ্বাসয়তি নেতি। মন্যুর্দৈন্যম্, কার্য্যঃ কর্ত্তব্যঃ ॥১১॥

"মহর্ষি! এই অথর্ব্ববেদে আপনার নাম হইবে 'অথর্ব্বাঙ্গিরস' এবং আমার এই বাক্যই তাহার উদাহরণ হইবে; আর আপনি যজ্ঞেও একটী ভাগ পাইবেন" ॥৭॥

মহারাজ! ভগবান্ দেবরাজ ইন্দ্র তখন এইভাবে অথর্ব্বাঙ্গিরসকে সম্মানিত করিয়া বিদায় দিলেন ॥৮॥

রাজা! তাহার পর ইন্দ্র সমস্ত দেবতা ও তপোধন ঋষিগণকে সম্মানিত করিয়া আনন্দিতচিত্তে ধর্ম্ম অনুসারে প্রজাপালন করিতে লাগিলেন ॥৯॥

প্রভু রাজশ্রেষ্ঠ! তাহার পর রাত্রিপ্রভাতে সূর্য্য উঠিলে, কেশিনীর সহিত বিরোচন যেখানে ছিলেন, সেইখানে সুধন্বা আসিলেন এবং তিনি বিরোচনকে ও কেশিনীকে দেখিতে পাইলেন ॥১২—১৩॥

ভরতশ্রেষ্ঠ! তখন কেশিনী সুধন্বাকে আগত দেখিয়া গাত্রোত্থান করিয়া তাঁহাকে আর একখানি স্বর্ণাসন, পাদ্য ও অর্ঘ্য দান করিলেন ॥১৪॥

(তখন সুধন্বা সেই আসনে বসিবার উপক্রম করিলে বিরোচন বলিলেন—'আপনি আমার এই আসনেই বসুন')। সেই সময়ে সুধন্বা বলিলেন—"বিরোচন! আমি তোমার স্বর্ণময় উত্তমাসন স্পর্শ করিলাম; কিন্তু একাসনবর্ত্তী হইয়া আমি তোমার সহিত উপবেশন করিব না" ॥১৫॥

✝ অয়ং পাঠঃ নি নাস্তি।

বিরোচন উবাচ।

তবার্হতে তু ফলকং কূর্চ্চং বাপ্যথবা বৃসী।
সুধন্বন্! ন ত্বমর্হোঽসি ময়া সহ সমাসনম্ ॥১৬॥

সুধন্বোবাচ।

পিতাপুত্রৌ সহাসীতাং দ্বৌ বিপ্রৌ ক্ষত্রিয়াবপি।
বৃদ্ধৌ বৈশ্যৌ চ শূদ্রৌ চ ন ত্বন্যাবিতরেতরম্ ॥১৭॥
পিতা হি তে সমাসীনমুপাসীতৈব মামধঃ।
বালঃ সুখৈধিতো গেহে ন ত্বং কিঞ্চন বুধ্যসে ॥১৮॥

বিরোচন উবাচ।

হিরণ্যঞ্চ গবাশ্বঞ্চ যদ্বিত্তমসুরেষু নঃ।
সুধন্বন্! বিপণে তেন প্রশ্নং পৃচ্ছাব যে বিদুঃ ॥১৯॥

ভারতকৌমুদী

তবেতি। অর্হতে অর্হতি যোগ্যং ভবতি, ফলকং কাষ্ঠপীঠম্, কূর্চ্চং মৃগাদিচর্ম্মময়ম্, বৃসী কুশময়মাসনম্। সমাসনম্ একাসনম্, দরিদ্রত্বাৎ ॥১৬॥

পিতেতি। পিতাপুত্রৌ অসবর্ণাবপি, সহাসীতাম্ একাসন উপবিশতঃ ॥১৭॥

পিতেতি। ঊর্দ্ধে সমাসীনং মাম্, উপ লক্ষ্যীকৃত্য, অধ এব আসীত ॥১৮॥

ভারতভাবদীপঃ

॥১৫॥ ফলকং কাষ্ঠপীঠম্, কূর্চ্চং বৃষী বল্তিতদর্ভময়ং পীঠং বা তত্র অর্হতে যোগ্যং ভবতি ॥১৬—১৭॥ উপাসীত সেবতে অধঃ স্থিত্বেতি শেষঃ ॥১৮॥ প্রশ্নম্ আবয়োঃ কঃ শ্রেষ্ঠ ইতি প্রশ্নং

বিরোচন কহিলেন—"সুধন্বা! কাষ্ঠফলক (কাঠের তক্তা), কিংবা চর্ম্মাসন, অথবা কুশাসনই তোমার উপযুক্ত আসন; কিন্তু তুমি আমার সহিত স্বর্ণময় একাসনে বসিবার যোগ্য নও" ॥১৬॥

সুধন্বা বলিলেন—"পিতা ও পুত্র, অথবা দুই ব্রাহ্মণ, দুই ক্ষত্রিয়, দুই বৈশ্য, দুই শূদ্র, কিংবা একজাতীয় দুই বৃদ্ধপ্রভৃতি এক আসনে বসিতে পারেন; কিন্তু ভিন্ন ভিন্ন জাতীয় দুই জন এক আসনে পরস্পর বসিতে পারেন না ॥১৭॥

বিরোচন। আমি উচ্চে উপবেশন করিলে, তোমার পিতাই আমার নিকটে নিম্নে বসিয়া থাকেন; সুতরাং তুমি বালক, বিশেষতঃ গৃহেই সুখে বর্দ্ধিত হইয়াছ; তাই কিছু বোঝ না" ॥১৮॥

বিরোচন বলিলেন—"সুধন্বা! আমাদের অসুরদের যে কিছু স্বর্ণ, গো, অশ্ব ও ধন আছে, সে সমস্তই আমি পণ রাখিলাম; যাঁহারা আমাদের প্রাধান্যের বিষয় জানেন, চল— তাঁহাদের নিকট যাইয়া এই বিষয়ে প্রশ্ন করি" ॥১৯॥

সুধন্বোবাচ ।

হিরণ্যঞ্চ গবাশ্বঞ্চ তবৈবাস্তু বিরোচন ! ।

প্রাণয়োস্তু পণং কৃত্বা প্রশ্নং পৃচ্ছাব যে বিদুঃ ॥২০॥

বিরোচন উবাচ ।

আবাং কুত্র গমিষ্যাবঃ প্রাণয়োর্বিপণে কৃতে ।

ন তু দেবেষ্বহং স্থাতা ন মনুষ্যেষু কর্হিচিৎ ॥২১॥

সুধন্বোবাচ ।

পিতরং তে গমিষ্যাবঃ প্রাণয়োর্বিপণে কৃতে ।

পুত্রস্যাপি স হেতোর্হি প্রহ্লাদো নানৃতং বদেৎ ॥২২॥

বিদুর উবাচ ।

এবং কৃতপণৌ ক্রুদ্ধৌ তত্রাভিজগ্মতুস্তদা ।

বিরোচনসুধন্বানৌ প্রহ্লাদো যত্র তিষ্ঠতি ॥২৩॥

প্রহ্লাদ উবাচ ।

ইমৌ তৌ সংপ্রদৃশ্যেতে যাভ্যাং ন চরিতং সহ ।

আশীবিষাবিব ক্রুদ্ধাবেকমার্গাবিহাগতৌ ॥২৪॥

ভারতকৌমুদী

হিরণ্যমিতি । বিপণে পণীকরোমি, প্রশ্নম্ আবয়োঃ প্রাধান্যবিষয়ে ॥১৯॥

হিরণ্যমিতি । অস্তু তিষ্ঠতু । বিদুঃ আবয়োঃ প্রাধান্যং জানন্তি ॥২০॥

আবামিতি । ন স্থাতা ন স্থাস্যামি, দেবমনুষ্যাণাং ত্বৎপক্ষপাতশঙ্কনাৎ ॥২১॥

পিতরমিতি । আত্মনঃ প্রাধান্যে দৃঢ়নিশ্চয়াদিয়ং প্রৌঢ়োক্তিঃ ॥২২॥

এবমিতি । ক্রুদ্ধৌ আত্মনোঃ প্রাধান্যবিবাদাদেবেতি ভাবঃ ॥২৩॥

ইমাবিতি । ক্রুদ্ধৌ মুখভঙ্গীদর্শনাদেবেদমনুমিতম্ । স্বগতমুবাচেদম্ ॥২৪॥

সুধন্বা বলিলেন—"বিরোচন ! স্বর্ণ, গো, অশ্ব এবং অন্যান্য ধন তোমারই থাকুক। চল, যাঁহারা এবিষয় জানেন, তাঁহাদের নিকট যাইয়া দুই জনের প্রাণই পণ রাখিয়া এই প্রশ্ন করি" ॥২০॥

বিরোচন বলিলেন—"আমরা প্রাণ পণ রাখিয়া কোথায় যাইব ? আমি ত দেবগণ বা মনুষ্যগণের নিকটে কখনও থাকিতে পারিব না" ॥২১॥

সুধন্বা বলিলেন—"বিরোচন ! চল, আমরা প্রাণ পণ রাখিয়া তোমার পিতার নিকটেই যাই। কারণ, তিনি পুত্রের জন্যও মিথ্যা বলিতে পারিবেন না" ॥২২॥

বিদুর বলিলেন—"বিরোচন ও সুধন্বা ক্রুদ্ধ হইয়া এইরূপ পণ করিয়া প্রহ্লাদ যেখানে ছিলেন, তখনই সেইখানে গমন করিলেন" ॥২৩॥

কিং বৈ সহৈবং চরথো ন পুরা চরথঃ সহ।
বিরোচনৈতৎ পৃচ্ছামি কিং তে সখ্যং সুধন্বনা ॥২৫॥

বিরোচন উবাচ।

ন মে সুধন্বনা সখ্যং প্রাণয়োর্বিপণাবহে।
প্রহ্লাদ! তত্ত্বং পৃচ্ছামি মা প্রশ্নমনৃতং বদেঃ ॥২৬॥

প্রহ্লাদ উবাচ।

উদকং মধুপর্কঞ্চাপ্যানয়স্তু সুধন্বনে।
ব্রহ্মন্নভ্যর্চ্চনীয়োঽসি শ্বেতা গৌঃ পীবরীকৃতা ॥২৭॥

সুধন্বোবাচ।

উদকং মধুপর্কঞ্চ প্রশ্নবাচার্পিতং মম।
প্রহ্লাদ! ত্বস্তু মে তথ্যং প্রশ্নং প্রব্রূহি পৃচ্ছতঃ।
কিং ব্রাহ্মণাঃ স্বিচ্ছ্রেয়াংস উতাহো স্বিদ্বিরোচনঃ ॥২৮॥

ভারতকৌমুদী

পষ্টমুবাচ—কিমিতি। সখ্যং জাতমিতি শেষঃ ॥২৫॥

নেতি। বিপণাবহে পণং কুর্ব্বহে। তত্ত্বং প্রাধান্যে যাথার্থ্যম্ ॥২৬॥

উদকমিতি। শ্বেতা, পীবরী স্থূলা চ গৌঃ, কৃতা দানায় নিরূপিতা ॥২৭॥

প্রহ্লাদ বলিলেন—"যাঁহারা পূর্ব্বে একসঙ্গে বিচরণ করিত না, আজ তাহারাই এই তিক্তবিষ সর্পের ন্যায় ক্রুদ্ধ হইয়া একপথে এইখানে আসিতেছে দেখিতেছি ॥২৪॥

তোমরা পূর্ব্বে একসঙ্গে বিচরণ কর নাই; কিন্তু আজ এইরূপ একসঙ্গে বিচরণ করিতেছ কেন? বিরোচন! তোমাকে ইহা জিজ্ঞাসা করিতেছি যে, তোমার কি সুধন্বার সহিত সখিত্ব জন্মিয়াছে?" ॥২৫॥

বিরোচন বলিলেন—"পিতঃ! সুধন্বার সহিত আমার সখিত্ব জন্মে নাই; বরং আমরা আপন আপন প্রাণ পণ রাখিয়াছি; অতএব আপনার নিকট সে বিষয়ে যথার্থ কথা জিজ্ঞাসা করিতেছি, আপনি আমাদের প্রশ্নের মিথ্যা উত্তর দিবেন না" ॥২৬॥

প্রহ্লাদ বলিলেন—"ভৃত্যেরা সুধন্বার জন্য পাদপ্রক্ষালনের জল ও মধুপর্ক আনয়ন করুক। ব্রাহ্মণ! আপনি আমাদের পূজনীয়; সুতরাং আপনাকে দান করিবার জন্য একটী স্থূলকায় শ্বেতবর্ণ গরু নির্দ্দিষ্ট করা হইল" ॥২৭॥

---

(২৬)⋯তত্ত্বাং পৃচ্ছামি⋯অনৃতং বদীঃ—পি। (২৮)⋯পথ এবার্পিতম্—পি,⋯পথিবে- বার্পিতম্—বা ব রা।

প্রহ্লাদ উবাচ।

পুত্র একো মম ব্রহ্মন্! ত্বঞ্চ সাক্ষাদিহাস্থিতঃ।
তয়োর্বিবদতোঃ প্রশ্নং কথমস্মদ্বিধো বদেৎ ॥২৯॥

সুধম্বোবাচ। *

গাং প্রদদ্যাস্ত্বৌরসায় যদ্বান্যৎ স্যাৎ প্রিয়ং ধনম্।
দ্বয়োর্বিবদতোস্তথ্যং বাচ্যঞ্চ মতিমংস্ত্বয়া ॥৩০॥

প্রহ্লাদ উবাচ।

অথ যো নৈব প্রব্রূয়াৎ সত্যং বা যদি বাঽনৃতম্।
এতৎ সুধন্বন্! পৃচ্ছামি দুর্বিবক্তা স্ম কিং বসেৎ ॥৩১॥

ভারতকৌমুদী

উদকমিতি। প্রশ্নবাচা প্রশ্নোত্তরবাক্যেন অর্পিতং ভবিষ্যতি। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২৮॥
পুত্র ইতি। সাক্ষাদ্বিদ্যমানত্বে স্নেহাতিরেক ইত্যাশয়ঃ। বিবদতোঃ প্রাণপণেন ॥২৯॥
গামিতি। ঔরসায় পুত্রায়। ন মে গোগ্রহণে যত্ন ইত্যাশয়ঃ ॥৩০॥

ভারতভাবদীপঃ

যে বিদুস্তান্ পৃচ্ছাব ॥১৯—২৩॥ সহ ন চরিতং বৈরাৎ ॥২৪—২৬॥ পীবরী পুষ্টা কৃতা মধুপর্কার্থম্ উপকল্পিতা ॥২৭॥ পথিস্থিতি প্রশ্ননির্ণয়েনৈতৎ প্রাপ্তমিতি ভাবঃ ॥২৮—৩০॥ দুর্বিবক্তা দুষ্টবিবেককর্ত্তা অন্যায্যবক্তেত্যর্থঃ। কিং বসেৎ কিং দুঃখং প্রাপ্নুয়াৎ ॥৩১॥

সুধন্বা বলিলেন—"অসুররাজ! আপনি আমাদের প্রশ্নের উত্তর দিলেই আমাকে পাদ্য ও মধুপর্ক দেওয়া হইবে; সুতরাং আমি জিজ্ঞাসা করিতেছি, আপনি আমার প্রশ্নের যথার্থ উত্তর বলুন—ব্রাহ্মণ শ্রেষ্ঠ? না বিরোচন শ্রেষ্ঠ?" ॥২৮॥

প্রহ্লাদ বলিলেন—"ব্রাহ্মণ! বিরোচন আমার একমাত্র পুত্র; আপনিও আমার সাক্ষাতেই এখানে রহিয়াছেন। এ অবস্থায় আপনাদের বিবাদবিষয়ের প্রশ্নের উত্তর আমার মত লোক কি করিয়া বলিবে?" ॥২৯॥

সুধন্বা বলিলেন—"মহাবুদ্ধে! আপনার গো কিংবা অন্য যে কিছু প্রিয় ধন আছে, তাহা আপনি আপনার পুত্রকেই দিবেন; কিন্তু আমাদের দুই জনের বিবাদবিষয়ের প্রশ্নের সত্য উত্তর আপনার বলিতেই হইবে" ॥৩০॥

প্রহ্লাদ বলিলেন—"সুধন্বা! যে লোক মোটেই প্রশ্নের উত্তর বলে না, কিংবা সত্য বলে, বা মিথ্যা বলে, তাহাদের বিষয়ে ইহাই জিজ্ঞাসা করি যে, যে লোক মিথ্যা বলে, সে কি ভাবে বাস করে?" ॥৩১॥

* ইতঃ পরং নি পুস্তকে নানাবিধাঃ পাঠভেদাঃ সন্তি।

সুধন্বোবাচ।

যাং রাত্রিমধিবিন্না স্ত্রী যাং বৈ চাক্ষপরাজিতঃ।
যাঞ্চ ভারাভিতপ্তাঙ্গো দুর্ব্বিবক্তা স্ম তাং বসেৎ ॥৩২॥
নগরে প্রতিরুদ্ধঃ সন্ বহির্দ্বারে বুভুক্ষিতঃ।
অমিত্রান্ ভূয়সঃ পশ্যেদ্‌যঃ সাক্ষ্যনৃতং বদেৎ ॥৩৩॥
যাঞ্চ রাত্রিমভিক্রুষ্টো যাঞ্চ মিত্রে প্রিয়েঽনৃতে।
সর্ব্বস্বেন চ হীনো যো দুর্ব্বিবক্তা তু তাং বসেৎ ॥৩৪॥

ভারতকৌমুদী

অথেতি। দুর্ব্বিবক্তা অনৃতপ্রশ্নোত্তরবক্তা, কিং সুখং দুঃখং বা ॥৩১॥

যামিতি। অধিবিন্না আধিক্যেন লব্ধা সপত্নীযুক্তেত্যর্থঃ স্ত্রী, যাং যাদৃশীং রাত্রিম্ বসেৎ, অক্ষে দ্যূতে পরাজিতো জনশ্চ যাং রাত্রিং বসেৎ, ভারেণ দিবাবসানে ভারবহনেন অভিতপ্তাঙ্গো ব্যথিতসর্ব্বাঙ্গো জনশ্চ যাং রাত্রিং বসেৎ, দুর্ব্বিবক্তা অনৃতপ্রশ্নোত্তরবক্তা জনঃ, তাং তথাবিধামেব রাত্রিং বসেৎ দুঃখেনৈব তিষ্ঠেদিত্যর্থঃ ॥৩২॥

নগর ইতি। বুভুক্ষিতঃ ক্ষুধার্ত্তঃ। অমিত্রান্ শত্রূন্, ভূয়সো বহুলান্ ॥৩৩॥

যামিতি। অনৃতে অনৃতবাদিনি সতি। দুর্ব্বিবক্তা মিথ্যাবাদী ॥৩৪॥

ভারতভাবদীপঃ

অধিবিন্না কৃতসপত্নীকা স্ত্রী তাং রাত্রিং বসেৎ তদ্বদ্‌দুঃখং প্রাপ্নুয়াৎ ॥৩২॥ নগরং ক্ষিতিশরণমলভমানঃ ক্ষুধার্ত্তঃ শত্রুভির্বেষ্টিতশ্চ যৎ দুঃখং লভতে সঃ অনৃতসাক্ষ্যবক্তাঽপি লভেতেত্যর্থঃ ॥৩৩—৩৪॥ পঞ্চ পূর্ব্বজান্ পশ্বনৃতে অজাদিপশ্বর্থমনৃতে উক্তে সতি হন্তি নাশয়তি

সুধন্বা বলিলেন—"যাহার সপত্নী থাকে, সেই স্ত্রী যেভাবে রাত্রিতে বাস করে, দ্যূতপরাজিত লোক যে ভাবে রাত্রিতে বাস করে এবং ভারবহনব্যথিতাঙ্গ লোক যে ভাবে রাত্রিতে বাস করে, প্রশ্নের মিথ্যোত্তরকারী লোক সেইভাবেই রাত্রিতে বাস করে ॥৩২॥

যে সাক্ষী মিথ্যা বলে, সে সাক্ষী নগরের বহির্দ্বারে রুদ্ধ ও ক্ষুধার্ত্ত হইয়া বহুতর শত্রু দর্শন করে ॥৩৩॥

যে লোক সকলের দ্রোহের পাত্র হয়, সে লোক যেমন ভাবে রাত্রিতে বাস করে, প্রিয়সুহৃৎ মিথ্যা বলিলে মানুষ যেভাবে রাত্রিতে বাস করে এবং সর্ব্বস্বহীন লোক যেরূপে রাত্রিতে বাস করে, যে লোক মিথ্যাসাক্ষ্য দান করে, সে লোকও সেইভাবেই রাত্রিতে বাস করে ॥৩৪॥

---

(৩৩)···যঃ সাক্ষ্যমনৃতং বদেৎ—পি,·· পশ্যন্ দুর্ব্বিবক্তা তু তাং বসেৎ—নি। (৩৪) শ্লোকঃ পি বা ব রা নাস্তি।

পঞ্চ পশ্বনৃতে হন্তি দশ হন্তি গবানৃতে।
শতমশ্বানৃতে হন্তি সহস্রং পুরুষানৃতে ॥৩৫॥
হন্তি জাতানজাতাংশ্চ হিরণ্যার্থেঽনৃতং বদন্।
সর্ব্বং ভূম্যনৃতে হন্তি মাস্ম ভূম্যনৃতং বদেঃ ॥৩৬॥

প্রহ্লাদ উবাচ।

মত্তঃ শ্রেয়ানঙ্গিরা বৈ সুধন্বা তদ্বিরোচন!।
মাতাঽস্য শ্রেয়সী মাতুস্তস্মাত্ত্বং তেন বৈ জিতঃ ॥৩৭॥
বিরোচন! সুধন্বায়ং প্রাণানামীশ্বরস্তব।
সুধন্বন্! পুনরিচ্ছামি ত্বয়া দত্তং বিরোচনম্ ॥৩৮॥

সুধন্বোবাচ।

যদ্ধর্ম্মমবৃণীথাস্ত্বং ন কামাদনৃতং বদীঃ।
পুনর্দদামি তে পুত্রং তস্মাৎ প্রহ্লাদ! দুর্লভম্ ॥৩৯॥

ভারতকৌমুদী

পঞ্চেতি। পশ্বনৃতে ছাগাদিপশুসম্বন্ধে মিথ্যাবাদে, বক্তা পঞ্চ পূর্ব্বপুরুষান্, হন্তি তৎপাপেন স্বর্গাৎ পাতয়তি। এবমন্যত্র ॥৩৫॥

হন্তীতি। জাতান্ পিত্রাদীন্, অজাতান্ পুত্রাদীন্। অজাতানাং হননং পাপেন বিকলাঙ্গাদিভাবেন জননম্। হিরণ্যার্থে ধনার্থে ॥৩৬॥

মত্ত ইতি। মত্তো মদপেক্ষয়া, অঙ্গিরাঃ সুধন্বনঃ পিতা, ত্বৎ ত্বত্তঃ। মাতুস্তব জনন্যাঃ। সর্ব্বত্র তপোঽতিরেকাদিতি ভাবঃ। তেন এতেন সুধন্বনা ॥৩৭॥

বিরোচনেতি। ঈশ্বরঃ প্রভুঃ, জয়লাভাদিত্যাশয়ঃ ॥৩৮॥

মানুষ পশুসম্বন্ধে মিথ্যা বলিয়া উপরের পাঁচ পুরুষ, গোসম্বন্ধে মিথ্যা বলিয়া দশ পুরুষ, অশ্বসম্বন্ধে মিথ্যা বলিয়া শত পুরুষ এবং মানুষসম্বন্ধে মিথ্যা বলিয়া সহস্র পুরুষ নিপাতিত করে ॥৩৫॥

মানুষ ধনের জন্য মিথ্যা বলিয়া উৎপন্ন ও অনুৎপন্ন সকলকে বিনষ্ট করে এবং ভূমিসম্বন্ধে মিথ্যা বলিয়া সমস্ত নষ্ট করে; অতএব কখনও ভূমিসম্বন্ধে মিথ্যা বলিবে না” ॥৩৬॥

প্রহ্লাদ বলিলেন—“বিরোচন! আমা অপেক্ষা অঙ্গিরা শ্রেষ্ঠ, তোমা অপেক্ষা সুধন্বা শ্রেষ্ঠ এবং তোমার মাতা অপেক্ষা সুধন্বার মাতা শ্রেষ্ঠ; অতএব তুমি সুধন্বার নিকট পরাজিত হইলে ॥৩৭॥

বিরোচন! এখন এই সুধন্বা তোমার প্রাণের অধীশ্বর। সুধন্বা! আমি ইচ্ছা করি যে, আপনি পুনরায় বিরোচনকে দান করেন” ॥৩৮॥

---

(৩৭)...সুধন্বা ত্বত্ত এব চ—পি।

এষ, প্রহ্লাদ ! পুত্রস্তে ময়া দত্তো বিরোচনঃ ।
পাদপ্রক্ষালনং কুর্য্যাৎ কুমার্য্যাঃ সন্নিধৌ মম ॥৪০॥

বিদুর উবাচ ।

তস্মাদ্রাজেন্দ্র ! ভূম্যর্থে নানৃতং বক্তুমর্হসি ।
মা গমঃ সসুতামাত্যো নাশং পুত্রার্থমব্রুবন্ ॥৪১॥
ন দেবা দণ্ডমাদায় রক্ষন্তি পশুপালবৎ ।
যং তু রক্ষিতুমিচ্ছন্তি বুদ্ধ্যা সংযোজয়ন্তি তম্ ॥৪২॥
যথা যথা হি পুরুষঃ কল্যাণে কুরুতে মনঃ ।
তথা তথাঽস্য সর্ব্বার্থাঃ সিধ্যন্তে নাত্র সংশয়ঃ ॥৪৩॥

ভারতকৌমুদী

যদিতি । কামাৎ পুত্ররক্ষাভিলাষাৎ । বদীরিত্যাগমদীর্ঘয়োরভাব আর্ষঃ ।৩৯॥
এষ ইতি । কুর্য্যাৎ, পরাজয়সূচনায় বিরোচনঃ । কুমার্য্যাঃ কেশিন্যাঃ ॥৪০॥
তস্মাদিতি । অনৃতম্ অজ্ঞাতবাসো ন সমাপ্ত ইত্যেবং মিথ্যা । অব্রুবন্ সত্যমিতি শেষঃ ॥৪১॥
নেতি । বুদ্ধ্যা মঙ্গলবিধায়িন্যা প্রজ্ঞয়া ॥৪২॥
যথেতি । কল্যাণে কল্যাণকরে কার্য্যে । সর্ব্বার্থাঃ সর্ব্বে বিষয়াঃ ॥৪৩॥

ভারতভাবদীপঃ

পরলোকাৎ চ্যাবয়তি । এবমুক্তবত্র ॥৩৫॥ ভূমিতুল্যা কেশিনী তদর্থম্ অনৃতং ভূম্যনৃতম্ ॥৩৬॥ অঙ্গিরাঃ সুধন্বনঃ পিতা, ত্বং ত্বত্তঃ ॥৩৭—৩৯॥ পাদপ্রক্ষালনং হরিদ্রয়া পাদধাবনম্, কুমার্য্যাঃ কেশিন্যাঃ, বিবাহে দম্পত্যোঃ পরস্পরং হরিদ্রয়া পাদধাবনং কুর্ব্বন্তীতি প্রসিদ্ধম্ । অস্যৈব ভার্য্যা কেশিনী ভবত্বিত্যর্থঃ ॥৪০॥ প্রকৃতে আখ্যায়িকোপযোগমাহ—তস্মাদিতি । অব্রুবন্ সত্যমিতি শেষঃ ॥৪১॥ তব দৈবং প্রতিকূলম্ অধীনঞ্চ নিষ্ফলমিত্যাহ ত্রয়েণ—ন দেবা ইতি

সুধন্বা বলিলেন—"অসুররাজ ! আপনি যখন ধর্ম্মকেই গ্রহণ করিলেন ; কিন্তু পুত্ররক্ষার ইচ্ছায় মিথ্যা বলিলেন না ; তখন আমি আপনার দুর্লভ পুত্রকে পুনরায় দান করিব ॥৩৯॥

অসুররাজ ! আমি এই আপনার পুত্র বিরোচনকে দান করিলাম ; কিন্তু ইনি কেশিনীর সমক্ষে আমার পাদপ্রক্ষালন করিয়া দিবেন" ॥৪০॥

বিদুর বলিলেন—"অতএব রাজশ্রেষ্ঠ ! আপনি ভূমির জন্য মিথ্যা বলিতে পারেন না এবং আপনি পুত্রের জন্য সত্য না বলিয়া পুত্র ও অমাত্যবর্গের সহিত বিনাশ প্রাপ্ত হইবেন না ॥৪১॥

পশুপালগণের ন্যায় দেবগণ দণ্ড লইয়া রক্ষা করেন না ; কিন্তু তাঁহারা যাহাকে রক্ষা করিবার ইচ্ছা করেন, তাহার সদ্‌বুদ্ধি জন্মাইয়া দেন ॥৪২॥

নৈনং ছন্দাংসি বৃজিনাত্তারয়ন্তি মায়াবিনং মায়য়া বর্ত্তমানম্।
নীড়ং শকুন্তা ইব জাতপক্ষাশ্ছন্দাংস্যেনং প্রজহত্যন্তকালে ॥৪৪॥
মদ্যপানং কলহং পূগবৈরং ভার্য্যাপত্যোরন্তরং জ্ঞাতিভেদম্।
রাজদ্বিষ্টং স্ত্রীপুংসয়োর্বিবাদং বর্জ্জ্যান্যাহুর্যশ্চ পন্থাঃ প্রদুষ্টঃ ॥৪৫॥
সামুদ্রিকং বণিজং চোরপূর্ব্বং শলাকধূর্ত্তঞ্চ চিকিৎসকঞ্চ।
অরিঞ্চ মিত্রঞ্চ কুশীলবঞ্চ নৈতান্ সাক্ষ্যে ত্বধিকুর্ব্বীত সপ্ত ॥৪৬॥

ভারতকৌমুদী

নেতি। ছন্দাংসি বেদাঃ, বৃজিনাৎ, পাপাৎ, মায়াবিনং ছলকারিণম্ ॥৪৪॥

মদ্যেতি। মদ্যপানং রোগং বিনা, কলহং নির্হেতুকম্, পূগবৈরং বহুভিঃ সহ শত্রুতাম্, ভার্য্যাপত্যোরন্তরং দোষপ্রখ্যাপনাদিনা ভেদম্, জ্ঞাতিভেদং বঞ্চনাদিনা রাজ্ঞো বিদ্বিষ্টপ্রিয়ম্, স্ত্রীপুংসয়োর্বিবাদম্, যশ্চ প্রদুষ্টঃ পন্থাঃ কান্তারান্তর্গতশ্চৌর্য্যাদিরূপো বা, এতানি বর্জ্জ্যান্যাহু-র্মনীষিণঃ ॥৪৫॥

সামুদ্রিকমিতি। সামুদ্রিকং হস্তরেখাদিদর্শনেন ভাগ্যপরীক্ষকম্, কদাচিৎ প্রতারণা-করণাৎ; পূর্ব্বং চোর ইতি চোরপূর্ব্বং তাদৃশং বণিজম্, স্বভাবদোষাৎ; শলাকেষু শারিকাসু ধূর্ত্তম্, একত্র ধূর্ত্তত্বে অন্যত্রাপি ধূর্ত্তত্বসম্ভবাৎ, চিকিৎসকম্ অবিদিতবৈদ্যশাস্ত্রম্, প্রতারণা-পরায়ণত্বাৎ; অরিম্, অনিষ্টজননসম্ভবাৎ, মিত্রং স্বপক্ষপাতশঙ্কয়া অবিশ্বাসাপাতাৎ, কুশী-

ভারতভাবদীপঃ

॥৪২—৪৩॥ ছন্দাংসি বেদাঃ ॥৪৪॥ অন্তরং বিয়োগং বিবাদং বৈরপ্রবর্ত্তনং জ্ঞাতিভেদে কলহে চ তব প্রবৃত্তির্ন যোগ্যেতি ভাবঃ ॥৪৫॥ সামুদ্রিকং হস্তরেখাদিপরীক্ষকম্। বণিজং চোর-পূর্ব্বং পূর্ব্বং চোরঃ পশ্চাদ্বণিগ্ভূতস্তং কূটতুলাবন্তং বা। শলাকধূর্ত্তঃ শলাকয়া পাশাদিনা বা শকুনাদিকমুক্ত্বা যোঽন্যান্ বঞ্চয়তি তম্। অরিং বিপরীতসাক্ষ্যভয়াৎ। মিত্রং পরীক্ষকাণা-মবিশ্বাসাৎ। কুশীলবং কুৎসিতং শীলং বাতি অনুসরতীতি তম্। নর্ত্তকাদানং বিটোন্মত্তাদিকং

মানুষ মঙ্গলজনক বিষয়ে যেমন যেমন মন সমর্পণ করে, তেমন তেমনই উহার সমস্ত কার্য্য সিদ্ধ হয়; এ বিষয়ে কোন সন্দেহ নাই ॥৪৩॥

ছলকারী মানুষ ছল করিতে প্রবৃত্ত হইলে, বেদ উহাকে পাপ হইতে উদ্ধার করে না। বরং জাতপক্ষ বিহঙ্গম যেমন নীড় পরিত্যাগ করে, সেইরূপ বেদ অন্তিমকালে ঐ ছলকারীকে পরিত্যাগ করে ॥৪৪॥

রোগব্যতীত মদ্যপান, বিনা কারণে কলহ, বহু লোকের সহিত শত্রুতা, পতি ও পত্নীর বিচ্ছেদ, জ্ঞাতিদের মধ্যে ভেদ, রাজার অপ্রিয়, স্ত্রী ও পুরুষের বিবাদ এবং যে পথটা দূষিত, সেই পথ, জ্ঞানীরা এইগুলিকে বর্জ্জনীয় বলেন ॥৪৫॥

(৪৬) সামুদ্রকং বাণিজক চৌরম্—পি

মানাগ্নিহোত্রমুত মানমৌনং মানেনাধীতমুত মানযজ্ঞঃ ।
এতানি চত্বার্য্যভয়ঙ্করাণি ভয়ং প্রযচ্ছন্ত্যযথা কৃতানি ॥৪৭॥
অগারদাহী গরদঃ কুণ্ডাশী সোমবিক্রয়ী ।
পর্ব্বকারশ্চ সূচী চ মিত্রধ্রুক্ পারদারিকঃ ॥৪৮॥
ভ্রূণহা গুরুতল্পী চ যশ্চ স্যাৎ পানপো দ্বিজঃ ।
অতিতীক্ষ্ণশ্চ কাকশ্চ নাস্তিকো বেদনিন্দকঃ ॥৪৯॥
স্রুবপ্রগ্রহণো ব্রাত্যঃ কীনাশশ্চাত্মবানপি ।
রক্ষেত্যুক্তশ্চ যো হিংস্যাৎ সর্ব্বে ব্রহ্মহভিঃ সমাঃ ॥৫০॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

শত্রুং নটঞ্চ, চাটুকারতয়া মিথ্যাবাদসম্ভবাৎ, এতান্ সপ্ত, সাক্ষ্যে তু নাধিকুর্ব্বীত ন নিযোজয়েৎ ॥৪৬॥

মানেতি। প্রাগ্ ব্যাখ্যাতমিদম্ (২৬১ পৃষ্ঠে)। উপক্রমভেদাদপৌনরুক্ত্যম্ ॥৪৭॥

অগারেতি। অগারদাহী গৃহদাহকারী; গরদো হত্যার্থং বিষদাতা; কুণ্ডে অগ্ন্যালয়ে চিতায়াম্ অশ্নাতি প্রেতায় দত্তং পিণ্ডাদিকং ভুঙ্‌ক্ত ইতি কুণ্ডাশী, "কুণ্ডমগ্ন্যালয়ে" ইত্যাদি

ভারতভাবদীপঃ

বা। তত্র তু কূটদ্যূতকারী শকুনিঃ কুশীলব এব প্রমাণম্ ॥৪৬॥ সৎকর্ম্মদ্বারাঽপি তস্য সাধুত্বং ন মন্তব্যমিত্যাহ—মানেতি। মানঃ লোকেষু উৎকর্ষঃ তদর্থান্যগ্নিহোত্রাদীনি ভয়দানীত্যর্থঃ। মৌনং ধ্যানম্ ॥৪৭॥ কুণ্ডাশী ভগভক্ষঃ জীবতি ভর্ত্তরি জারাজ্জাতঃ কুণ্ডস্তেন নিমিত্তেনাশিতুং শীলঃ। সোমবিক্রয়ী প্রসিদ্ধঃ। পর্ব্বকারঃ শরকৃৎ আয়ুধমাত্রকর্ত্তেত্যর্থঃ। সূচী সূচকো নক্ষত্রাদীনাং পরদোষাণাঞ্চ জ্যোতিষিকঃ পিশুনো বা ॥৪৮॥ কাকঃ কাকবৎ ক্ষতোৎকর্ত্তনেন দুঃখিতস্যাপি দুঃখপ্রদঃ, নাস্তিকঃ পরলোকাদিদ্বেষী ॥৪৯॥ স্রুবপ্রগ্রহণঃ রাজকীয়বৃত্তিবলেন সর্ব্বেভ্যো বণিগ্‌ভ্যঃ স্রুবেণ ধান্যাদিকমাদত্তে খোকাগ্রাহক ইতি ভাষায়াং প্রসিদ্ধঃ, গ্রামপুরোহিত ইত্যন্যে। ব্রাত্যঃ অতীতোপনয়নকালঃ পতিতসাবিত্রীকো বা, কীনাশঃ কর্ষকঃ, আত্মবান্ সমর্থোঽপি যো রক্ষেত্যুক্তো হিংস্যাৎ এতেষাঞ্চ স্বয়ং স্বৎপুত্রেষু

সামুদ্রিক, যে লোক পূর্ব্বে চোর থাকিয়া পরে বাণিজ্যব্যবসায়ী হয় সেই লোক, যে লোক দ্যূতক্রীড়ায় গুটীগুলিকে ছলপূর্ব্বক চালনা করে সেই লোক, যে লোক চিকিৎসাশাস্ত্র না জানিয়া চিকিৎসা করে সেই লোক, শত্রু, মিত্র এবং নট—এই সাত জনকে সাক্ষ্যে নিযুক্ত করিবে না ॥৪৬॥

(৪৭ শ্লোকের অনুবাদ ২৬২ পৃষ্ঠায় দ্রষ্টব্য) ॥৪৭॥

গৃহদাহকারী, বিষদায়ী, চিতাপিণ্ডভোজী, সোমলতাবিক্রয়ী, পরকুৎসার আলোচনাদ্বারা উৎসবকারী, খল, মিত্রদ্রোহী, পারদারিক, ভ্রূণহত্যাকারী এবং

---

(৫০) স্রুবপ্রগ্রহণঃ—পি।

তৃণোল্কয়া জ্ঞায়তে জাতরূপং বৃত্তেন ভদ্রো ব্যবহারেণ সাধুঃ।
শূরো ভয়েষ্বর্থকৃচ্ছ্রেষু ধীরঃ কৃচ্ছ্রেষ্বাপৎসু সুহৃদশ্চারয়শ্চ ॥৫১॥
জরা রূপং হরতি ধৈর্য্যমাশা মৃত্যুঃ প্রাণান্ ধর্ম্মচর্য্যামসূয়া।
ক্রোধঃ শ্রিয়ং শীলমনার্য্যসেবা হ্রিয়ং কামঃ সর্ব্বমেবাভিমানঃ ॥৫২॥
ন ক্রোধিনোঽর্থো ন নৃশংসস্য মিত্রং ক্রূরস্য ন স্ত্রী সুখিনো ন বিদ্যা।
ন কামিনো হ্রীরলসস্য ন শ্রীঃ সর্ব্বস্তু ন স্যাদনবস্থিতস্য ॥৫৩॥

ভারতকৌমুদী

মেদিনী; সোমবিক্রয়ী সোমলতাবিক্রয়কারী, গহনপ্রবেশাদিনা আত্মহননোদ্যমাৎ; পর্ব্ব পরকুৎসালোচনেনোৎসবং করোতীতি সঃ, সূচী সূচকঃ খল ইতি যাবৎ; ভ্রূণহা গর্ভহত্যা-কারী; গুরুতল্পী গুরুপত্নীগামী; পানপঃ সুরাপায়ী; অতিতীক্ষ্ণো নিতান্তখরস্বভাবঃ; কারুঃ কাষ্ঠশিল্পী; স্রুবং যজ্ঞপাত্রবিশেষং প্রগৃহ্লাতীতি স গ্রামযাজক ইত্যর্থঃ, ব্রাত্যঃ পতিত-সাবিত্রীকঃ; কীনাশ উপাংশুঘাতী, "কীনাশঃ কর্ষকে ক্ষুদ্রে কৃতান্তোপাংশুঘাতিনোঃ" ইতি বিশ্বঃ; তথা আত্মবান্ শক্তিমানপি যঃ, মাং রক্ষেত্যুক্তঃ সন্নপি হিংস্যাৎ হন্যাৎ। এতে সর্ব্বে, ব্রহ্মহভিঃ ব্রহ্মহত্যাকারিভিঃ সমাঃ ॥৪৮—৫০॥

তৃণেতি। তৃণোল্কয়া তৃণসম্বন্ধাগ্নিশিখয়া, জাতরূপম্ অন্ধকারস্থং স্বর্ণং জ্ঞায়তে। বৃত্তেন চরিত্রেণ, ভদ্রঃ শ্রেষ্ঠো জনো জ্ঞায়তে। ব্যবহারেণ সাধুর্ধার্ম্মিকো জ্ঞায়তে। ব্যাঘ্রাক্রমণাদি-জনিতেষু ভয়েষু শূরো বীরো জ্ঞায়তে। অর্থকৃচ্ছ্রেষু দারিদ্র্যকষ্টেষু ধীরো ধৈর্য্যবান্ জ্ঞায়তে। কৃচ্ছ্রেষু রোগাদিকষ্টেষু সুহৃদো জ্ঞায়ন্তে। আপৎসু চ অরয়ঃ আক্রামিতয়া শত্রবো জ্ঞায়ন্তে ॥৫১॥

জরেতি। অসূয়া পরদোষাবিষ্কারঃ। শীলং চরিত্রম্। হ্রিয়ং লজ্জাম্ ॥৫২॥

ভারতভাবদীপঃ

দৃষ্টম্ ॥৫০॥ তৃণোল্কয়া তৃণজ্বালয়া জাতরূপং রূপবদ্বস্তু জ্ঞায়তেঽন্ধকারে সতি। ভদ্রো বৃষঃ ধর্ম্ম ইতি যাবৎ। বৃত্তেন শীলেন সোঽস্তি নাস্তীতি জ্ঞায়তে। ব্যবহারেণ অহিংসাদিপ্রধানেন। কৃচ্ছ্রেষু দুর্ভিক্ষাদিসঙ্কটেষু। ইৎপুত্রেষু ধর্ম্মঃ সাধুত্বঞ্চ নাস্তীত্যর্থঃ ॥৫১॥ জরেতি। স্বৎ-

গুরুপত্নীগামী, আর যে ব্রাহ্মণ হইয়া সুরাপান করে এবং অত্যন্ত রূক্ষস্বভাব, কাষ্ঠশিল্পী, নাস্তিক, বেদনিন্দক, গ্রামযাজী ও ব্রাত্য (যথাসময়ে উপনয়নরহিত) হয়, আর গুপ্তহত্যাকারী এবং 'আমাকে রক্ষা করুন' এই কথা বলার পরে সমর্থ হইয়াও যে হিংসা করে, এই সকল লোকই ব্রহ্মহত্যাকারীর সমান ॥৪৮—৫০॥

দীপদ্বারা (অন্ধকারে) স্বর্ণ, চরিত্রদ্বারা ভদ্র, ব্যবহারদ্বারা সাধু, ভয়ে বীর, অর্থকষ্টে ধীর, রোগকষ্টে বন্ধু এবং বিপদে শত্রু জানা যায় ॥৫১॥

জরা রূপকে, আশা ধৈর্য্যকে, মৃত্যু প্রাণকে, অসূয়া ধর্ম্মাচরণকে, ক্রোধ সম্পত্তিকে, নীচসেবা স্বভাবকে, কাম লজ্জাকে এবং অভিমান সকল গুণকে নষ্ট করে ॥৫২॥

---

(৫৩) শ্লোকঃ পি বা ব য় নাস্তি।

শ্রীর্মঙ্গলাৎ প্রভবতি প্রাগল্‌ভ্যাৎ সম্প্রবর্দ্ধতে।
দাক্ষ্যাত্তু কুরুতে মূলং সংযমাৎ প্রতিতিষ্ঠতি ॥৫৪॥
অষ্টৌ গুণাঃ পুরুষং দীপয়ন্তি প্রজ্ঞা চ কৌল্যঞ্চ দমঃ শ্রুতঞ্চ।
পরাক্রমশ্চাবহুভাষিতা চ দানং যথাশক্তি কৃতজ্ঞতা চ ॥৫৫॥
এতান্ গুণাংস্তাত! মহানুভাবানেকো গুণঃ সংশ্রয়তে প্রসহ্য।
রাজা যদা সৎকুরুতে মনুষ্যং সর্ব্বান্ গুণানেষ গুণোঽতিভাতি ॥৫৬॥
অষ্টৌ নৃপেমানি মনুষ্যলোকে স্বর্গস্য লোকস্য নিদর্শনানি।
চত্বার্য্যেষামন্বেতানি সদ্ভিশ্চত্বারি চৈষামনুযান্তি সন্তঃ ॥৫৭॥

ভারতকৌমুদী

নেতি। অর্থো ধনম্। সুখিনো ভোগিনঃ। অনবস্থিতস্য অস্থিরসঙ্কল্পস্য ॥৫৩॥

শ্রীরিতি। মঙ্গলাৎ সৎকার্য্যাৎ, শ্রীর্ধনসম্পৎ, প্রভবতি উৎপদ্যতে। প্রাগল্‌ভ্যাৎ ধৃষ্টতা-গুণাৎ, সম্প্রবর্দ্ধতে মানুষো গৌরবান্বিতো ভবতি। দাক্ষ্যাৎ কর্ম্মনৈপুণ্যাৎ, মূলং মূলধনসংগ্রহম্, কুরুতে। সংযমাদিন্দ্রিয়দমনাচ্চ প্রতিতিষ্ঠতি ॥৫৪॥

অষ্টাবিতি। প্রাগয়ং শ্লোকো ব্যাখ্যাতঃ (২৬৮ পৃষ্ঠে) ॥৫৫॥

এতানিতি। অয়মপি প্রাগ্‌ব্যাখ্যাতঃ (২৬৮ পৃষ্ঠে) ॥৫৬॥

অষ্টাবিতি। নিদর্শনানি নিশ্চয়েন দর্শকানি। অন্বেতানি প্রায়েণ সম্বদ্ধানি। সন্তঃ সাধবঃ, অনুযান্তি অনুসরন্তি ॥৫৭॥

ভারতভাবদীপঃ

পুত্রেঽভিমানদোষোঽস্তি ॥৫২—৫৩॥ শ্রীরিতি। দাক্ষ্যং শীঘ্রকারিত্বং ত্বয়ি সংযমাভাবান্ন শ্রীঃ স্থাস্যতি ॥৫৪॥ অষ্টাবিতি। রাজা পুরস্কৃতং পুরুষং প্রজ্ঞাদয়ো হঠাদনুসরন্তীতি শ্লোক-দ্বয়ার্থঃ ॥৫৫॥ এষ গুণো রাজসৎকারঃ বিভাতি ভাসয়তি কর্ণাদিষু সৎকৃতেষু আগন্তুকা এতে গুণাঃ সন্তি ন স্বাভাবিকাঃ। অতস্তেনোপযোক্ষ্যন্ত ইতি ভাবঃ ॥৫৬॥ ইমানি বক্ষ্যমাণানি অন্বেতানি নিত্যসম্বদ্ধানি অনুযান্তি যত্নেন ভজন্তি ॥৫৭—৫৯॥ তত্রেতি। অসত্যাপি

ক্রোধীর ধন হয় না, নৃশংসের মিত্র হয় না, ক্রূরের স্ত্রী হয় না, ভোগীর বিদ্যা জন্মে না, কামীর লজ্জা থাকে না, অলসের সম্পত্তি হয় না এবং অব্যবস্থিতচিত্তের এ সমস্তই হয় না ॥৫৩॥

সৎকার্য্য হইতে মানুষের ধনসম্পত্তি জন্মে, ধৃষ্টতা-(প্রত্যুৎপন্নমতি) দ্বারা মানুষের গৌরব হয়, মানুষ দক্ষতাদ্বারা মূলধন সংগ্রহ করিতে পারে এবং ইন্দ্রিয়সংযমদ্বারা প্রতিষ্ঠা লাভ করে ॥৫৪॥

(২৬৮ পৃষ্ঠাতে অনুবাদ দ্রষ্টব্য) ॥৫৫॥

(২৬৮ পৃষ্ঠাতে অনুবাদ দ্রষ্টব্য) ॥৫৬॥

রাজা! মর্ত্ত্যলোকে এই আটটী স্বর্গলোকের প্রদর্শক; এ গুলির মধ্যে

যজ্ঞো দানমধ্যয়নং তপশ্চ চত্বার্য্যেতান্যন্বেতানি সদ্ভিঃ।
দমঃ সত্যমার্জ্জবমানৃশংস্যং চত্বার্য্যেতান্যনুযান্তি সন্তঃ ॥৫৮॥
ইজ্যাধ্যয়নদানানি তপঃ সত্যং ক্ষমা ঘৃণা।
অলোভ ইতি মার্গোঽয়ং ধর্ম্মস্যাষ্টবিধঃ স্মৃতঃ ॥৫৯॥
তত্র পূর্ব্বশ্চতুর্বর্গো দম্ভার্থমপি সেব্যতে।
উত্তরশ্চ চতুর্বর্গো নামহাত্মসু তিষ্ঠতি ॥৬০॥
ন সা সভা যত্র ন সন্তি বৃদ্ধা ন তে বৃদ্ধা যে ন বদন্তি ধর্ম্মম্।
নাসৌ ধর্ম্মো যত্র ন সত্যমস্তি ন তৎ সত্যং যচ্ছলেনানুবিদ্ধম্ ॥৬১॥
সত্যং রূপং শ্রুতং বিদ্যা কৌল্যং শীলং বলং ধনম্।
শৌর্য্যঞ্চ চিত্রভাষ্যঞ্চ দশেমে স্বর্গযোনয়ঃ ॥৬২॥

ভারতকৌমুদী

উক্তশ্লোকার্থমেব ব্যাচষ্টে—যজ্ঞ ইতি। আর্জ্জবং সারল্যম্, আনৃশংস্যং দয়া ॥৫৮॥

ইজ্যেতি। ইজ্যা যজ্ঞঃ। ঘৃণা দয়া। অলোভো নির্লোভতা। মার্গঃ কারণম্ ॥৫৯॥

তত্রেতি। চতুর্ণাম্ ইজ্যাধ্যয়নদানতপসাং বর্গঃ সমূহঃ, দম্ভার্থং ব্যাজার্থম্। চতুর্ণাং সত্য-ক্ষমাঘৃণাঽলোভানাং বর্গ ইতি সঃ, অমহাত্মসু অসাধুষু ॥৬০॥

নেতি। ছলেন অনুবিদ্ধং সংসৃষ্টম্ ॥৬১॥

ভারতভাবদীপঃ

দমাদৌ দম্ভার্থং যজ্ঞাদসম্ভবাৎ ॥৬০—৬১॥ রূপং বিনয়মুদ্রা, শ্রুতম্ অধ্যয়নম্, বিদ্যা দেবতা-দ্যুপাসনম্, চিত্রভাষ্যং যুক্তিযুক্তং বচনম্। দশসংসর্গজা গুণা ইতি পাঠে তদ্যুক্তৈঃ সহ

চারিটী প্রায়ই সজ্জনের সহিত সম্বন্ধ থাকে এবং সজ্জনেরা আর চারিটীর অনুসরণ করিয়া থাকেন ॥৫৭॥

যজ্ঞ, দান, অধ্যয়ন ও তপস্যা—এই চারিটী প্রায়ই সজ্জনের সহিত সম্বন্ধ থাকে এবং সজ্জনেরা ইন্দ্রিয়দমন, সত্য, সরলতা ও দয়া—এই চারিটীর অনুসরণ করেন ॥৫৮॥

যজ্ঞ, অধ্যয়ন, দান, তপস্যা, সত্য, ক্ষমা, দয়া এবং লোভশূন্যতা, এই অষ্ট-বিধ গুণ ধর্ম্মের পথ ॥৫৯॥

সেগুলির মধ্যে প্রথম চারিটী লোকপ্রতারণার জন্যও মানুষ করিয়া থাকে; কিন্তু অপর চারিটী সাধুভিন্ন অপরের থাকে না ॥৬০॥

সেটা সভাই নহে, যেখানে বৃদ্ধেরা থাকেন না; তাঁহারা বৃদ্ধই নহেন, যাঁহারা ধর্ম্ম বলেন না; তাহা ধর্ম্মই নহে, যাহাতে সত্য থাকে না এবং তাহা সত্যই নহে, যাহা ছলযুক্ত হয় ॥৬১॥

(৫৯)…তপঃ সত্যং ধৃতিঃ ক্ষমা—ইতি হিতোপদেশধৃতঃ পাঠঃ।
(৬০)…মহাত্মস্বেব তিষ্ঠতি—ইতি হিতোপদেশধৃতঃ পাঠঃ।

পাপং কুর্ব্বন্ পাপকীর্ত্তিঃ পাপমেবাশ্নুতে ফলম্।
পুণ্যং কুর্ব্বন্ পুণ্যকীর্ত্তিঃ পুণ্যমত্যন্তমশ্নুতে ॥৬৩॥
তস্মাৎ পাপং ন কুর্ব্বীত পুরুষঃ সংশিতব্রতঃ।
পাপং প্রজ্ঞাং নাশয়তি ক্রিয়মাণং পুনঃ পুনঃ।
নষ্টপ্রজ্ঞঃ পাপমেব নিত্যমারভতে নরঃ ॥৬৪॥
পুণ্যং প্রজ্ঞাং বর্দ্ধয়তি ক্রিয়মাণং পুনঃ পুনঃ।
বৃদ্ধপ্রজ্ঞঃ পুণ্যমেব নিত্যমারভতে নরঃ ॥৬৫॥
পুণ্যং কুর্ব্বন্ পুণ্যকীর্ত্তিঃ পুণ্যং স্থানং স গচ্ছতি।
তস্মাৎ পুণ্যং নিষেবেত পুরুষঃ সুসমাহিতঃ ॥৬৬॥
অসূয়কো দন্দশূকো নিষ্ঠুরো বৈরকৃচ্ছ যঃ।
স কৃচ্ছ্রং মহদাপ্নোতি নচিরাৎ পাপমাচরন্ ॥৬৭॥

ভারতকৌমুদী

সত্যমিতি। রূপং সৌন্দর্য্যম্, শ্রুতং শাস্ত্রজ্ঞানম্, বিদ্যা বস্তুযাথার্থ্যাবধারণম্, কৌল্যং কুলীনত্বম্। চিত্রভাষ্যং বিচিত্রবাক্যম্, স্বর্গস্য যোনয়ো হেতবঃ ॥৬২॥

পাপমিতি। পাপং নিকৃষ্টং ফলম্। পুণ্যম্ উৎকৃষ্টং ফলম্ ॥৬৩॥

তস্মাদিতি। সংশিতব্রতো দৃঢ়নিয়মঃ। পাপং কর্ত্তৃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৬৪॥

পুণ্যমিতি। নিত্যং পুণ্যমেবারভতে, ফললাভাদভ্যাসাচ্চেতি ভাবঃ ॥৬৫॥

পুণ্যমিতি। পুণ্যং স্থানং স্বর্গম্। সুসমাহিত একাগ্রচিত্তঃ ॥৬৬॥

সত্য, সৌন্দর্য, শাস্ত্রজ্ঞান, বস্তুজ্ঞান, কৌলীন্য, সৎস্বভাব, বল, ধন, বীরত্ব ও বিচিত্র ভাষা, এই দশটী স্বর্গের কারণ ॥৬২॥

মানুষ পাপ করিতে থাকিয়া পাপকীর্ত্তি (নিন্দিত) হইয়া নিকৃষ্ট ফলই ভোগ করে; আর পুণ্য করিতে থাকিয়া পুণ্যকীর্ত্তি (প্রশংসিত) হইয়া অত্যন্ত উৎকৃষ্ট ফলই লাভ করে ॥৬৩॥

অতএব মানুষ দৃঢ়নিয়ম হইয়া থাকিবে; কিন্তু পাপ করিবে না। কারণ, বার বার পাপ করিলে, বুদ্ধিই নষ্ট হইয়া যায় এবং নষ্টবুদ্ধি মানুষ সর্ব্বদা পাপই করে ॥৬৪॥

বার বার পুণ্যকার্য্য করিলে, বুদ্ধি বৃদ্ধি পায়; বুদ্ধি বৃদ্ধি পাইলে মানুষ সর্ব্বদাই পুণ্যকার্য্য করিতে থাকে ॥৬৫॥

মানুষ পুণ্যকার্য্য করিতে থাকিয়া পুণ্যকীর্ত্তি হইয়া পুণ্যস্থানে গমন করে; অতএব মানুষ একাগ্রচিত্ত হইয়া পুণ্যই করিবে ॥৬৬॥

(৬৬)… স্থানং স্ব গচ্ছতি—বা ব রা নি। (৬৭)…বৈরকৃচ্ছঠঃ—বা ব রা নি।

অনসূয়ঃ কৃতপ্রজ্ঞঃ শোভনান্যাচরন্ সদা।
ন কৃচ্ছ্রং মহদাপ্নোতি সর্ব্বত্র চ বিরোচতে ॥৬৮॥
প্রজ্ঞামেবাগময়তি যঃ প্রাজ্ঞেভ্যঃ স পণ্ডিতঃ।
প্রাজ্ঞো হ্যবাপ্য ধর্ম্মার্থৌ শক্নোতি সুখমেধিতুম্ ॥৬৯॥
দিবসেনৈব তৎ কুর্য্যাদ্ যেন রাত্রৌ সুখং বসেৎ।
অষ্টমাসেন তৎ কুর্য্যাদ্ যেন বর্ষাঃ সুখং বসেৎ ॥৭০॥
পূর্ব্বে বয়সি তৎ কুর্য্যাদ্ যেন বৃদ্ধঃ সুখং বসেৎ।
যাবজ্জীবস্তু তৎ কুর্য্যাদ্ যেন প্রেত্য সুখং বসেৎ ॥৭১॥

ভারতকৌমুদী

অসূয়ক ইতি। দন্দশূকঃ সর্পবৎ পরানিষ্টকারী। নচিরাৎ সত্বরমেব ॥৬৭॥
অনসূয় ইতি। শোভনানি সৎকর্ম্মাণি। বিরোচতে বিরাজতে ॥৬৮॥
প্রজ্ঞামিতি। আগময়তি গৃহ্লাতি। এধিতুং বর্দ্ধিতুম্ ॥৬৯॥
দিবসেনেতি। বসেৎ তিষ্ঠেৎ। অষ্টমাসেন কার্ত্তিকাদিনা ॥৭০॥

ভারতভাবদীপঃ

সঙ্গে কৃতে এতে জায়ন্তে তেন সৎসঙ্গঃ কর্ত্তব্য ইতি ভাবঃ ॥৬২॥ পাপকীর্ত্তিঃ কলঙ্কিত্বেন প্রসিদ্ধঃ ॥৬৩—৬৬॥ দন্দশূকো মর্ম্মচ্ছেত্তা, নিষ্ঠুরঃ অপ্রিয়বাক্, নচিরাৎ শীঘ্রম্ ॥৬৭॥ নকৃচ্ছ্রং সমস্তং পদং সুখবাচী ॥৬৮॥ আগময়তি আনয়তি ॥৬৯॥ বর্ষা ইত্যত্যন্তসংযোগে দ্বিতীয়া

যে লোক পরের অসূয়া, অনিষ্ট ও শত্রুতা করে এবং নিষ্ঠুর হয়, সে লোক সেই সকল পাপ করিয়া সত্বরই গুরুতর কষ্ট ভোগ করে ॥৬৭॥

যে লোক পরের অসূয়া করে না, গুরুর উপদেশে শিক্ষিত হয় এবং সর্ব্বদাই সৎকার্য্য করে, সে লোক গুরুতর কষ্ট ভোগ করে না এবং সর্ব্বত্রই গৌরব লাভ করে ॥৬৮॥

যে লোক প্রাজ্ঞলোকের নিকট শিক্ষা লাভ করে, সেই লোকই পণ্ডিত হয় এবং সেই লোকই ধর্ম্ম ও অর্থ লাভ করিয়া সুখে উন্নতি লাভ করিতে পারে ॥৬৯॥

দিনের বেলায় সেইরূপ কার্য্য করিবে, যাহাতে রাত্রিতে সুখে থাকিতে পারে এবং কার্ত্তিক হইতে আট মাস যাবৎ সেইরূপ কার্য্য করিবে, যাহাতে বর্ষাকালে সুখে বাস করিতে পারে ॥৭০॥

প্রথম বয়সে সেইরূপ কার্য্য করিবে, যাহাতে বৃদ্ধ হইয়া সুখে থাকিতে পারে এবং যাবজ্জীবন সেইরূপ কার্য্য করিবে, যাহাতে পরলোকে সুখে বাস করিতে পারে ॥৭১॥

জীর্ণমন্নং প্রশংসন্তি ভার্য্যাঞ্চ গতযৌবনাম্ ।
শূরং বিজিতসংগ্রামং গতপারং তপস্বিনম্ ॥৭২॥
ধনেনাধর্ম্মলব্ধেন যচ্ছিদ্রমপিধীয়তে ।
অসংবৃতং তদ্ভবতি ততোঽন্যদবদীর্য্যতে ॥৭৩॥
গুরুরাত্মবতাং শাস্তা শাস্তা রাজা দুরাত্মনাম্ ।
অথ প্রচ্ছন্নপাপানাং শাস্তা বৈবস্বতো যমঃ ॥৭৪॥
ঋষীণাঞ্চ নদীনাঞ্চ কুলানাঞ্চ মহাত্মনাম্ ।
প্রভবো নাধিগন্তব্যঃ স্ত্রীণাং দুশ্চরিতস্য চ ॥৭৫॥

ভারতকৌমুদী

পূর্ব্ব ইতি । পূর্ব্বে প্রথমে । প্রেত্য পরলোকং গত্বা ॥৭১॥

জীর্ণমিতি । অন্নং জীর্ণং সদেব প্রশংসন্তি মনীষিণঃ, অন্যথা প্রথম এব প্রশংসায়াং তস্যাজীর্ণত্বে তৎপ্রশংসায়া আনর্থক্যমেব স্যাদিতি ভাবঃ । এবমন্যত্রাপি । গতপারং লব্ধতত্ত্বম্ ॥৭২॥

ধনেনেতি । অধর্ম্মলব্ধেন চৌর্য্যাদিনা প্রাপ্তেন ধনেন, যৎ ছিদ্রম্, অপিধীয়তে আব্রিয়তে যঃ খল্বভাবো নিবার্য্যত ইত্যর্থঃ, তৎ ছিদ্রম্, অসংবৃতম্ অনাবৃতমেব ভবতি সঃ অভাবস্তিষ্ঠত্যেবেতি তাৎপর্য্যম্। যেন হি ততশ্ছিদ্রাৎ, অন্যচ্ছিদ্রম্, অবদার্য্যতে বিধীয়তে, রাজদণ্ডেন পাপাদিনা বা অন্যঃ পুনরভাবঃ ক্রিয়ত ইত্যর্থঃ । অতস্ত্বয়া অধর্ম্মেণ রাজ্যলাভো ন কার্য্য ইতি ভাবঃ ॥৭৩॥

গুরুরিতি । আত্মবতাং প্রশস্তচিত্তানাং শিষ্যাণাম্ ॥৭৪॥

ঋষীণামিতি । প্রভবত্যস্মাদিতি প্রভব উৎপত্তিস্থানম্, নাধিগন্তব্যঃ অন্যৈরধিগন্তুং জ্ঞাতুং ন শক্যঃ । দুশ্চরিতস্য ব্যভিচারস্য ॥৭৫॥

ভারতভাবদীপঃ

॥৭০—৭১॥ গতপারং প্রাপ্ততত্ত্বম্ ॥৭২॥ পরিপাকসুখং কর্ম ত্বৎপুত্রা ন কুর্ব্বন্তি অন্যায়েন চ সুখং লিপ্সন্তি তত্তু বিপরীতমেবেত্যাহ—ধনেনেতি ॥৭৩॥ আত্মবতাং জিতচিত্তানাম্, প্রচ্ছন্নপাপো দুর্য্যোধনঃ ॥৭৪॥ প্রভবঃ মাহাত্ম্যম্। "প্রভবো জন্মমূলে স্যাজ্জন্মহেতৌ

জীর্ণ হইলে পরই অন্নকে, যৌবন অতীত হইলে পরই ভার্য্যাকে, যুদ্ধে জয়ী হইলে পরই বীরকে এবং তত্ত্বলাভের পরই তপস্বীকে মনীষীরা প্রশংসা করিয়া থাকেন ॥৭২॥

অধর্ম্মলব্ধ ধনদ্বারা যে অভাব পূর্ণ করা হয়, সে অভাব অপূর্ণই থাকে। কারণ, তাহাতে আর একপ্রকার অভাব উপস্থিত হয় ॥৭৩॥

প্রশস্তচিত্ত শিষ্যগণের শাসনকর্ত্তা গুরু, দুরাত্মাদের শাসনকর্ত্তা রাজা এবং গুপ্তপাপীদের শাসনকর্ত্তা যম ॥৭৪॥

---

(৭২)···প্রশংসীয়াৎ—পি ।

দ্বিজাতিপূজাভিরতো দাতা জ্ঞাতিষু চার্জ্জবী।
ক্ষত্রিয়ঃ শীলভাগ্‌ রাজন্! চিরং পালয়তে মহীম্ ॥৭৬॥
সুবর্ণপুষ্পাং পৃথিবীং চিম্বন্তি পুরুষাস্ত্রয়ঃ।
শূরশ্চ কৃতবিদ্যশ্চ যশ্চ জানাতি সেবিতুম্ ॥৭৭॥
বুদ্ধি শ্রেষ্ঠানি কর্ম্মাণি বাহু মধ্যানি ভারত!।
তানি জঙ্ঘা জঘন্যানি ভার প্রত্যবরাণি চ ॥৭৮॥
দুর্য্যোধনেঽথ শকুনৌ মূঢ়ে দুঃশাসনে তথা।
কর্ণে চৈশ্বর্য্যমাধায় কথং ত্বং ভূতিমিচ্ছসি ॥৭৯॥

ভারতকৌমুদী

দ্বীতি। দ্বিজাতির্ব্রাহ্মণঃ। আর্জ্জবী সারল্যবান্। শীলভাক্ সচ্চরিত্রঃ ॥৭৬॥

সুবর্ণেতি। ত্রয়স্ত্রিবিধাঃ পুরুষাঃ, সুবর্ণানি ধনান্যেব পুষ্পাণি যস্যাস্তাম, পৃথিবীং পৃথিবীলতামিত্যেকদেশবিবর্ত্তিরূপকমলঙ্কারঃ, পৃথিবীরূপলতায়া ধনরূপপুষ্পাণি চিন্বন্তীত্যর্থঃ। সেবিতুং পালয়িতুম্। শূরাঃ পাণ্ডবা এব তদর্হা ইত্যাশয়ঃ ॥৭৭॥

বুদ্ধীতি। অত্র বুদ্ধ্যাদিপদানি তত্তৎসাধ্যপরাণি, তেভ্যো বিভক্তীনাং লোপশ্চার্ষঃ। তথা চ হে ভারত! বুদ্ধি বুদ্ধিসাধ্যানি কর্ম্মাণি শ্রেষ্ঠানি, বাহু বাহুসাধ্যানি কর্ম্মাণি মধ্যানি, জঙ্ঘা জঙ্ঘাসাধ্যানি তানি কর্ম্মাণি জঘন্যানি অধমানি, ভার ভারবহনসাধ্যানি কর্ম্মাণি চ প্রত্যবরাণি অত্যধমানি। অতো বুদ্ধ্যা পাণ্ডবেভ্যো রাজ্যং প্রদায় তদাধিপত্যাৎ সর্ব্বাধিপতির্ভবেতি ভাবঃ ॥৭৮॥

ভারতভাবদীপঃ

পরাক্রমে" ইতি মেদিনী। নাধিগন্তব্যাঃ নাধিগন্তুং শক্যোঽনন্তত্বাৎ ॥৭৫॥ জ্ঞাতিষু অনার্জ্জবী দুর্য্যোধনঃ ॥৭৬॥ শূরাঃ পাণ্ডবাঃ সর্ব্বত্র সুবর্ণভাজ ইতি ভাবঃ ॥৭৭॥ বুদ্ধিরেব যেষাং ফলসিদ্ধৌ সাধনং তানি বুদ্ধিশ্রেষ্ঠানি প্রশস্ততমানি কর্ম্মাণি। বাহুমধ্যানি বাহুবলসাধ্যানি মধ্যানি। জঙ্ঘেতি গোপনীয়ত্বং লক্ষ্যতে তেন কপটসাধ্যানি জঘন্যানি নীচানি। যেষাং সিদ্ধৌ স্বশিরসি ভারঃ

ঋষি, নদী, বংশ, মহাত্মা ও স্ত্রীজাতির ব্যভিচার, এই কয়টা বিষয়ের উৎপত্তিস্থান জানিতে পারা যায় না ॥৭৫॥

রাজা! ব্রাহ্মণপূজায় নিরত, দাতা, জ্ঞাতিবর্গের প্রতি সরল এবং সচ্চরিত্র ক্ষত্রিয়ই চিরকাল রাজ্য পালন করিতে পারেন ॥৭৬॥

যিনি বীর, যিনি কৃতবিদ্য এবং যিনি পালন করিতে জানেন, এইরূপ ত্রিবিধ পুরুষই পৃথিবীরূপ লতার ধনরূপ পুষ্প চয়ন করিতে পারেন ॥৭৭॥

ভরতনন্দন! বুদ্ধিসাধ্য কর্ম্মই শ্রেষ্ঠ, বাহুবলসাধ্য কর্ম্ম মধ্যম, জঙ্ঘাসাধ্য কর্ম্ম অধম এবং ভারবহনসাধ্য কর্ম্ম অত্যন্ত অধম ॥৭৮॥

সর্ব্বৈস্তু ণৈরুপেতাস্তু পাণ্ডবা ভরতর্ষভ ।
পিতৃবর্ত্ত্বায় বর্ত্তন্তে তেষু বর্ত্তস্ব পুত্রবৎ ॥৮০॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসক্যামুদ্‌যোগপর্ব্বণি
প্রজাগরে বিদুরহিতবাক্যে পঞ্চত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥

—:•:—

ষট্‌ত্রিংশোঽধ্যায়ঃ ।

—:•:—

বিদুর উবাচ ।
অত্রৈবোদাহরন্তীমমিতিহাসং পুরাতনম্ ।
আত্রেয়স্য চ সংবাদং সাধ্যানাঞ্চেতি নঃ শ্রুতম্ ॥১॥

ভারতকৌমুদী

দুর্য্যোধন ইতি। ঐশ্বর্য্যং রাজ্যাধিপত্যম, আধায় বিন্যস্য। ভূতিং সম্পদম্। দুর্য্যোধনাদয়স্তু রাজ্যং লব্ধ্বাপি মূঢ়তয়া তৎ রক্ষিতুং ন শক্ষ্যন্তীত্যাশয়ঃ ॥৭৯॥

সর্ব্বৈরিতি। পিতৃবৎ পিতরীব, পুত্রবৎ পুত্রেম্বিব। আত্মরাজ্যং পাণ্ডুরাজ্যকোভয়মপি পাণ্ডবেভ্যো দীয়তামিত্যভিপ্রায়ঃ ॥৮০॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্য-
বিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামুদ্‌যোগপর্ব্বণি
প্রজাগরে পঞ্চত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥

—:•:—

অত্রেতি। আত্রেয়স্য মুনেঃ, সাধ্যানাং তদাখ্যানাং দেববিশেষাণাম্ ॥১॥

ভারতভাবদীপঃ

সঙ্কটং পততি তানি নীচতরাণি ॥৭৮॥ অত্রাস্তত্রয়বন্তো দুর্য্যোধনাদয় ইতি মত্বা প্রাহ—দুর্য্যোধনে ইতি ॥৭৯—৮০॥

ইতি শ্রীমহাভারতে উদযোগপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে পঞ্চত্রিংশোঽধ্যায়ঃ ॥৩৫॥

রাজা! মূর্খ দুর্য্যোধন, দুঃশাসন, কর্ণ ও শকুনির উপরে আপনি প্রভুত্ব স্থাপন করিয়া কি প্রকারে সম্পদ্ লাভ করিবার ইচ্ছা করিতেছেন? ॥৭৯॥

অতএব ভরতশ্রেষ্ঠ! সর্ব্বগুণসম্পন্ন পাণ্ডবেরা আপনার উপরে পিতৃতুল্য ব্যবহার করিয়া থাকেন; সুতরাং আপনিও তাঁহাদের উপরে পুত্রতুল্য ব্যবহার করুন” ॥৮০॥

—:•:—

বিদুর বলিলেন—“আমাদের শুনা আছে যে, এই বিষয়েই মনীষীরা

চরন্তং হংসরূপেণ মহর্ষিং সংশিতব্রতম্।
সাধ্যা দেবা মহাপ্রাজ্ঞং পর্য্যপৃচ্ছন্ত বৈ পুরা ॥২॥

সাধ্যা উচুঃ।

সাধ্যা দেবা বয়মেতে মহর্ষে! দৃষ্ট্বা ভবন্তং শক্নুমো নানুমাতুম্।
শ্রুতেন ধীরো বুদ্ধিমাংস্ত্বং মতো নঃ কাব্যাং বাচং বক্তুমর্হস্যুদারাম্ ॥৩॥

হংস উবাচ।

এতৎ কার্য্যমমরাঃ! সংশ্রুতং মে ধৃতিঃ শমঃ সত্যধর্ম্মানুবৃত্তিঃ।
গ্রন্থিং বিনীয় হৃদয়স্য সর্ব্বং প্রিয়াপ্রিয়ে চাত্মসমং নয়ীত ॥৪॥

ভারতকৌমুদী

চরন্তমিতি। হংসরূপেণ পরিব্রাজকবেশেন। সংশিতব্রতং দৃঢ়তপোনিয়মম্ ॥২॥

সাধ্যা ইতি। অনুমাতুং স্বরূপেণ জ্ঞাতুম্। শ্রুতেন শাস্ত্রজ্ঞানেন। কাব্যাং কবিযোগ্যাং শুক্রাচার্য্যযোগ্যামিত্যর্থঃ, উদারাং মহতীম্ ॥৩॥

এতদিতি। কার্য্যং কর্ত্তব্যম্। ধৃতিদুঃখবেদনায়ামপি ধৈর্য্যম্, শমো জ্ঞানেন্দ্রিয়দমনম্, সত্যধর্ম্ময়োরনুবৃত্তিঃ অবিরতিঃ। গ্রন্থিং পুত্রধনাদিষু স্নেহবন্ধনম্, বিনীয় ছিত্ত্বা। প্রিয়াপ্রিয়ে সুখদুঃখে, আত্মসমং চিত্ততুল্যতাম্, নয়ীত নয়েৎ, সমাধিনা যথা চিত্তলয়ং সাধয়তি, তথা সুখ-দুঃখয়োরপি লয়ং সাধয়েদিত্যর্থঃ ॥৪॥

ভারতভাবদীপঃ

অত্রেতি ॥১॥ হংসরূপেণ পরিব্রাজকরূপেণ ॥২॥ অনুমাতুং লিঙ্গেন জ্ঞাতুম্, কাব্যাং বিদ্বল্লক্ষণাভিধায়িনীম্ ॥৩॥ মে ময়া সংশ্রুতং গুরুভ্য ইতি শেষঃ। তদেবাহ—ধৃতিরিতি। ধৃতিঃ দুঃখৈরভিঘাতেঽপি অবৈকল্যম্। দমঃ সর্ব্বেন্দ্রিয়জয়ঃ। সত্যধর্ম্মাঃ ব্রহ্মপ্রাপকা ধর্ম্মাঃ ধারণাধ্যানসমাধয়ঃ তেষামনুবৃত্তিরবিচ্ছেদঃ। তৈশ্চ গ্রন্থিং চিজ্জড়য়োরাত্মান্তঃকরণয়োরেক-লোলীভাবং বিনীয় তয়োঃ পৃথক্করণেন শিথিলীকৃত্য প্রিয়াপ্রিয়ে সুখদুঃখে। আত্মসমম্ আত্মসাম্যং নয়ীত প্রাপয়েৎ। প্রিয়াপ্রিয়ধর্ম্মিণোঽন্তঃকরণস্যাত্মন্যধ্যস্তস্য স্বাধিষ্ঠানে প্রলয়ে

আত্রেয়মুনি ও সাধ্যনামক দেবগণের সংবাদরূপ প্রাচীন বৃত্তান্তের উল্লেখ করিয়া থাকেন ॥১॥

পূর্ব্বকালে একদা দৃঢ়নিয়মসম্পন্ন ও মহাপ্রাজ্ঞ মহর্ষি আত্রেয় পরিব্রাজকের বেশে বিচরণ করিতেছিলেন; তখন সাধ্যদেবতারা তাঁহার নিকট জিজ্ঞাসা করিয়াছিলেন" ॥২॥

সাধ্যদেবতারা বলিলেন—"মহর্ষি! আমরা এই সাধ্যদেবতারা আপনাকে দেখিয়াও চিনিতে পারিতেছি না; কিন্তু আমাদের ধারণা হয় যে, আপনি একজন শাস্ত্রজ্ঞ ও বুদ্ধিমান্ই হইবেন; অতএব আপনি আমাদের নিকট শুক্রাচার্য্যের ন্যায় কোন উদার বাক্য বলুন" ॥৩॥

আক্রুশ্যমানো নাক্রোশেন্মন্যুরেব তিতিক্ষিতঃ।
আক্রোষ্টারং নির্দহতি সুকৃতঞ্চাস্য বিন্দতি ॥৫॥
নাক্রোশী স্যান্নাবমানী পরস্য মিত্রদ্রোহী নোত নীচোপসেবী।
ন চাভিমানী ন চ হীনবৃত্তো রূক্ষাং বাচমুষতীং বর্জ্জয়ীত ॥৬॥
মর্ম্মাণ্যস্থীনি হৃদয়ং তথাঽসূন্ রূক্ষা বাচো নির্দহন্তীব পুংসাম্।
তস্মাদ্বাচমুষতীং রূক্ষরূপাং ধর্ম্মারামো নিত্যশো বর্জ্জয়ীত ॥৭॥
অরুন্তুদং পরুষং রূক্ষবাচং বাক্‌কণ্টকৈর্বিতুদন্তং মনুষ্যান্।
বিদ্যাদলক্ষ্মীকতমং জনানাং মুখে নিবদ্ধাং নির্ঋতিং বৈ বহন্তম্ ॥৮॥

ভারতকৌমুদী

আক্রুশ্যেতি। কেনাপি আক্রুশ্যমানঃ সন, তং ন আক্রোশেৎ। যেন হি তিতিক্ষিতঃ সোঢ়ঃ, মন্যুঃ তদাক্রোশনিবন্ধনঃ ক্রোধ এব, তমাক্রোষ্টারং নির্দহতি, অস্য আক্রোষ্টুঃ, সুকৃতং পুণ্যঞ্চ, বিন্দতি লভতে আক্রুশ্যমান ইতি শেষঃ ॥৫॥

নেতি। হীনবৃত্তঃ অসচ্চরিত্রঃ। উষতীমকল্যাণীম্, "উষতী স্যাদকল্যাণী" ইত্যমরঃ ॥৬॥

মর্ম্মাণীতি। অসূন্ প্রাণান্। ধর্ম্ম এবারামো যস্য স ধর্ম্মনিরতঃ ॥৭॥

ভারতভাবদীপঃ

সতি তয়োরপি তত্রৈব লয় ইত্যর্থঃ। যথা রজ্জ্বাৎ রজ্জুসর্পে লীনে সতি ভীষণত্বাদয়োঽপি তত্রৈব লীয়ন্তে তদ্বৎ ॥৪॥ নাক্রোশেৎ ন শপেৎ যতস্তিতিক্ষতো মন্যুঃ ক্রোধ এব আক্রোষ্টারং দহতি ॥৫॥ রুষতীং রোষবতীম্, পাঠান্তরে উষতীং দাহিকাং বা ॥৬—৭॥ নির্ঋতিম্ অলক্ষ্মীং

পরিব্রাজক আত্রেয় বলিলেন—"দেবগণ! আমার শুনা আছে যে, মানুষের এইগুলি কর্ত্তব্য—ধৈর্য্য, জ্ঞানেন্দ্রিয়দমন এবং সত্য ও ধর্ম্মের সর্ব্বদা অনুসরণ। আর মানুষ হৃদয়ের সমস্ত স্নেহবন্ধন ছেদন করিয়া চিত্তের ন্যায় সুখদুঃখেরও লয় করিবে ॥৪॥

কেহ আক্রোশ করিলে (গালি দিলে), তাহার উপরে প্রত্যাক্রোশ করিবে না। কারণ, যে ক্রোধের সংবরণ করা হয়, সেই ক্রোধই আক্রোশকারীকে দগ্ধ করে এবং আক্রুশ্যমান ব্যক্তি আক্রোশকারীর পুণ্য লাভ করেন ॥৫॥

মানুষ পরের প্রতি আক্রোশ বা পরের অপমান করিবে না এবং মিত্রদ্রোহী, নীচসেবী, অভিমানী, কিংবা অসচ্চরিত্র হইবে না, আর অকল্যাণকারী রূক্ষ বাক্য পরিত্যাগ করিবে ॥৬॥

রূক্ষ বাক্য মানুষের মর্ম্মস্থান, অস্থি, হৃদয় এবং প্রাণ যেন দগ্ধ করে; অতএব ধর্ম্মনিরত লোক অকল্যাণকারী রূক্ষ বাক্য সর্ব্বদাই বর্জ্জন করিবেন ॥৭॥

(৬)···বাচং রুষতীম—বা ব রা নি। (৭)··· নির্দ্দহন্তীহ—বা ব রা নি।

পরশ্চেদেনমভিবিধ্যেত বাণৈর্ভৃশং সুতীক্ষ্ণৈরনলার্কদীপ্তৈঃ।
স বিধ্যমানোঽপ্যতিদহ্যমানো বিদ্যাৎ কবিঃ সুকৃতং মে দধাতি ॥৯॥
যদি সন্তং সেবতি যদ্যসন্তং তপস্বিনং যদি বা স্তেনমেব।
বাসো যথা রঙ্গবশং প্রয়াতি তথা স তেষাং বশমভ্যুপৈতি ॥১০॥
অতিবাদং ন প্রবদেন্ন বাদয়েদ্‌যো নাহতঃ প্রতিহন্যান্ন ঘাতয়েৎ।
হন্তুঞ্চ যো নেচ্ছতি পাপকং বৈ তস্মৈ দেবাঃ স্পৃহয়ন্ত্যাগতায় ॥১১॥

ভারতকৌমুদী

অরুন্তুদমিতি। অরুন্তুদং মর্ম্মব্যথাজনকম্। বিতুদন্তম্ অতিব্যথয়ন্তম্। বিদ্যাৎ জানীয়াৎ, অলক্ষ্মীকতমম্ অতীবালক্ষ্মীকম্। নির্ঋতিম্ অলক্ষ্মীম্, "স্যাদলক্ষ্মীস্তু নির্ঋতিঃ" ইত্যমরঃ ॥৮॥

পর ইতি। বাণৈঃ বাক্যশরৈঃ। কবির্বিদ্বান্। অয়ং মে সুকৃতং পুণ্যম্, দধাতি বাক্যবাণতাড়নেন পুষ্ণাতি, ইতি বিদ্যাৎ জানীয়াৎ ॥৯॥

যদীতি। সেবতি সেবতে। স্তেনং চৌরম্। বাসো বস্ত্রং কর্ত্তৃ, যথা রঙ্গবশং লোহিতাদিবর্ণতাম্, প্রয়াতি তৎসংসর্গেণ লভতে, বশং তত্তৎস্বভাবম্ ॥১০॥

অতীতি। অভ্যুদিতোঽপি অতিবাদং রুক্ষবাক্যং ন প্রবদেৎ, অন্যদ্বারাপি ন বাদয়েৎ। ন প্রতিহন্যাদিতি সম্বন্ধঃ। পাপকং হন্তারম্। আগতায় স্বর্লোকম্ ॥১১॥

ভারতভাবদীপঃ

মৃত্যুং বা ॥৮॥ বাণৈঃ বাগ্‌বাণৈঃ, দধাতি পুষ্ণাতি ॥৯॥ স্বৎপুত্রা রুক্ষবাচস্ত্বমপি তৎসঙ্গাত্তাদৃশো ভবিষ্যসীত্যাহ—যদীতি। রঙ্গস্য নীলাদের্বশং নীলতাম্ ॥১০॥ অতিপ্রোক্তোঽপি ন বদেৎ বাদয়েদ্বা। অনাহতো নৈব প্রতিহন্যাৎ আহতোঽপি পাপকং হন্তারং যদি হন্তুং

মর্ম্মবেদনাকারী, নিষ্ঠুর ও রুক্ষভাষী যে লোক বাক্যরূপ কণ্টকদ্বারা অন্য মানুষদের ব্যথা জন্মায়, লোকের মধ্যে সেই লোককেই অলক্ষ্মীযুক্ত বলিয়া জানিবে। কারণ, সে লোক সর্ব্বদাই আপন মুখে অলক্ষ্মীকে বহন করে ॥৮॥

অন্য লোক যদি অতিতীক্ষ্ণ এবং অগ্নি ও সূর্য্যের ন্যায় প্রখর বাক্যবাণদ্বারা অত্যন্ত বিদ্ধ করে, তাহা হইলে সেই জ্ঞানী লোক বাক্যবাণে বিধ্যমান ও অত্যন্ত দহ্যমান হইতে থাকিয়াও ইহাই ভাবিবেন যে, এই লোক আমার পুণ্যবৃদ্ধি করিতেছেন ॥৯॥

মানুষ যদি সজ্জন, অসজ্জন, তপস্বী কিংবা চোরেরই সেবা করে, তবে বস্ত্র যেমন রক্ত ও নীলপ্রভৃতি রঙ্গের সংস্রব করিয়া সেই সেই রঙ্গে রঞ্জিত হয়, সেইরূপ সেই মানুষও সেই সজ্জনপ্রভৃতির স্বভাবই প্রাপ্ত হয় ॥১০॥

কেহ কটুকথা বলিলেও, যিনি নিজে ফিরিয়া কটুকথা বলেন না বা অন্য-

(৯)…বিব্রিচ্যমানোঽপ্যতিবিরিচ্যমানঃ—নি।

অব্যাহৃতং ব্যাহৃতাচ্ছ্রেয় আহুঃ সত্যং বদেদ্ব্যাহৃতং তদ্দ্বিতীয়ম্।
প্রিয়ং বদেদ্ব্যাহৃতং তত্তৃতীয়ং ধর্ম্ম্যং বদেদ্ব্যাহৃতং তচ্চতুর্থম্ ॥১২॥
যাদৃশৈঃ সংবিবদতে যাদৃশাংশ্চোপসেবতে।
যাদৃগিচ্ছেচ্চ ভবিতুং তাদৃগ্ ভবতি পুরুষঃ ॥১৩॥
যতো যতো নিবর্ত্ততে ততস্ততো বিমুচ্যতে।
নিবর্ত্তনাদ্ধি সর্ব্বতো ন বেত্তি দুঃখমণ্বপি ॥১৪॥

ভারতকৌমুদী

অব্যাহৃতমিতি। ব্যাহৃতাৎ উক্তাদ্বাক্যাৎ, অব্যাহৃতং নীরবত্বং প্রথমং শ্রেয় আহুর্মনীষিণঃ। যদি বদেৎ তর্হি সত্যমেব ব্যাহৃতং বদেৎ। তচ্চ দ্বিতীয়ং শ্রেয়ঃ। যদি সত্যং ব্যাহৃতং বদেৎ তদা প্রিয়মেব সত্যং ব্যাহৃতং বদেৎ নাপ্রিয়ম্। তচ্চ তৃতীয়ং শ্রেয়ঃ। যদি চ সত্যং প্রিয়ঞ্চ ব্যাহৃতং বদেৎ তদাপি ধর্ম্ম্যমেব তাদৃশং ব্যাহৃতং বদেৎ ন পুনরধর্ম্ম্যম্। তচ্চ চতুর্থং শ্রেয়ঃ ॥১২॥

যাদৃশৈরিতি। যাদৃশৈঃ সদ্ভিরসদ্ভির্বা, সংবিবদতে সম্যগ্বিবাদং করোতি ॥১৩॥

যত ইতি। যতো যতঃ পুত্রধনাদেঃ। সর্ব্বতঃ সর্ব্ববিষয়াৎ। অণু স্বল্পম্ ॥১৪॥

ভারতভাবদীপঃ

নেচ্ছেৎ স দেবানামপি শ্রেষ্ঠো ভবতীত্যর্থঃ ॥১১॥ অব্যাহৃতং মৌনং ততোঽপি শ্রেয়ঃ সত্যবচনং সত্যমপি প্রিয়ং চেত্ততোঽপি শ্রেয়ঃ তদপি ধর্ম্মাদনপেতং চেৎ শ্রেষ্ঠতমমিত্যর্থঃ ॥১২॥ তস্মাৎ সৎসঙ্গ এব ত্বয়াঽপি কর্ত্তব্য ইত্যাশয়েনাহ—যাদৃশৈরিতি ॥১৩॥ যতো যত ইতি যথা স্বপ্নে বাহ্যাদ্বিষয়ান্নিবৃত্তস্তজ্জেন দুঃখেন মুচ্যতে। এবং জাগ্রতি স্বাপ্নবিষয়জেন। সুষুপ্তৌ সমাধৌ চ সর্ব্বতো নিবৃত্তো দুঃখলেশমপি ন ভজতেঽতো নিবৃত্তিরেব ত্বয়া কার্য্যেতি ভাবঃ

দ্বারাও বলান না, কেহ আঘাত করিলেও যিনি নিজে প্রত্যাঘাত করেন না কিংবা অন্যদ্বারাও করান না এবং কেহ হত্যা করিবার ইচ্ছা করিলেও যিনি প্রতিহত্যা করিবার ইচ্ছা করেন না, সেই লোক যাহাতে স্বর্গে আসেন, সেই ইচ্ছাই দেবতারা করেন ॥ ১১॥

জ্ঞানীরা বলেন—কোন কথা বলা অপেক্ষা, না বলাই প্রথম মঙ্গল; বলিতে হইলেও, সত্যবাক্য বলাই দ্বিতীয় মঙ্গল; সত্যবাক্য বলিতে হইলেও, সত্য ও প্রিয়বাক্য বলাই তৃতীয় মঙ্গল এবং সত্য-প্রিয় বাক্য বলিতে হইলেও, সত্য, প্রিয় ও ধর্ম্মসঙ্গত বাক্য বলাই চতুর্থ মঙ্গল ॥১২॥

মানুষ যেমন লোকের সহিত বিবাদ করে, যেমন লোকের সেবা করে এবং যেমন হইবার ইচ্ছা করে, তেমনই হইয়া থাকে ॥১৩॥

(১৩) যাদৃশৈঃ সন্নিবিশতে—বা ব রা নি।

ন জীয়তে নানুজিগীষতেঽন্যান্ ন বৈরকৃচ্চাপ্রতিঘাতকশ্চ।
নিন্দাপ্রশংসাসু সমস্বভাবো ন শোচতে হৃষ্যতি নৈব চায়ম্ ॥১৫॥
ভাবমিচ্ছতি সর্ব্বস্য নাভাবে কুরুতে মনঃ।
সত্যবাদী মৃদুর্দান্তো যঃ স উত্তমপুরুষঃ ॥১৬॥
নানর্থকং সান্ত্বয়তি প্রতিজ্ঞায় দদাতি চ।
রন্ধ্রং পরস্য জানাতি যঃ স মধ্যমপুরুষঃ ॥১৭॥
দুঃশাসনস্তূপহতোঽভিশস্তো নাবর্ত্ততে মন্যুবশাৎ কৃতঘ্নঃ।
ন কস্যচিন্মিত্রমথো দুরাত্মা কলাশ্চৈতা অধমস্যেহ পুংসঃ ॥১৮॥

ভারতকৌমুদী

নেতি। যঃ অন্যান্ না অনুজিগীষতে ন জেতুমিচ্ছতি, স কেনাপি ন জীয়তে। যশ্চ অন্যস্য অপ্রতিঘাতকঃ, স কস্যাপি ন বৈরকৃদ্ভবতি। যশ্চ নিন্দাপ্রশংসাসু সমস্বভাবো ভবতি, অয়ং সঃ, ন শোচতে, নৈব চ হৃষ্যতি ॥১৫॥

ভাবমিতি। ভাবং মঙ্গলম্, অভাবে কস্যাপ্যমঙ্গলে। দান্ত ইন্দ্রিয়দমী ॥১৬॥

নেতি। অনর্থকং ন সান্ত্বয়তি তুভ্যং দাস্যামীত্যং মিথ্যা নাশ্বাসয়তি ॥১৭॥

দুরিতি। দুর্দ্দুরং শাসনং যস্য সঃ, উপহতঃ সর্ব্বৈরেব বিদ্বিষ্টঃ, অভিশস্তঃ সর্ব্বৈরেবাক্রুষ্টঃ, মন্যুবশাৎ ক্রোধবশাৎ, নাবর্ত্ততে পরানিষ্টবিধানান্ন নিবর্ত্ততে, কৃতঘ্ন উপকর্ত্তুরপকারী, দুরাত্মা

ভারতভাবদীপঃ

॥১৪॥ অন্যামবস্থায়াং পুরুষস্য ন কিঞ্চিদ্দুঃখাদিকমস্তীত্যাহ—ন জীয়তে চেতি। নানু-জিগীষতে ইতি পাঠে না পুরুষঃ ॥১৫॥ ভাবং কল্যাণম্, অভাবে অকল্যাণে ॥১৬॥ অনর্থকং মিথ্যা ন সান্ত্বয়তি ॥১৭॥ উপহতো গদয়া ঘোষযাত্রায়াং গন্ধর্ব্বৈস্তাড়িতঃ। অভিশস্তঃ অভিতঃ শস্ত্রৈর্বিদীর্ণঃ। মন্যুবশাৎ ক্রোধবশাৎ নাবর্ত্ততে ন ঋজুর্ভবতি যতঃ কৃতঘ্নঃ পাণ্ডবৈ-স্তদা মোচিতোঽপি তদুপকারং হন্ত্যেব। এতাঃ কলাঃ চিত্তস্য বৃত্তয়ঃ অধমস্যৈব ॥১৮॥

মানুষ যাহা যাহা হইতে নিবৃত্ত হয়, তাহা তাহা হইতেই মুক্ত হইয়া থাকে এবং সমস্ত বিষয় হইতে নিবৃত্ত হইয়া দুঃখলেশও অনুভব করে না ॥১৪॥

যে লোক অন্যকে জয় করিবার ইচ্ছা করে না, তাহাকেও অন্য কেহ জয় করিতে চায় না ; যে লোক কাহাকেও আঘাত করে না, সে লোক কাহারও শত্রু হয় না ; আর যাহার নিন্দায় বা প্রশংসায় সমান ভাব থাকে, সে লোক বিষণ্ণও হয় না, কিংবা আনন্দিতও হয় না ॥১৫॥

যিনি সকলেরই মঙ্গল ইচ্ছা করেন, কাহারও অমঙ্গলে মন দেন না এবং সত্যবাদী, কোমলস্বভাব ও ইন্দ্রিয়দমনশীল হন, তিনি শ্রেষ্ঠ মানব ॥১৬॥

যিনি অন্যকে অনর্থক আশ্বস্ত করেন না, প্রতিজ্ঞা করিয়া দান করেন এবং পরের ছিদ্র বোঝেন, তিনি মধ্যম মানব ॥১৭॥

ন শ্রদ্দধাতি কল্যাণং পরেভ্যোঽপ্যাত্মশঙ্কিতঃ।
নিরাকরোতি মিত্রাণি যো বৈ সোঽধমপূরুষঃ ॥১৯॥
উত্তমানেব সেবেত প্রাপ্তকালে তু মধ্যমান্।
অধমাংস্তু ন সেবেত য ইচ্ছেদ্‌ভূতিমাত্মনঃ ॥২০॥
প্রাপ্নোতি বৈ বিত্তমসদ্বলেন নিত্যোত্থানাৎ প্রজ্ঞয়া পৌরুষেণ।
ন ত্বেব সম্যগ্‌লভতে প্রশংসাং ন বৃত্তমাপ্নোতি মহাকুলানাম্ ॥২১॥

ধৃতরাষ্ট্র উবাচ।

মহাকুলেভ্যঃ স্পৃহয়ন্তি দেবা ধর্ম্মার্থনিত্যাশ্চ বহুশ্রুতাশ্চ।
পৃচ্ছামি ত্বাং বিদুর ! প্রশ্নমেতং ভবন্তি বৈ কানি মহাকুলানি ॥২২॥

ভারতকৌমুদী

দুষ্টচিত্তঃ। কলা লক্ষণানি। অত্র দুর্য্যোধনানুজদুঃশাসনপরতয়া নীলকণ্ঠস্য ব্যাখ্যানং ভ্রমবিজৃম্ভিতম্, সাধ্যদেবগণান্তিকে আত্রেয়োক্তেস্তদানীঞ্চ দুঃশাসনস্যৈবাসুৎপত্তেঃ ॥১৮॥

নেতি। কল্যাণং দেবসেবাদৌ মঙ্গলম, ন শ্রদ্দধাতি ন বিশ্বসিতি, পরেভ্যোঽপি আধিক্যেন আত্মনি শঙ্কিতঃ। নিরাকরোতি অপসারয়তি ॥১৯॥

উত্তমানিতি। প্রাপ্তকালে উপযুক্তাবসরে। ভূতিং সম্পদম্ ॥২০॥

প্রাপ্নোতীতি। অসদ্বিত্তং দস্যুভাবেনার্জ্জনাৎ দুষ্টং ধনম্। নিত্যোত্থানাৎ সর্ব্বদোদযোগাৎ। বৃত্তং চরিত্রম্। সর্ব্বত্র অধমপূরুষ ইতি শেষঃ ॥২১॥

মহেতি। স্পৃহয়ন্তি যথেষ্টমাদ্রিয়ন্তে। ধর্ম্মার্থনিত্যা বহুশ্রুতাশ্চ মানবাঃ ॥২২॥

কাহারও উপদেশ গ্রহণ না করা, সকলেরই বিদ্বেষভাজন ও আক্রোশের পাত্র হওয়া, ক্রোধবশতঃ পরের অনিষ্টবিধান হইতে নিবৃত্তি না পাওয়া, উপকারীর অপকার করা, কাহারও মিত্র না হওয়া এবং মন সর্ব্বদাই দূষিত থাকা, এইগুলি অধম মানবের লক্ষণ ॥১৮॥

দেবসেবাপ্রভৃতি কার্য্যে মঙ্গল হয়—ইহা যে লোক বিশ্বাস করে না, অন্য অপেক্ষাও নিজের উপরে অধিক আশঙ্কা করে এবং কার্য্যকালে বন্ধুজনকে প্রত্যাখ্যান করে, সেই লোকও অধম মানব ॥১৯॥

যিনি নিজের সম্পদ্ ইচ্ছা করেন, তিনি সর্ব্বদাই উত্তমের সেবা করিবেন এবং অবসরবিশেষে মধ্যমের সেবাও করিতে পারেন; কিন্তু কখনও অধমের সেবা করিবেন না ॥২০॥

অধম লোক বল, বুদ্ধি, উদ্যম ও পুরুষকারদ্বারা অসদ্ভাবেই ধন অর্জ্জন করে; তাহাতেই সে উপযুক্ত প্রশংসা পায় না এবং মহাকুলদিগের চরিত্রলাভও করিতে পারে না ॥২১॥

বিদুর উবাচ।

তপো দমো ব্রহ্ম বিত্তং বিতানা পুণ্যা বিবাহাঃ সততান্নদানম্।
যেষ্বেবৈতে সপ্ত গুণা বসন্তি সম্যগ্‌বৃত্তাস্তানি মহাকুলানি ॥২৩॥
যেষাং ন বৃত্তং ব্যথতে ন যোনিশ্চিত্তপ্রসাদেন চরন্তি ধর্ম্মম্।
যে কীর্ত্তিমিচ্ছন্তি কুলে বিশিষ্টাং ত্যক্তানৃতাস্তানি মহাকুলানি ॥২৪॥
অনিজ্যয়া কুবিবাহৈর্বেদস্যোচ্ছেদনেন চ।
কুলান্যকুলতাং যান্তি ধর্ম্মস্যাতিক্রমেণ চ ॥২৫॥

ভারতকৌমুদী

তপ ইতি। তপো বৈধক্লেশঃ, দম ইন্দ্রিয়দমনম্, ব্রহ্ম বেদস্তদধ্যয়নং তদধ্যাপনঞ্চ যথাসম্ভবম্, বিত্তং যজ্ঞাদ্যুপযোগি ধনম্, বিতানা যজ্ঞাঃ, পুণ্যা নির্দ্দোষাঃ। দোষশ্চ নীচকুলেন সহ কন্যায়া আদানপ্রদানসম্বন্ধঃ। এতে সপ্ত গুণা যেষু সম্যক্ বৃত্তাঃ স্থিতাঃ সন্তো বসন্তি, তানি মহাকুলানি ভবন্তি ॥২৩॥

যেষামিতি। বৃত্তং যাজনাদিব্যবহারঃ, ন ব্যথতে অযাজ্যাদিবিষয়তয়া ন ভ্রশ্যতি, স্ত্রীণাং যোনিশ্চ, ন ব্যথতে পরপুরুষসংসর্গেণ ন ভ্রশ্যতি। ত্যক্তানৃতাস্ত্যক্তমিথ্যাঃ ॥২৪॥

ভারতভাবদীপঃ

অধমলক্ষণমাহ—নেতি। পরেভ্যঃ গুরুভ্যঃ আত্মন্যেব শঙ্কিতঃ বিশ্বাসহীনঃ ॥১৯—২১॥ মহাকুলেভ্য ইতি "স্পৃহেরীপ্সিত" ইতি কর্ম্মণি চতুর্থী ॥২২॥ তপঃ কৃচ্ছ্রচান্দ্রায়ণাদি, দমঃ ইন্দ্রিয়জয়ঃ। ব্রহ্মবিত্তং ব্রাহ্মণস্য ধনং বেদাধ্যয়নং বেদাধ্যাপনঞ্চ। বিতানাঃ যজ্ঞকর্ম্মাণি সম্যগ্‌বৃত্তাশ্চ যে তানি ক্লীবত্বং বিধেয়াপেক্ষয়া মহাকুলানি বিদ্ধি ॥২৩॥ ন ব্যথতে ন চলতি ন যোনিঃ

ধৃতরাষ্ট্র বলিলেন—"বিদুর! দেবতারা এবং ধর্ম্মার্থপরায়ণ ও বহুশ্রুত মানবেরা মহাকুলদিগের যথেষ্ট আদর করিয়া থাকেন; সুতরাং আমি তোমাকে এই বিষয় জিজ্ঞাসা করি যে, কোন্ কোন্ কুল মহাকুলনামে অভিহিত হয়?" ॥২২॥

বিদুর বলিলেন—"তপস্যা, ইন্দ্রিয়দমন, বেদ (বেদাধ্যয়ন বা বেদাধ্যাপন), ধন, যজ্ঞ, পবিত্র বিবাহ এবং সর্ব্বদা অন্নদান, এই সাতটী গুণ যে সকল কুলে সম্পূর্ণ বিদ্যমান থাকে, সেই কুলগুলিই মহাকুলনামে অভিহিত হয় ॥২৩॥

আর যে সকল কুলে মানুষের ব্যবহার ও স্ত্রীচরিত্র ভ্রষ্ট হয় না, মানুষেরা প্রসন্নচিত্তে ধর্ম্মাচরণ করে এবং মিথ্যাত্যাগ করিয়া কুলের বিশিষ্ট কীর্ত্তি ইচ্ছা করে, সেই সকল কুলও মহাকুলনামে অভিহিত হয় ॥২৪॥

(২৩) তপো দমো ব্রহ্মবিত্তং তিতিক্ষা ইজ্যা বিবাহোঃ সাত্ত্বকান্নদানম্। অষ্টাবেতে নিত্যমেবং ভবন্তি সতাং গুণাস্তানি মহাকুলানি ॥—নি। (২৫)…বেদস্যোৎসাদনেন চ—বা ব বা নি।

দেবদ্রব্যবিনাশেন ব্রহ্মস্বহরণেন চ।
কুলান্যকুলতাং যান্তি ব্রাহ্মণাতিক্রমেণ চ ॥২৬॥
ব্রাহ্মণানাং পরিভবাৎ পরিবাদাচ্চ ভারত!।
কুলান্যকুলতাং যান্তি ন্যাসাপহরণেন চ ॥২৭॥
কুলানি সমুপেতানি গোভিঃ পুরুষতোঽর্থতঃ।
কুলসংখ্যাং ন গচ্ছন্তি যানি হীনানি বৃত্ততঃ ॥২৮॥
বৃত্ততস্ত্ববিহীনানি কুলান্যল্পধনান্যপি।
কুলসংখ্যাস্তু গচ্ছন্তি কর্ষন্তি চ মহদ্‌যশঃ ॥২৯॥

ভারতকৌমুদী

অনিজ্যয়েতি। অনিজ্যয়া দর্শাদিনিত্যযাগত্যাগেন, কুবিবাহৈঃ নীচকুলসম্বন্ধেন অবিবাহ্যত্বাদিদোষসংসর্গেণ চ কুৎসিতৈর্বিবাহৈঃ ॥২৫॥

দেবেতি। দেবদ্রব্যবিনাশেন পিত্রাদিদত্তদেবদ্রব্যলোপনেন ॥২৬॥

ব্রাহ্মণানামিতি। পরিভবাৎ তিরস্কারাৎ। ন্যাসো বিশ্বাসান্নিক্ষিপ্তদ্রব্যম্ ॥২৭॥

কুলানীতি। যানি কুলানি, বৃত্ততঃ সদাচারাৎ, হীনানি ভ্রষ্টানি, তানি কুলানি, গোভিঃ, পুরুষতো বহুভির্জনৈঃ, অর্থতো বহুভির্ধনৈশ্চ, সমুপেতানি যুক্তান্যপি সন্তি, কুলস্য সংখ্যাং গণনাং ন গচ্ছন্তি কুলমধ্য এব ন গণ্যন্ত ইত্যর্থঃ ॥২৮॥

বৃত্তত ইতি। বৃত্ততঃ সদাচারাৎ। কর্ষন্তি বলাদাহরন্তি ॥২৯॥

ভারতভাবদীপঃ

পিত্রাদয়োঽপি যেষাং দোষেণ ন ব্যথন্তে কিন্তু গুণৈরেব তুষ্যন্তি ॥২৪—২৬॥ পরিভবাত্তাড়নাৎ, পরিবাদাৎ নিন্দাতঃ ॥২৭॥ গোভির্বাগ্‌ভির্বিদ্যয়েত্যর্থঃ, পুরুষতঃ সৎপুরুষৈঃ অর্থতঃ ধনৈশ্চ কুলানি কুলসংখ্যাং কুলেষু গণনাং সমুপেতানি ভবন্তি ॥২৮॥ বৃত্ততঃ ধর্ম্মেণ

আবার যজ্ঞ না করা, কুৎসিত বিবাহ করা, বেদের উচ্ছেদ করা এবং ধর্ম্ম লঙ্ঘন করা, এই সকল দোষে সৎকুলও নীচকুল হইয়া যায় ॥২৫॥

আর দেবদ্রব্য নাশ করা, ব্রহ্মস্ব হরণ করা এবং ব্রাহ্মণের অপমান করা, এই সকল দোষেও সৎকুল সকল নীচকুল হইয়া যায় ॥২৬॥

ভরতনন্দন! ব্রাহ্মণের তিরস্কার ও নিন্দা এবং গচ্ছিত দ্রব্য অপহরণ, এই গুলিদ্বারা সৎকুলগুলিও নীচকুলতা প্রাপ্ত হয় ॥২৭॥

যে সকল বংশ সদাচারবিহীন, সে সকল বংশ গো, বহুতর লোক এবং প্রচুর ধনসম্পন্ন হইলেও কুলের মধ্যেই গণ্য হয় না ॥২৮॥

আর যে সকল বংশ সদাচারভ্রষ্ট না হয়, সে সকল বংশ অল্পধনযুক্ত হইলেও কুলের মধ্যে গণ্য হয় এবং মহাযশ লাভ করে ॥২৯॥

বৃত্তং যত্নেন সংরক্ষেদ্বিত্তমেতি চ যাতি চ।
অক্ষীণো বিত্ততঃ ক্ষীণো বৃত্ততস্তু হতো হতঃ ॥৩০॥
গোভিঃ পশুভিরশ্বৈশ্চ কৃষ্যা চ সুসমৃদ্ধয়া।
কুলানি ন প্ররোহন্তি যানি হীনানি বৃত্ততঃ ॥৩১॥
মা নঃ কুলেঽবরকৃৎ কশ্চিদস্তু রাজাঽমাত্যো মা পরস্বাপহারী।
মিত্রদ্রোহী নৈকৃতিকোঽনৃতী বা পূর্ব্বাশী বা পিতৃদেবাতিথিভ্যঃ ॥৩২॥
যশ্চ নো ব্রাহ্মণং হন্যাদ্ যশ্চ নো ব্রাহ্মণং দ্বিষেৎ।
ন নঃ স সমিতিং গচ্ছেদ্ যশ্চ নো নির্বপেৎ কৃষিম্ ॥৩৩॥

ভারতকৌমুদী

বৃত্তমিতি। যত্নেন বৃত্তং সদাচারং সংরক্ষেৎ। যেন হি বিত্তং ধনম্, এতি চ যাতি চ। অতএব বিত্ততো ধনবিষয়ে ক্ষীণোঽপি জনঃ, অক্ষীণ এব। কিন্তু বৃত্ততঃ সদাচারাৎ, হতো ভ্রষ্টো জনঃ, হতো নষ্ট এব ॥৩০॥

গোভিরিতি। পশুভিশ্ছাগাদিভিঃ। সুসমৃদ্ধয়া অতিবহুলয়া। কুলানি কুলোৎকর্ষাঃ, ন প্ররোহন্তি ন জায়ন্তে। বৃত্ততঃ সদাচারাৎ ॥৩১॥

মেতি। নঃ অস্মাকং কুলে কশ্চিদপি রাজা অমাত্যো বা, অবরং নিকৃষ্টং কার্য্যং করোতীতি স তাদৃশঃ, মা ন অস্তু; তথা পরস্বাপহারী, মিত্রদ্রোহী, নৈকৃতিকঃ শঠঃ, অনৃতী মিথ্যাবাদী মিথ্যাব্যবহারী বা, পিতৃদেবাতিথিভ্যঃ পূর্ব্বাশী পূর্ব্বভোজী বা মা অস্তু। অতএব স্বমপি পরস্বাপহারী মিত্রদ্রোহী চ মা ভবেতি ভাবঃ ॥৩২॥

ভারতভাবদীপঃ

